The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 894 | 31 October 2025 | শুক্রবার ১৫ কার্তিক ১৪৩২



Tarique may return early December
→ Page 19

Voter turnout surges in NYC mayor's race
→ Page 18






Green-Card Holder Denied Reentry to US Over Past Arrest
→ Page 18

Cuomo's camp believes momentum is on their side
→ Page 19



# তারুণ্যের জোয়ারে ভাসছেন মামদানি

আজকাল রিপোর্ট




নিউইয়র্ক সিটির প্রথম মুসলিম মেয়র প্রার্থী জোহরান মামদানি সমর্থকদের ভালোবাসার অপ্রতিরোধ্য জোয়ারে ভাসছেন। কমিউনিটিতে তাঁর বিজয়ের পদধ্বনি। আগামী ৪ নভেম্বর, মঙ্গলবার চার বছর মেয়াদে ১১১তম মেয়র নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচিত হলে নতুন মেয়র মামদানি আগামী ৩১ ডিসেম্বর তাঁর দায়িত্ব গ্রহণ করবেন। তাঁর প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী সাবেক গভর্নর অ্যান্ড্রু ক্যুমোকে সমর্থন জানিয়েছেন বর্তমান মেয়র এরিক অ্যাডামস। মামদানি মুসলমান প্রার্থী হবার কারণে নিউইয়র্কের ইতিহাসে এবারই প্রথম ঐতিহাসিক এক মেরুকরণ ঘটতে যাচ্ছে বলে বিশ্লেষকগণ মনে করেন। নিউইয়র্কের বিভিন্ন ধর্মীয় জাতি গোষ্ঠি, কমিউনিটির মানুষ মামদানিকে সমর্থন দিয়েছেন দৃঢ়তার সাথে। বাংলাদেশি কমিউনিটির বিশিষ্ট ব্যবসায়ি, কমিউনিটির লিডার, এক্টিভিস্টগণ মামদানির পক্ষে সমর্থন দিয়ে চলেছেন শুরু থেকে। নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকুল, মূলধারায় প্রভাবশালি বর্ষিয়ান রাজনীতিক সিনেটর বার্ণি সেন্ডারস, কংগ্রেসওম্যান ওকাসিয়া কর্তেজ উদারভাবে মামদানির পাশে এসে দাঁড়িয়েছেন। হাজার হাজার তরুণ তরুণি মামদানির জন্য অবিরাম কাজ করছেন। তারুণ্যের জোয়ারে মামদানি আগামী ৪ নভেম্বর নতুন এক ধারার সূচনা করতে যাচ্ছেন বলে তাঁর ভোটাররা আশাবাদি। ডেমোক্র্যাট দলীয় প্রার্থী প্রাইমারীর পরই নির্ধারিত হয়ে যায় যে কে পরবর্তী মেয়র নির্বাচিত হতে যাচ্ছেন। সে হিসেবে ৪ নভেম্বর মেয়র

এরপর ৩৬ পৃষ্ঠায়



## মামদানির ঐতিহাসিক সমাবেশ
# 'এনওয়াইসি নট ফর সেল'

আজকাল রিপোর্ট

'এনওয়াইসি নট ফর সেল' যার বাংলা অর্থ দাঁড়ায় 'নিউইয়র্ক সিটি বিক্রির জন্য নয়'। মামদানির ঐতিহাসিক সমাবেশে হাজার হাজার মানুষের এই স্লোগানে মুখরিত ছিল স্টেডিয়াম। মামদানি

এরপর ৪৫ পৃষ্ঠায়

# দেশে নির্বাচন না গৃহযুদ্ধ!

মাসুদ করিম, *ঢাকা থেকে*

বাংলাদেশে আগামী নির্বাচনের তফসিল ঘোষণার আগেই রাজনীতিতে অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ভোটের দিনক্ষণ এগিয়ে আসার সঙ্গে সঙ্গে পরিস্থিতি ক্রমেই ঘোলাটে হচ্ছে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, নির্বাচন বানচাল করার জন্যে দেশী-বিদেশী চক্র সক্রিয় রয়েছে। নির্বাচন নিয়ে চলছে নানামুখি ষড়যন্ত্র। থমকে যাচ্ছে নির্বাচনী

এরপর ২৬ পৃষ্ঠায়

# বাংলাদেশ সোসাইটির সুবর্ণজয়ন্তী ২ নভেম্বর

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বাংলাদেশীদের একমাত্র আমব্রেলা সংগঠন 'বাংলাদেশ সোসাইটি'র সুবর্ণ জয়ন্তী পালিত হবে আগামী ২ নভেম্বর, রোববার। গৌরবের ৫০ বছরের অনুষ্ঠানটি

এরপর ৪৫ পৃষ্ঠায়




বিশিষ্ট ব্যবসায়ী, মূলধারার রাজনীতিক ও শাহ নেওয়াজ গ্রুপের প্রেসিডেন্ট শাহ নেওয়াজ কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির বাৎসরিক নৈশভোজ সভায় যুক্তরাষ্ট্রের রাজনৈতিক পরিস্থিতি ও ৪ নভেম্বরের নির্বাচন নিয়ে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত?
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1212065

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

ড. মাহবুব উল্লাহ্-এর কলাম প্রফেসর ইউনূস ভেবে দেখবেন কি
১২ পৃষ্ঠায়



শহীদুল্লাহ ফরায়জী-এর কলাম জুলাই সনদ ও এনসিপি: এক ঐতিহাসিক ট্র্যাজেডি
০৬ পৃষ্ঠায়



রাজু আহমেদ-এর কলাম খাটের খবর হাটে বিক্রি!
০৫ পৃষ্ঠায়








# আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশনের অভিষেক ২৪ নভেম্বর

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে ব্রঙ্কস কেন্দ্রিক সংগঠন আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন ইনকের সভা গত ২৭ অক্টোবর ব্রঙ্কসের স্টারলিন বাংলাবাজারের এশিয়ান ড্রাইভিং স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় আগামী ২৪ নভেম্বর গোল্ডেন প্যালেস মিলনায়তনে নতুন কার্যকরী কমিটির অভিষেক অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্তহয়।

সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আব্দুস শহীদ। সাধারণ সম্পাদক শেখ জামাল হোসেনের সঞ্চালনায় সংগঠনের কার্যকরী কমিটির নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

এরপর ৪৫ পৃষ্ঠায়



# ৫৪ ভারতীয়কে শিকল বেঁধে ডিপোর্ট

আজকাল রিপোর্ট

অবৈধভাবে প্রবেশের অভিযোগে ভারতের হরিয়ানা রাজ্যের ৫৪ জন নাগরিককে ডিপোর্ট করেছে যুক্তরাষ্ট্র। এ সময় শিকলে তাদের পা বাঁধা ছিল। গত ২৬ অক্টোবর নয়াদিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল-৩-এ তাদের বহনকারী ফ্লাইটটি অবতরণ করে।

ভারতীয় পুলিশ জানায়, ফেরত পাঠানো এসব তরুণ যুক্তরাষ্ট্রে প্রবেশের সময় তথাকথিত 'ডানকি রুট' ব্যবহার করেছিলেন। এই রুটের মাধ্যমে

এরপর ৩৮ পৃষ্ঠায়

## ডিনারে ভারতের যুদ্ধ নিয়ে ট্রাম্প

# সাতটি নতুন বিমান ভূপাতিত করে পাকিস্তান

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প মঙ্গলবার ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সরকারকে নিয়ে আবারও কটাক্ষ করেছেন। তিনি বলেন, পাকিস্তানের সঙ্গে গত মে মাসের সংঘর্ষে ভারতের সাতটি নতুন যুদ্ধবিমান গুলি করে নামানো হয়। এটা মোদি সরকারের জন্য 'একটি বড় লজ্জাজনক পরাজয়'। ট্রাম্প দাবি করেন, তিনি ব্যক্তিগতভাবে হস্তক্ষেপ না করলে এই সংঘর্ষ পারমাণবিক যুদ্ধে রূপ নিতে পারত। এ খবর দিয়েছে অনলাইন জিও নিউজ। জাপানে ব্যবসায়ী নেতাদের সঙ্গে এক ডিনারে বক্তৃতা দেয়ার সময় ট্রাম্প বলেন, তিনি যে বহু যুদ্ধ বন্ধ করেছেন তার নেপথ্যে কারণ তার আরোপিত বাণিজ্য শুল্ক। তার ভাষায়, আমি বিশ্বের জন্য দারুণ একটা কাজ করেছি। যদি আপনি ভারত ও পাকিস্তানের দিকে তাকান, তারা তখন যুদ্ধের মুখে ছিল। পাকিস্তান সাতটা একদম নতুন, দারুণ সুন্দর বিমান গুলি করে নামানো হয়। আমি ভারতের প্রধানমন্ত্রী মোদিকে এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী (শেহবাজ শরিফ)- খুবই ভদ্র, ভালো মানুষ এবং ফিল্ড মার্শাল (অসিম মুনির) তাকেও বলেছিলাম, 'দেখো, তোমরা যদি যুদ্ধ করো, তাহলে কোনো বাণিজ্য হবে না।'

ট্রাম্প যোগ করেন, আমি বলেছিলাম, 'যদি লড়াই করো, তাহলে আমরা কোনো চুক্তি করব

এরপর ৩৮ পৃষ্ঠায়



# মেরী জোবাইদার ফান্ড রেইজিং

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক স্টেটের অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট ৩৬-এর আসন্ন নির্বাচনে অ্যাসেম্বলী সদস্য পদপ্রার্থী মেরী জোবাইদার ফান্ড রেইজিং অনুষ্ঠান সম্প্রতি এস্টোরিয়ার হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্টে আয়োজিত হয়। অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশী কমিউনিটির বিশিষ্ট ব্যক্তির বাংলাদেশী কমিউনিটিসহ অন্যান্য কমিউনিটির যোগ্য প্রতিনিধি হিসেবে তাকে নির্বাচিত করার আহ্বান জানিয়েছেন।

এরপর ৩৪ পৃষ্ঠায়



# জালালাবাদ এসোসিয়েশনের উদ্যোগে এনআইডি বিষয়ে মতবিনিময় সভা

আজকাল রিপোর্ট

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকে উদ্যোগে ও কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, নিউইয়র্কের সহায়তায় প্রবাসীদের ভোটাধিকার ও যুক্তরাষ্ট্র থেকে জাতীয় পরিচয় পত্র আবেদন সহায়তা ও মতবিনিময় সভা ২৪ অক্টোবর ব্রঙ্কসের গোল্ডেন প্যালেসে অনুষ্ঠিত হয়েছে।

সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোরুল হাকিমের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি বদরুল খান। প্রধান অতিথি ছিলেন কনস্যুলেট জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক ও বিশেষ

এরপর ৩৪ পৃষ্ঠায়

# জালালাবাদ ল' সোসাইটির নুরুল ইসলাম ময়নুলের বিদায় সংবর্ধনা

আজকাল রিপোর্ট

জালালাবাদ ল' সোসাইটি ইউএসএ-এর সাংগঠনিক সম্পাদক নুরুল ইসলাম ময়নুলের মিশিগান যাত্রা উপলক্ষে সংগঠনটির পক্ষ থেকে এক বিদায় সংবর্ধনা গত ২৭ অক্টোবর জ্যাকসন হাইটসের একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জালালাবাদ ল' সোসাইটির সভাপতি এডভোকেট এমাদ উদ্দিন। সাধারণ সম্পাদক এডভোকেট সুফিয়ান আহমদ চৌধুরীর উপস্থাপনা ও পরিচালনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা এডভোকেট শাহ ফরিদ আহমদ ও এডভোকেট আব্দুল ওয়াহিদ, সহ-সাধারণ সম্পাদক এডভোকেট আব্দুস শহীদ আজাদ, বিদায়ী সাংগঠনিক সম্পাদক এডভোকেট

এরপর ৩৪ পৃষ্ঠায়




# বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের দোয়া মাহফিল অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস ইনকের ধর্ম ও সমাজকল্যাণ সম্পাদক সফিকুর রহমানের একমাত্র ছেলের শাহেদ রহমানের মৃত্যুতে সংগঠনের পক্ষ থেকে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত ২৮ অক্টোবর স্টারলিন বাংলাবাজারের গোল্ডেন প্যালেস মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি শামীম আহমেদ।

সম্প্রীতি জাপান ভ্রমণে ইগোশিমা সিটির লেকের পানিতে ডুবে মর্মান্তিক মৃত্যু হয় শাহেদ রহমানের। তিনি সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর

এরপর ৩৮ পৃষ্ঠায়

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
- Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

Design & Print by: ihopeprint.com, 929-538-7903

সম্পাদকীয়

# রেমিট্যান্স বাংলাদেশের বৈদেশিক মুদ্রার প্রধান উৎস

বাংলাদেশ ও জাপানের মধ্যে রয়েছে একটি দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ, সহযোগিতামূলক এবং পারস্পরিক শ্রদ্ধাভিত্তিক সম্পর্ক। স্বাধীনতার পর ১৯৭২ সালের ১০ ফেব্রুয়ারি জাপান বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে এবং সে বছরই দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয়। এরপর থেকেই জাপান বাংলাদেশের অন্যতম ঘনিষ্ঠ উন্নয়ন সহযোগী হিসেবে ভূমিকা পালন করে আসছে। দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক দিন দিন সম্প্রসারিত হচ্ছে। বাংলাদেশ জাপানে তৈরি পোশাক, চামড়াজাত পণ্য, ওষুধ এবং কৃষিপণ্য রপ্তানি করে আর জাপান থেকে আমদানি করে উন্নত যন্ত্রপাতি, গাড়ি, ইলেকট্রনিক সামগ্রী ও প্রযুক্তি। বাংলাদেশের জন্য জাপান একটি সম্ভাবনাময় বাজার, বিশেষ করে পোশাক ও আইটি সেক্টরে। জাপান বাংলাদেশের মানবসম্পদ উন্নয়ন ও শিক্ষা খাতে অবদান রাখছে। প্রতি বছর বহু বাংলাদেশি শিক্ষার্থী ও গবেষক জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা এবং গবেষণার সুযোগ পান। জাপানি ভাষা শিক্ষা, সাংস্কৃতিক বিনিময় এবং কারিগরি প্রশিক্ষণ কর্মসূচিগুলো দুই দেশের মানুষের মধ্যে ঘনিষ্ঠতা বাড়াচ্ছে।

> এ খাতে কিছু সমস্যা ও চ্যালেঞ্জও রয়েছে। অনেক শ্রমিক অবৈধ পথে বা যথ যথ প্রশিক্ষণ ছাড়া বিদেশে যায়, ফলে তারা শোষণের শিকার হয়। আবার মধ্যপ্রাচ্যনির্ভর রেমিট্যান্স অর্থনীতিকে মাঝেমধ্যে এক ধরনের ঝুঁকির মধ্যে ফেলে। কারণ, মধ্যপ্রাচ্য বা অন্যান্য অঞ্চলে রাজনৈতিক অস্থিরতা দেখা দিলে রেমিট্যান্স প্রবাহ হ্রাস পায়। তাই আমাদের উচিত হবে এ বিষয়ে একটি রোডম্যাপ তৈরি করা, যাতে এ খাত আরও বিস্তৃত করা যায়

আগামী পাঁচ বছরে বাংলাদেশ থেকে এক লাখের বেশি দক্ষ কর্মী নেবে জাপান। কর্মী নিয়োগের এ অগ্রগতি জানাতে জাপানের ন্যাশনাল বিজনেস সাপোর্ট কম্বাইন্ড কো-অপারেটিভসের (এনবিসিসি) ২৩ সদস্যের একটি প্রতিনিধিদল প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেছে। সোমবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এ সাক্ষাৎ হয়। এ সময় প্রবাসী কল্যাণ ও কর্মসংস্থান উপদেষ্টা ড. আসিফ নজরুল ও প্রধান উপদেষ্টার কার্যালয়ের এসডিজিবিষয়ক মুখ্য সমন্বয়ক লামিয়া মোরশেদ উপস্থিত ছিলেন। এনবিসিসি হলো ৬৫টির বেশি কোম্পানির একটি জাপানি ব্যবসায়িক ফেডারেশন, যারা সম্প্রতি দক্ষ বাংলাদেশি কর্মী নিয়োগের সুবিধার্থে এ দেশের সঙ্গে একটি সমঝোতা স্মারক (এমওআই) স্বাক্ষর করেছে। এ চুক্তির লক্ষ্য জাপানে বাংলাদেশিদের প্রশিক্ষণ, সার্টিফিকেশন এবং কর্মসংস্থানের জন্য একটি কাঠামো প্রতিষ্ঠা করা, যার মাধ্যমে আগামী পাঁচ বছরে টেকনিক্যাল ইন্টার্ন ট্রেনিং প্রোগ্রাম (টিআইটিপি) এবং স্পেসিফাইড স্কিলড ওয়ার্কার্সের (এসএসডব্লিউও) মতো কর্মসূচির আওতায় এক লাখের বেশি কর্মী নিয়োগ করা হবে।

বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন উন্নয়নশীল দেশে প্রবাসী শ্রমিকরা অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। তারা শুধু নিজেদের জীবিকা নির্বাহের পথ খুলে দেয় না, বরং দেশের অর্থনীতিতেও এক বিশাল অবদান রাখে। তাদের পাঠানো অর্থ অর্থাৎ, রেমিট্যান্স আজ বাংলাদেশের বৈদেশিক মুদ্রার অন্যতম প্রধান উৎস। বিদেশে কর্মরত শ্রমিকদের পাঠানো অর্থ দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ সমৃদ্ধ করছে। এই রিজার্ভ থেকেই সরকার বিভিন্ন আন্তর্জাতিক বাণিজ্যিক দেনা, ঋণ পরিশোধ এবং পণ্য আমদানির খরচ মেটাতে পারছে। অনেক সময় রেমিট্যান্সই দেশের মুদ্রার স্থিতিশীলতা বজায় রাখে, টাকার মান ধরে রাখে এবং আমদানি ব্যয় নিয়ন্ত্রণে সাহায্য করে। রেমিট্যান্স গ্রামীণ অর্থনীতিতে নতুন গতি সঞ্চার করে। বিদেশে থাকা শ্রমিকরা তাদের পরিবারের কাছে অর্থ পাঠালে সেই টাকা দিয়ে পরিবারগুলো জমি ক্রয়, বাড়িঘর নির্মাণ, কৃষিকাজে বিনিয়োগ, কিংবা ছোট ব্যবসা শুরু করে। ফলে স্থানীয় উৎপাদন বৃদ্ধি পায়, কর্মসংস্থান বাড়ে এবং গ্রামীণ দারিদ্র্য কমে আসে।

এ খাতে কিছু সমস্যা ও চ্যালেঞ্জও রয়েছে। অনেক শ্রমিক অবৈধ পথে বা যথাযথ প্রশিক্ষণ ছাড়া বিদেশে যায়, ফলে তারা শোষণের শিকার হয়। আবার মধ্যপ্রাচ্যনির্ভর রেমিট্যান্স অর্থনীতিকে মাঝেমধ্যে এক ধরনের ঝুঁকির মধ্যে ফেলে। কারণ, মধ্যপ্রাচ্য বা অন্যান্য অঞ্চলে রাজনৈতিক অস্থিরতা দেখা দিলে রেমিট্যান্স প্রবাহ হ্রাস পায়। তাই আমাদের উচিত হবে এ বিষয়ে একটি রোডম্যাপ তৈরি করা, যাতে এ খাত আরও বিস্তৃত করা যায়।

# খালেদের বয়ান জুলাই যোদ্ধাদের জন্য নয়

মেহেদি হাসান পলাশ



ফাঁসির পূর্বে জেএমবি নেতাদের কাছে যখন কারা কর্মকর্তা বিধি অনুযায়ী তাদের শেষ ইচ্ছের কথা জানতে চাইলেন, তখন তারা সবাই গণমাধ্যমের সাথে কথা বলতে ইচ্ছা প্রকাশ করেছিলেন। তাদের এই অদ্ভুত ইচ্ছে পূরণের ক্ষমতা কারা কর্তৃপক্ষের হাতে ছিল না। তারা সরকারের উর্ধ্বতন মহলে বিষয়টি জানায়। আমি তখন জঙ্গিবাদ নিয়ে ব্যাপকভাবে গবেষণা করছিলাম। ফলে এ সংক্রান্ত রাষ্ট্রীয় ব্যক্তিবর্গের সাথে আমার যোগাযোগ হতো। তাদের কাছ থেকে বিষয়টি জানতে পারি। আমি তাদেরকে অনুরোধ করি, বেশ কিছু বিশ্বস্ত টিভি চ্যানেলের সাংবাদিকদেরকে আমন্ত্রণ জানানোর জন্য। লক্ষ্য ছিল, ফাঁসির পূর্বে যদি তারা যদি আত্মোপলব্ধি থেকে জঙ্গিবাদের বিরুদ্ধে অথবা এভাবে জীবন শেষ না করার বিষয়ে কোনো কথা বলে সেগুলো জঙ্গিবাদ মোকাবেলায় কাজে লাগানো যেতে। কিন্তু শুনেছিলাম, টিভি ক্যামেরা পাওয়ার পরে তারা, ওঁইয়া আইয়ুহাল্লাজিনা... বলে কোরআন ও হাদিসের আয়াত দিয়ে জঙ্গিবাদের পক্ষে নানা যুক্তি ও প্রমাণ দিয়ে তাদের নিজেদের কাজগুলোকে জাস্টিফাই করলেন সবাই। অন্যদেরকেও এ পথে আসার আহ্বান জানালেন। ফলে সেই ভিডিও আর প্রচার করা সম্ভব হয়নি।

আমরা গণমাধ্যম, আমরা স্বাধীন। পৃথিবীর কোন স্বাধীনতাই শর্তহীন নয়। আমাদের সংবিধানে গণমাধ্যমকে স্বাধীনতা দেয়া হয়েছে কতকগুলো শর্তাধীনে। সারা বিশ্বেই একই ব্যবস্থা। এমনকি সোশ্যাল মিডিয়াতেও আপনি যা খুশি তাই লিখতে পারেন না। কমিউনিটি গাইডলাইনসহ নানা বিষয়ে আপনাকে সেখানে বারিত করবে।

খালেদ মহিউদ্দিন দীর্ঘদিন জার্মানিতে ছিলেন। তার জানার কথা, সেখানকার গণমাধ্যমে চাইলেও তিনি নাৎসিবাদের পক্ষে জনমত সৃষ্টিকারী কোন বয়ান প্রকাশ করতে পারবেন না। এখন আমেরিকাতে আছেন, সেখানেও তিনি চাইলে কাশেম সোলাইমানি বা ইসমাইল হানিয়ার মত কোন ব্যক্তির আন এডিটেড সাক্ষাৎকার বা বক্তব্য প্রচার করতে পারবেন না গণমাধ্যমে। এমনকি ইরান, উত্তর কোরিয়া, ভেনিজুয়েলার মত রাষ্ট্রের নেতাদের মার্কিন বিরোধী পুরো বক্তব্য আন এডিটেড প্রচার করতে পারবেন না। কিছু অংশ হয়তো পারবেন, পুরোটা নয়।

> সকল রাজনৈতিক দল একসাথে এক মঞ্চে দাঁড়িয়ে ফ্যাসিবাদের বিরুদ্ধে তাদের ঐক্য অটুট রাখার অঙ্গীকার করেছে। এই বাংলাদেশ আর কখনোই কোনো ফ্যাসিবাদের পক্ষে বয়ান গ্রহণ করবে না। ৩৬ জুলাই এক সাগর রক্তের পথ পেরিয়ে যে গণতান্ত্রিক মুক্তি অর্জিত হয়েছে, সেই বাংলাদেশ অতীত, বর্তমান বা ভবিষ্যৎ কোন ফ্যাসিবাদের বয়ান আর গ্রহণ করতে প্রস্তুত নয়

পৃথিবীতে যার যত ক্ষমতা, তাকে তত নিয়ন্ত্রিত হতে হয়। যার যত স্বাধীনতা, তাকে তত দায়িত্বশীল হতে হয়। তা না হলে সমাজে বিশৃঙ্খলা ও নৈরাজ্য ছড়িয়ে পড়ে। গণমাধ্যমের বিপুল ক্ষমতা ও স্বাধীনতা রয়েছে বলেই গণমাধ্যমকে সবচেয়ে বেশি দায়িত্বশীল আচরণ করতে হয়। খ্যাতিমান সাংবাদিক খালেদ মহিউদ্দিন পতিত ফ্যাসিস্ট শেখ হাসিনার সাক্ষাৎকার প্রচারের প্রবল আগ্রহ প্রকাশ করেছেন। এমনকি তিনি বেআইনিভাবেও এটি প্রচার করতে চান। এর জন্য তিনি জেলে যাওয়ার ঝুঁকি নিতেও কুণ্ঠিত নন।

তিনি বর্তমানে আমেরিকাতে হাসিনা সরকারের একজন এমপির গণমাধ্যমে চাকরি করছেন। তার পক্ষে এটি চাওয়া খুব কঠিন নয়। দেশে থাকতেও তিনি আওয়ামী অলিগার্ক ও লুটেরাদের টপ লিডার সালমান এফ রহমানের গণমাধ্যমে কাজ করতেন। বাংলাদেশকে এইভাবে ফোকলা করে দেয়া নিয়ে ২৩৪ বিলিয়ন ডলার লুট করে পাচার করা নিয়ে তাকেও কোনদিন কোন টক শো করতে দেখিনি সেসময়। বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূখণ্ড তালপট্টি দ্বীপকে ভারতের হাতে ছেড়ে দিয়ে সারা দেশে যখন সমুদ্র বিজয়ের ডঙ্কা বাজিয়েছিল শেখ হাসিনা, তখন তিনি প্রশ্ন প্রশ্ন করেননি, তালপট্টি দ্বীপের দাবি কেন ছেড়ে দেয়া হলো? কেন আমাদের আবেদনেই তালপট্টি দ্বীপের মালিকানার দাবি ছিল না? তালপট্টি দ্বীপ যদি ডুবে গিয়েই থাকে তাহলে ভারত কেন তার মালিকানা দাবি করল? গুগল ম্যাপে স্যাটেলাইট ভিউ দিয়ে যে কেউ চেক করে দেখতে পারেন, শুধু একটি নয়, পুরনো তালপট্টি দ্বীপের পাশে আরো একটি ছোট তালপট্টি দ্বীপ জেগে উঠছে, ভারতীয়রা যাকে ডাকে নিউমুর দ্বীপ নামে।

খালেদ মহিউদ্দিন, শেখ হাসিনার সাক্ষাৎকার নিয়ে কী প্রচার করতে চান? তাকে যত কঠিন প্রশ্নই করুন, তার অপরাধের যত তথ্য-প্রমাণ সামনে এনে হাজির করুন, তিনি এর কোন কিছুই স্বীকার করবেন না বরং উল্টে সবকিছু তার প্রতিপক্ষের ঘাড়ে চাপিয়ে দেবেন। তার সকল অপরাধ অস্বীকার করার বয়ান, প্রতিপক্ষের ঘাড়ে দোষ চাপানোর বয়ান- এগুলো প্রচার করতে চান? আবু সাঈদ কে পুলিশ নয় আন্দোলনকারীই হত্যা

এরপর ২৪ পৃষ্ঠায়

# জুলাই বিপ্লব ও সাংবাদিক খালিদ মহিউদ্দিনের সাংবাদিকতার মানদন্ড!

ড. মোহাম্মদ ইমরান আনসারি

সাংবাদিক খালেদ মহিউদ্দিন সোস্যাল মিডিয়ার বদৌলতে এতই উপচে পড়া জনপ্রিয় হয়েছেন যে তাঁর ব্যাপারে কোনো কিছু লিখতে ভয় হয়। কি ভাল কি বাম তিনি সকলের প্রিয়ভাজন। কিন্তু জুলাই বিপ্লবের বছর না যেতেই, রক্তের দাগ না শুকাতেই আওয়ামী সকট পাওয়ার হিসেবে কত সুক্ষ্মভাবে তিনি বিপ্লবকে আঘাত করতে পারলেন, কত সুক্ষ্মভাবে তিনি ভারতীয় ফ্যাসিবাদি ন্যারেটিভকে রক্তস্নাত ঢাকায় ফেরি করতে পারেন তা শুনেই অনেকটাই হতাশ, আবার আতঙ্কিতও বটে। অনেকক্ষণ ভাবার পর আমার সামনে দু'টি পর্যবেক্ষণ সামনে এসেছে।

প্রথমত: নিউইয়র্কের মিডিয়া পাড়ায় একটি কথা চাউর হয়েছিল আওয়ামী পয়সায় খালেদ মহিউদ্দিন ডয়েচে ভেলে ছেড়ে নিউ ইয়র্কে পাড়ি জমিয়েছেন নতুন মিডিয়া করবার জন্য। আমার এখন মনে হচ্ছে- চাউর হওয়া কথার সত্যতা মিলতে শুরু করেছে। আমি ব্যক্তিগত আলাপে অনেককেই বলেছিলাম ডয়েচে ভেলে ছেড়ে খালেদ মহিউদ্দিন একটি সাপ্তাহিক পত্রিকার অনলাইন প্লাটফর্মে কাজ করতে এসেছেন? এটি বিশ্বাসই হচ্ছে না। নিউ ইয়র্কের এক সহকর্মী বললেন মাসে যেখানে অন্য সাংবাদিকরা ১৬০০ ডলার পেতে কষ্ট করতে হয় সেখানে খালেদ মহিউদ্দিন ১০ হাজার ডলার পেলে কেন সে নিউ ইয়র্কে আসবে না। আর এখানেই ডাল মে কুচ কালা হ্যায়। যেখানে ঠিকানা সাপ্তাহিক ফ্রি পত্রিকা হওয়ায় নিজেই যখন কয়েকটি সাপ্তাহিক পত্রিকার সাথে প্রতিযোগিতা করছে টিকে থাকবার জন্য, সেখানে খালেদ মহিউদ্দিনকে যুক্তরাষ্ট্রে ৩ হাজার ডলারের একটি বাসা, সাথে মাসে ১০ হাজার ডলার বেতন দিয়ে একটি সাপ্তাহিক পত্রিকা কেন তাঁকে সাংবাদিক হিসেবে নিয়োগ দেবে। যেখানে পত্রিকাটির অন্যসব সাংবাদিক ও কর্মকর্তাদের বেতন সবমিলিয়ে ১০ হাজারের বেশি না। আপনি হয়তো বলতে পারেন, পত্রিকা মনে করেছে, তাই দিচ্ছে এখানে আমার প্রশ্ন তোলার কি আছে। কিন্তু নিউইয়র্কে একটি সাপ্তাহিক পত্রিকার আয় কত এবং কিভাবে আয় করতে হয় তা কারো অজানা নয়। সুতরাং এই যে বিশাল অংকের অর্থ ব্যয় হচ্ছে এটির উৎস হচ্ছে বাংলাদেশ থেকে আসা অবৈধ অর্থ । অন্যথায় এটি ইনভেস্টিগেশনের দাবী রাখে।



দ্বিতীয়ত: এ মুহূর্তে দেশে গিয়ে খালেদ মহিউদ্দিনের ফ্যাসিস্ট হাসিনার সাক্ষাৎকার নিতে তিনি যে জেলে যাবার ঝুঁকিও নেবেন বলে মত প্রকাশ করেছেন - এটি হচ্ছে তাঁর মৌচাকে ঢিল মারার কৌশল। যাতে করে তিনি দেশে হামলার স্বীকার হন কিংবা মামলার মুখোমুখি হন। বিনিময়ে যুক্তরাষ্ট্রে মিলবে স্থায়ী আশ্রয়। এক ঢিলে অনেক পাখি মারার কৌশল। সাংবাদিক খালেদ মহিউদ্দিন শুধু এখানেই থামেন নি তিনি জুলাই বিপ্লবকে, হাসনাত, সার্জিসদের যে অঙ্গভঙ্গিতে ব্যঙ্গ করেছেন এরপর তাঁকে ফ্যাসিষ্ট এর সহযোগী ছাড়া আর কি বলা যেতে পারে। এটি প্রথমেই ট্রেস করেছেন প্রফেসর ড. আলী রীয়াজ। তিনি টকশোতে খালেদ মহিউদ্দিনকে ধমকের সুরে বলেছিলেন , আপনার কথাতো ফ্যাসিস্টদের সাথে মিলে যায়। দুনিয়া জুড়ে সাংবাদিকতা ও গণমাধ্যমের নীতিমালা হচ্ছে সাংবাদিক ও সংবাদমাধ্যম গনতন্ত্র ও মানবাধিকারের পক্ষে কথা বলবে। যেখানে খালেদ মহিউদ্দিনের ষ্ট্যান্ড হবার কথা ছিল জুলাই হত্যাকান্ডের বিচার। সেখানে তিনি প্রধান আসামীর সাক্ষাৎকার নিতে মরিয়া। যাতে তাঁর সাক্ষাৎকারের পর আরো দেশে গোলযোগ লাগে।

খালেদ মহিউদ্দিন যদি এতই পেশাদার সাংবাদিক হয়ে থাকেন তিনি কেন ডয়েচে ভেলেতে তারেক রহমানের সাক্ষাতকার প্রচার করেন নি। ডয়েচে ভেলেতো বাংলাদেশি কোনো মিডিয়া ছিল না। ওই সময় তাঁর সাংবাদিকতার এথিকস কোথায় লুঁকিয়ে ছিল।

এখন আসি মূল আলাপে। খালেদ মহিউদ্দিনরা ফ্যাসিবাদের কণ্ঠস্বর এই জন্যই হয় কারণ এতে তাদের জীবিকায় টান পড়ে না। বরং একের পর এক আসে তাদের পেছনে বড় বড় পুঁজি। আর এ পুঁজি যে শুধু আওয়ামী লীগ ঢালে তা নয়। এতে বিএনপি জামাতও জাতে উঠার জন্য শরিক হন। বিএনপি জামাত মনে করে জাতীয়তাবাদীরা মিডিয়াটা আসলে বুঝে না। সব বুঝে বাম ও আওয়ামী পন্থীরা। বিএনপির আমলে প্রতিষ্ঠিত প্রথম সংবাদ ভিত্তিক চ্যানেল সিএসবির নেতৃত্বে কারা ছিলেন, কিংবা জুলাই বিপ্লবের পর চ্যানেল ওয়ানের নেতৃত্ব কাদের হাতে গেছে তা দেখলেই এর উত্তর ঠিকঠাক মতো পেয়ে যাবেন। জুলাই বিপ্লবের পর জাতীয়তাবাদী ধারার কিছু সাংবাদিক কয়েকটি গণমাধ্যমের দায়িত্ব নিয়েছেন। এখন তাদেরকে সরাতে মরিয়া জাতীয়তাবাদী ইসলামি মূল্যবোধের লোকজনেরা। জেঁকে বসা ফ্যাসিবাদিরা বিভিন্ন কায়দায় প্রশ্ন তুলছেন যাকে দায়িত্ব দিয়েছেন ওর তো হেড অব নিউজ হবার এক্সপেরিয়েন্স নেই। আরে ভাই হেড অব নিউজ হবার সুযোগ পাইলেই না তাঁর এক্সপেরিয়েন্স হতো। এক বছর গেছে , আরো এক বছর যেতে দেন তাঁর পরই না যাচাই করবেন জাতীয়তাবাদীরা পারছে কিনা। বাংলাদেশ এমন একটি যায়গা যেখানে ফ্যাসিষ্টদের পক্ষে কথা বললে , মানবাধিকারের বিপক্ষে কথা বললে আপনি প্রগতিশীল সনদ পাবেন। বিনিময়ে চাকুরি যাবার

এরপর ২৪ পৃষ্ঠায়

> এইতো সেদিন জাতিসংঘে প্রধান উপদেষ্টার জাতিসংঘ সফরে বিএনপির মহাসচিব খালেদ মহিউদ্দিনকে একান্তে সাক্ষাতকার দিয়ে প্রীত হয়েছেন। অথচ দীর্ঘ দিন বিএনপি বীট করার পরও কয়েকটি টেলিভিশিনের সাংবাদিকরা মীর্জা সাহেবের সাক্ষাতের কুল কিনারা করতে না পেরে উষ্মা প্রকাশ করতে দেখলাম হোটেল লবিতে। এই রুঢ় বাস্তবতার কারণেই বারবার উন্মাদ আর দাম্ভিকদের আস্ফালন দেখতে পাই। ভাল থেকো বাংলাদেশ

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# জামায়াত আমিরের পাঁচ ঘণ্টার কর্মদিবস আদতে নারীর গায়েবি শিকল

আবদুল বাছেদ

মানুষ সহজ সমাধান পছন্দ করে, বিশেষ করে, যখন সেটিতে অল্প পরিশ্রমে বা বিনিয়োগে অধিক মুনাফা পাওয়া যায়। ধরুন, একটি দেশে ব্যাপক বেকারত্বের সমস্যা, সে দেশের যুবকদের দ্রুত ধনবান হওয়ার উপায় বাতলে দিয়ে আপনি নিজ স্বার্থ হাসিল করতে পারেন। বাংলাদেশেও অবশ্য পেরেছেন অনেকেই- তেসটিনি, ইতালি থেকে শুরু করে সমুদ্রপথে বিদেশযাত্রার মধ্যস্থতাকারী বা দালালেরা।

সম্প্রতি বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান নারীদের জন্য তেমনই স্বল্প পরিশ্রমে অর্থ উপার্জনের এক লোভনীয় প্রস্তাব হাজির করেছেন, সঙ্গে দিয়েছেন কিছু মায়া-মমতার প্রলেপ। তিনি বলেছেন, জামায়াত ক্ষমতায় গেলে অফিস-আদালতে নারীদের কর্মদিবস পাঁচ ঘণ্টার হবে। এটি ইশতেহার নাকি সুপারশপের সুপার ডিসকাউন্ট, তা ঠাহর করা মুশকিল।

জামায়াত আমিরের কথা শুনে অনেকে হয়তো ভাবছেন, আহা, কী মানবিক প্রস্তাব! নারীরা সন্তান ও সংসারের জন্য বেশি সময় পাবেন। কিন্তু এই 'সহমর্মিতা' আসলে এক চোরাবালি, যা নারীর কর্মজীবন, অর্থনৈতিক স্বাধীনতা ও মর্যাদাকে গ্রাস করবে: তাঁকে বন্দী করে ফেলবে গায়েবি এক শিকলে।

কর্মসংস্থানের দুনিয়া আবেগে চলে না, এটি চলে সময়, শ্রম, দক্ষতা ও মুনাফার মাপকাঠিতে। যদি রাষ্ট্রই ঘোষণা দেয়, নারীরা দিনে পাঁচ ঘণ্টা কাজ করবেন, তাহলে নিয়োগকর্তার চোখে তাঁরা 'কম দায়বদ্ধ' কর্মী হয়ে যাবেন। ফলে ভালো চাকরির সুযোগ, পদোন্নতি, এমনকি কর্মস্থলে সম্মান- সবকিছু থেকে ধীরে ধীরে নারীরা বাদ পড়বেন।

সমাজবিজ্ঞানী শেলি কর্নেল বিষয়টিকে ব্যাখ্যা করেছেন 'মাদারহুড পেনালটি' বা 'মাতৃত্বের শাস্তি' নামে। তত্ত্বটি বলে, একজন নারী যখন মা হন, তখন কর্মক্ষেত্রে তাঁকে একধরনের অদৃশ্য জরিমানা গুনতে হয়। একই যোগ্যতা থ াকার পরেও শুধু 'মা' হওয়ার কারণে তাঁর বেতন কমে যায়, পদোন্নতির সম্ভাবনা ক্ষীণ হয় এবং তাঁকে কম দায়িত্বপূর্ণ কাজের উপযোগী মনে করা হয়। সমান যোগ্যতার দুই আবেদনকারীর মধ্যে 'মা' পরিচয়ধারী নারী প্রায়ই প্রত্যাখ্যাত হন। কারণ, নিয়োগকর্তার মনে এ ধারণা কাজ করে যে, 'মা কর্মী' সন্তানের কারণে কাজে পুরোপুরি মন দিতে পারবেন না।

এখন যদি রাষ্ট্রীয়ভাবে মা বা নারী কর্মীদের কর্মঘণ্টা কমানো হয়, এই অদৃশ্য শাস্তিটি তখন আইনি রূপ পাবে। নিয়োগকর্তা তখন আর দ্বিধায় ভুগবেন না। একজন আট ঘণ্টা কর্মক্ষম কর্মীর সঙ্গে পাঁচ ঘণ্টার 'নারী' কর্মীকে তিনি কেন সমান গুরুত্ব দেবেন? যে গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোতে দীর্ঘ সময় আর নিবিড় মনোযোগ দরকার, সেখান থেকে নারীরা স্বাভাবিকভাবেই বাদ পড়ে যাবেন। এই নীতি তখন উল্টো এক বড় প্রতিবন্ধক হয়ে উঠবে। যে 'সহমর্মিতা' দেখিয়ে তাঁদের কর্মঘণ্টা কমানোর কথা বলা হচ্ছে, সেই সহমর্মিতাই তাঁদের অর্থনৈতিক স্বাধীনতার পথ রুদ্ধ করে দেবে।

বিষয়টি বুঝতে মার্কিন যুক্তরাষ্ট্রের আইনের অধ্যাপক জোয়ান সি উইলিয়ামসের 'ম্যাটারনাল ওয়াল' ধারণা আমাদের আরও সাহায্য করবে। এটি সেই অদৃশ্য দেয়ালকে বোঝায়, যেটি মা বা নারী কর্মীদের কর্মক্ষেত্রে 'আদার' বা 'অপর'-এ পরিণত করে। পাঁচ ঘণ্টার নীতি এ দেয়ালকে আরও ইস্পাতকঠিন করে তুলবে। অফিসের কর্মীরা তখন ভাগ হয়ে যাবেন দুই দলে-একদিকে নারী ও অপর দিকে অন্যরা। নারীদের জন্য তৈরি হবে এক ধীরগতির ক্যারিয়ারপথ বা মমি ট্র্যাক। এই পথে হয়তো সাময়িক স্বস্তি আছে, কিন্তু পদোন্নতি, নেতৃত্ব, প্রভাব ও চ্যালেঞ্জিং দায়িত্বের মতো বিষয়গুলো তাঁদের জন্য একরকম নিষিদ্ধ হয়ে যাবে।



এখানে অর্থনৈতিক বাস্তবতাটি ভয়াবহ! ২০২২ সালের এক সমীক্ষা অনুযায়ী, বাংলাদেশে প্রায় ৪৩ শতাংশ নারী দেশের বিভিন্ন অর্থনৈতিক খাতে কর্মরত রয়েছেন। যদি তাঁদের কর্মঘণ্টা আট থেকে পাঁচে নেমে আসে, বেতনও কি আনুপাতিক হারে কমবে না? যদি কমে, নারীর অর্থনৈতিক স্বাধীনতা কমে যাবে। তাই এটি আসলে নারীকে অর্থনৈতিকভাবে পরাধীন করে আবারও গৃহবন্দী করার ফাঁদ। আর যদি সরকার বলে, বেতন কমবে না, তখন নিয়োগকর্তারা বলবেন, 'আমরা আট ঘণ্টা কাজের সমান বেতন দিয়ে পাঁচ ঘণ্টা কাজ করাব কেন?' ফলে অলিখিতভাবে নারী নিয়োগ বন্ধের নীতি প্রতিষ্ঠা পাবে।

অর্থনীতিবিদ এডমুন্ড ফেল্পস ও কেনেথ অ্যারো এ ধরনের আচরণকে ব্যাখ্যা করেছেন 'স্ট্যাটিসটিক্যাল ডিসক্রিমিনেশন' নামে; যেখানে কোনো গোষ্ঠীর গড় আচরণের ওপর ভিত্তি করে বৈষম্য করা হয়। পাঁচ ঘণ্টার নীতি এই বৈষম্যকে বৈধতা দেবে। নিয়োগকর্তা তখন যুক্তি দেখাবেন, রাষ্ট্রই বলেছে, নারীরা কম কাজ করবেন, তাই তাঁদের গুরুত্বপূর্ণ দায়িত্ব দেওয়া নিরাপদ নয়।

রাজনীতির দিক থেকেও এই প্রস্তাব গভীর সংকেত দেয়। বাংলাদেশের পুরুষতান্ত্রিক সমাজে নারীর ভূমিকাকে সব সময় খাটো করে দেখা হয়। জুলাই গণ-অভ্যুত্থানে নারীরা স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করলেও ক্ষমতার পটপরিবর্তনের পরে তাঁরা আর গুরুত্ব পাচ্ছেন না। জাতীয় ঐকমত্য কমিশন, জুলাই জাতীয় সনদ প্রণয়ন থেকে রাজনৈতিক দলগুলোর কাঠামো- সব জায়গায় নারীদের অবস্থান প্রান্তিকই রয়ে গেছে। এমন বাস্তবতায় নারীর কর্মঘণ্টা কমানোর অফার আসলে তাঁকে ঘরবন্দী করার নতুন কৌশলমাত্র।

জামায়াত আমির অফিস-আদালতে এরপর ২৮ পৃষ্ঠায়



> জামায়াত আমির অফিস-আদালতে নারীর কর্মঘণ্টা কমানোর বদলে বরং ঘরের কাজে নারীর পাশাপাশি পুরুষকে সমান সহযোগী হওয়ার উপদেশ দিতে পারতেন। আরও বলতে পারতেন, জামায়াত ক্ষমতায় এলে মানসম্মত ডে-কেয়ার সেন্টার বাড়াবে, বাধ্যতামূলক মাতৃত্বকালীন ছুটির পাশাপাশি পিতৃত্বকালীন ছুটি দেবে এবং নারী-পুরুষ উভয়ের পেশাগত ও পরিবারিক জীবনের জন্য এক ভারসাম্যপূর্ণ কর্মপরিবেশ সৃষ্টি করবে। সর্বোপরি, নারীর ক্ষমতায়ন মানে তাঁকে 'কম কাজ' করার কথা বলা নয়, বরং তাঁর নিজের সময় ও জীবনের ওপর নিজস্ব সিদ্ধান্ত নেওয়ার অধিকার দেওয়া। একটি সত্যিকারের অগ্রসরমাণ সমাজ নারীর কাজের ঘণ্টা কমায় না, তাঁর সম্ভাবনার পরিধি বাড়ায়। তাই পাঁচ ঘণ্টার সহমর্মিতা নয়, আমাদের দরকার সর্বক্ষেত্রে নারী-পুরুষের বিকাশের সমান সুযোগ ও অধিকার

# সাকিব আল হাসান যেভাবে নিজের ক্যারিয়ার কবর দিলেন

মুবাশার হাসান

> এই পোস্টের কিছুক্ষণের মধ্যেই বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া বিষয়ক উপদেষ্টা আসিফ মাহমুদ সজিব ভূঁইয়া সাংবাদিকদের জানান, সাকিব আর কখনো বাংলাদেশের হয়ে খেলতে পারবেন না। একজন সত্যিকার প্রতিভাবান খেলোয়াড়ের এক স্বৈরশাসকের সঙ্গে রাজনৈতিক আঁতাতে জড়ানোই শেষ পর্যন্ত বাংলাদেশের উজ্জ্বলতম ক্রিকেট নক্ষত্রের ক্যারিয়ার ধ্বংস করেছে। শেখ হাসিনাকে প্রকাশ্যে শুভেচ্ছা জানানোয় সাকিব প্রকাশ করেছেন এক ধরনের নির্মম সংবেদনশীলতার অভাব। কারণ অসংখ্য বাংলাদেশির কাছে হাসিনা মানে রাষ্ট্রীয় সন্ত্রাস ও নিপীড়ন, যা তাদের জীবন ও পরিবার ধ্বংস করেছে। নিজের রাজনৈতিক অন্ধ আনুগত্য ও বাস্তবতা অনুধাবনে ব্যর্থতার কারণেই সাকিব নিজ হাতে তার ক্রিকেট ক্যারিয়ারের কবর রচনা করেছেন

একসময় সাকিব আল হাসান ছিলেন বাংলাদেশের ঘরে ঘরে পরিচিত নাম। তিনি ছিলেন একজন নায়ক, যিনি লাখো মানুষের, বিশেষত তরুণদের, আশা-ভরসা ও অনুপ্রেরণার প্রতীক হয়ে উঠেছিলেন। কেনই বা হবেন না?



সাকিব ছিলেন ক্রিকেটার, তাও আবার জাতীয় দলের অধিনায়ক। দারিদ্র্য, রাজনৈতিক সহিংসতা ও প্রাকৃতিক দুর্যোগে জর্জরিত একটি দেশে সাকিব বাংলাদেশের জন্য গৌরব ও সম্মান বয়ে এনেছিলেন। এজন্যই তিনি ছিলেন মানুষের প্রিয়। বর্তমানে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের পর সাকিবই হয়তো সবচেয়ে পরিচিত বাংলাদেশি ছিলেন। কিন্তু ১৫ বছরেরও বেশি সময় দেশ শাসন করা স্বৈরশাসক শেখ হাসিনার পতনের পর, অনেক বাংলাদেশির কাছেই সাকিব আর নায়ক নন।

ক্রিকেটার অবস্থায়ই সাকিব তৎকালীন ক্ষমতাসীন আওয়ামী লীগে যোগ দেন ২০২৩ সালে। ২০২৪ সালের নির্বাচনে দলীয় প্রার্থী হিসেবে অংশ নেন। সেই নির্বাচনকে দেশ-বিদেশে একপক্ষীয় ও কারচুপিপূর্ণ হিসেবে দেখা হয়। এখন হাজারো আওয়ামী লীগ নেতা-কর্মীর মতো সাকিবও নির্বাসিত জীবনে আছেন। বাংলাদেশের এক শীর্ষ সরকারি কর্মকর্তা সম্প্রতি ঘোষণা করেছেন, সাকিব আর কখনো জাতীয় দলের জার্সি পরতে পারবেন না। বাংলাদেশের হয়ে ক্রিকেট খেলার উপরও তার নিষেধাজ্ঞা জারি হয়েছে। আশ্চর্যের বিষয়, এই সিদ্ধান্তের প্রতি জনগণের মধ্যেও সমর্থন আছে।

বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন (দুদক) সাকিব, তার মা শিরিন আখতার এবং আরও ১৩ জনের বিরুদ্ধে শেয়ারবাজার কারসাজির মাধ্যমে অর্থ আত্মসাৎ, জালিয়াতি ও মানি লন্ডারিংয়ের অভিযোগ তদন্ত করছে। সাকিবের বিরুদ্ধে চেক জালিয়াতির অভিযোগও রয়েছে। এই অভিযোগগুলোর কিছু শেখ হাসিনার আমলেই উঠেছিল, তবে তখন তদন্ত হয়নি। সাংবাদিকরা আরও খুঁজে পেয়েছেন, সাকিবের পিতা ছাত্রনেতা হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত। সব মিলিয়ে সাকিব ও তার পরিবার এখন গভীর বিপদে।



সাকিবের উত্থান ও পতনের গল্প এক অদ্ভুত মিশ্রণ- ক্রিকেট, রাজনীতি ও রাষ্ট্রীয় সহিংসতার এক রঙিন কেলেইডোস্কোপ। ১৯৮৭ সালে মাগুরার এক সাধারণ পরিবারে জন্ম সাকিবের। ২০০৪ সালে বিভাগীয় লিগে খেলা শুরু করেন এবং দ্রুত নিজের সুনাম গড়ে তোলেন। ২০০৬ সালে জাতীয় দলে অভিষেক ঘটে তার। প্রায় দুই দশকের আন্তর্জাতিক ক্যারিয়ারে তিনি ৪৪৭টি ম্যাচ খেলেছেন। করেছেন ১৪,৭৩০ রান। নিয়েছেন ৭১২টি উইকেট। ইএসপিএন ক্রিকইনফো তাকে বর্ণনা করেছে, 'বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে সহজভাবে সেরা ক্রিকেটার।' ক্রিকেট মাঠের সাফল্য তাকে এনে দেয় খ্যাতি ও অর্থ। দেশি-বিদেশি বহু বিজ্ঞাপনে তিনি মুখপাত্র হন। ২০১৩ থেকে ২০২৩ পর্যন্ত তিনি ইউনিসেফের জাতীয় শুভেচ্ছা দূত হিসেবে দায়িত্ব পালন করেন।

তবে বিতর্ক কখনোই সাকিব থেকে দূরে ছিল না। তিনি একাধিকবার বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এবং আইসিসির শাস্তির মুখে পড়েন। একবার গ্রাউন্ডসম্যানকে হুমকি দেয়ার জন্য, আবার একবার টেলিভিশনে অশোভন অঙ্গভঙ্গির কারণে তাকে শাস্তি পেতে হয়। 'অশোভন আচরণ'-এর অভিযোগে বিসিবি তাকে ৮ মাসের জন্য নিষিদ্ধ করে। ২০১৯ সালে আইসিসির দুর্নীতি দমন ইউনিট এক বুকির সঙ্গে গোপন যোগাযোগের জন্য তাকে দুই বছরের জন্য নিষিদ্ধ করে, যার এক বছর স্থগিত রাখা হয়।

এই সময়েই সাকিব তার ব্যবসা-বাণিজ্য বাড়াতে থাকেন, যার মধ্যে স্বর্ণ ব্যবসাও ছিল। কিন্তু যখন সাকিব আওয়ামী লীগে যোগ দেয়ার সিদ্ধান্ত নেন, তখন দলটির সরকার ভোট কারচুপি, দুর্নীতি, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, গুম, গোপন কারাগার পরিচালনা এবং হাজার হাজার বিরোধী কর্মীকে বন্দি করে আন্তর্জাতিক অঙ্গনে তীব্র সমালোচিত।

দেশের মানুষও জানতো ক্ষমতায় টিকে থাকতে শেখ হাসিনা কী ভয়ঙ্কর কৌশল নিয়েছেন। তবুও সাকিব সেই দলে যোগ দেন। এই সিদ্ধান্তের মাধ্যমে সাকিব এক পক্ষ বেছে নেন। সেটা এমন এক পক্ষ, যেটি বহু বাংলাদেশির কাছে দমন, নির্যাতন ও হত্যার প্রতীক। জাতিসংঘ পর্যন্ত বলেছে, শেখ হাসিনার সরকার ২০২৪ সালের জুলাই-আগস্টের গণবিক্ষোভে মানবতার বিরুদ্ধে অপরাধ করে থ াকতে পারে। ক্ষমতায় থাকা অবস্থায় সাকিব নিজের সামাজিক মাধ্যমে শেখ হাসিনার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কের ছবি প্রকাশ করতেন। এমনকি ক্ষমতাচ্যুতির পরও তিনি সেই অভ্যাস ছাড়েননি- যা এখন তার জন্য ভয়াবহ বিপর্যয় ডেকে এনেছে।

বর্তমানে সাকিব যুক্তরাষ্ট্রে পরিবারের সঙ্গে বসবাস করছেন। সম্প্রতি তিনি শেখ হাসিনার জন্মদিনে সামাজিক মাধ্যমে একটি ছবি পোস্ট করে লিখেছেন- 'শুভ জন্মদিন, আপা।' এই পোস্টের কিছুক্ষণের মধ্যেই বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া বিষয়ক এরপর ২৮ পৃষ্ঠায়

# নিরপেক্ষতার কঠিন পরীক্ষায় ড. ইউনূস: আস্থার লড়াই নাকি আপসের রাজনীতি?

বাংলাদেশের রাজনীতি বহুবার "নিরপেক্ষতার পরীক্ষা" দেখেছে, কিন্তু প্রতিবারই কোথাও না কোথাও সেই নিরপেক্ষতার মেরুদণ্ড ভেঙে পড়েছে। ড. ইউনূসের সামনে সেই পুরনো ব্যর্থতার পুনরাবৃত্তি ঠেকানোর দায়িত্ব। তিনি যদি সাহসী সিদ্ধান্ত নিতে পারেন-বিতর্কিতদের সরিয়ে সত্যিকারের নিরপেক্ষ প্রশাসন গড়ে তুলতে পারেন-তাহলে ইতিহাস তাকে স্মরণ করবে "সংকটের নেতা" হিসেবে। কিন্তু যদি তিনি আপস করেন, রাজনৈতিক তুষ্টির পথে হাঁটেন, তবে এই সরকারও অন্যদের মতো হারিয়ে যাবে অবিশ্বাসের কুয়াশায়। বাংলাদেশের মানুষ এখন অপেক্ষায়-ড. ইউনূস কোন পথে হাঁটবেন? সংস্কারের আলোয়, নাকি স্থবিরতার অন্ধকারে?

নিয়াজ মাহমুদ



বাংলাদেশের রাজনীতিতে "নিরপেক্ষতা" শব্দটি আবারও সবচেয়ে আলোচিত, বিতর্কিত ও স্পর্শকাতর এক বিষয় হয়ে উঠেছে। জাতীয় নির্বাচনের প্রস্তুতির মধ্যেই তিনটি বড় রাজনৈতিক দল-বিএনপি, জামায়াতে ইসলামী এবং জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-প্রশাসনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে। শুধু তাই নয়, অন্য কয়েকটি দলও একই সুরে আওয়াজ তুলছে। তাদের অভিযোগ-অন্তর্বর্তীকালীন সরকারের ছায়াতেও দলীয় রঙের প্রভাব, ভাগ-বাটোয়ারার রাজনীতি এবং প্রশাসনে পুরনো সরকারের অনুগতদের দৌরাত্ম্য এখনো টিকে আছে।

অন্যদিকে, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলছেন, তিনি নিজে এবং তার সরকার নিরপেক্ষতার প্রশ্নে "অটল অবস্থানে" আছেন। কিন্তু মাঠের বাস্তবতা বলছে-রাজনীতির সব পক্ষই এখন সরকারের নিরপেক্ষতা নিয়ে সন্দিহান। ফলে, দেশের রাজনৈতিক অঙ্গন দাঁড়িয়েছে এক জটিল মোড়ে: ড. ইউনূস কি পারবেন প্রশাসন ও উপদেষ্টা পরিষদকে নিরপেক্ষ করে একটি গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন করতে?

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ভাষায়, "সচিবালয়ে এখনো ফ্যাসিস্টদের দোসররা রয়ে গেছে।" তার দল প্রধান উপদেষ্টাকে সরাসরি অনুরোধ করেছে-এই কর্মকর্তাদের বদলি করে নিরপেক্ষ ব্যক্তিদের নিয়োগ দিতে। তাদের মতে, জেলা প্রশাসন থেকে পুলিশ পর্যন্ত সর্বত্রই দলীয় অনুগতদের দখল রয়ে গেছে, যা সুষ্ঠু নির্বাচনের পথে বড় বাধা।

জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মুহাম্মদ তাহের আরও এক ধাপ এগিয়ে বলেন, "প্রশাসন ও আইন বিভাগে ৭০ থেকে ৮০ ভাগ কর্মকর্তা এখনো একটি বিশেষ দলের অনুগত।" এমনকি তিনি প্রস্তাব দিয়েছেন-প্রয়োজনে কর্মকর্তাদের পদায়নে "লটারি পদ্ধতি" চালু করা যেতে পারে, তবে যেন কোনো গোপন 'ভূত' সেই প্রক্রিয়ায় হস্তক্ষেপ না করে। এই বক্তব্যগুলো শুধু হতাশার প্রকাশ নয়-এগুলো বর্তমান প্রশাসনের ওপর বিরাট অবিশ্বাসের প্রতিফলন।

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম আরও তীব্র সমালোচনা করেছেন। তার অভিযোগ, "জনপ্রশাসনে ভাগ-বাটোয়ারা চলছে, এবং সেই ভাগ-বাটোয়ারায় উপদেষ্টা পরিষদের ভেতর থেকেও সহায়তা দেওয়া হচ্ছে।" অর্থাৎ, প্রশ্ন এখন শুধু প্রশাসনের নিরপেক্ষতা নয়-অন্তর্বর্তী সরকারের মেরুদণ্ড বলেও পরিচিত উপদেষ্টা পরিষদকেই ঘিরে সন্দেহ তৈরি হয়েছে।



অন্তর্বর্তী সরকারের সবচেয়ে বড় শক্তি ও দুর্বলতা-এই উপদেষ্টা পরিষদই। গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খানের বক্তব্য আরও স্পষ্ট: "উপদেষ্টা পরিষদের মধ্যেই দুর্নীতি, স্বজনপ্রীতি এবং রাজনৈতিক পক্ষপাতের চর্চা চলছে।" তিনি ফেসবুক পোস্টে লিখেছেন, "শুদ্ধি অভিযান চালিয়ে বিতর্কিত উপদেষ্টাদের সরিয়ে দিতে হবে, না হলে এই সরকারের অধীনে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়।"

জামায়াতও সরাসরি প্রধান উপদেষ্টাকে সতর্ক করেছে-"আপনার কিছু উপদেষ্টা আপনাকে বিভ্রান্ত করছেন।" তবে তারা নাম প্রকাশ না করলেও, তাদের বক্তব্যে স্পষ্ট যে ড. ইউনূসের চারপাশে থাকা কিছু উপদেষ্টার ওপর রাজনৈতিক দলের আস্থা নেই।

জাতীয় পার্টির চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদও একই সুরে বলেন, "নির্বাচনের আগে দলীয় উপদেষ্টা ও প্রশাসনের ব্যক্তিদের বদলাতে হবে।" অর্থাৎ, কেবল বিরোধীদলই নয়, এমনকি ক্ষমতার ভারসাম্যে থাকা মধ্যমপন্থী দলগুলোর মধ্যেও বর্তমান সরকারের নিরপেক্ষতা নিয়ে সংশয় গভীর হচ্ছে।

প্রধান উপদেষ্টা হিসেবে ড. মুহাম্মদ ইউনূস এখন এক ক্রান্তিকালে দাঁড়িয়ে। তার নেতৃত্বে গঠিত অন্তর্বর্তী সরকার প্রথমে যে বিশ্বাস ও আশার সঞ্চার করেছিল-"একটি দল-নিরপেক্ষ, নাগরিক নেতৃত্বের সরকার"-সেই ভাবমূর্তি এখন চ্যালেঞ্জের মুখে।

রাজনৈতিক দলগুলোর অভিযোগ শুধু প্রশাসনের নয়, বরং সরকারের অভ্যন্তরেও দলীয় অনুপ্রবেশ ঘটেছে। এখন প্রশ্ন-ড. ইউনূস কি সেই অনুপ্রবেশকে চিহ্নিত ও প্রতিরোধ করতে পারবেন?

তার সামনে মূলত দু'টি পথ খোলা-

১.

তিনি যদি প্রশাসন ও উপদেষ্টা পরিষদে সাহসী সংস্কার চালান-বিতর্কিত ও পক্ষপাতদুষ্ট কর্মকর্তাদের সরিয়ে দেন, যোগ্য ও গ্রহণযোগ্য ব্যক্তিদের নিয়োগ দেন-তাহলে তিনি আবারও আস্থা ফিরে পেতে পারেন। এই সংস্কার শুধু পদায়নের নয়, বরং একটি "বিশ্বাস পুনর্গঠন প্রক্রিয়া" হতে হবে, যেখানে প্রতিটি দল আশ্বস্ত হবে যে নির্বাচন হবে সমান সুযোগে।

২.

অন্যদিকে, যদি তিনি অভিযোগগুলোকে উপেক্ষা করেন, কেবল বিবৃতি দিয়ে নিরপেক্ষতার দাবি পুনরাবৃত্তি করেন-তাহলে তার সরকারের বিশ্বাসযোগ্যতা ভেঙে পড়বে। তখন অন্তর্বর্তী সরকার পরিণত হবে "একটি অস্থির অন্তর্বর্তী ব্যবস্থা"-তে, যেখানে সবাই সরকারের নিরপেক্ষতা নিয়ে সন্দেহ করবে, অথচ কেউই পুরোপুরি বিকল্প পথ দেখাতে পারবে না।

অন্তর্বর্তী সরকারের গঠনের পরই জনগণ আশার আলো দেখেছিল-বছরের পর বছর দলীয় সংঘাত, দুর্নীতি ও স্বজনপ্রীতির রাজনীতি থেকে এরপর ২৮ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স

## একটি গুরুত্বপূর্ণ বিষয়

**অহেতুক ঝামেলা এড়াতে**
**অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে**
**ট্যাক্স ফাইলিং করুন।**

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# অনৈক্যের সুযোগ নিতে পারে ফ্যাসিস্টরা

মহিউদ্দীন খান মোহন

তেমনি ১৫ বছর বাংলাদেশের মানুষের গণতান্ত্রিক অধিকারকে হরণ করে পদতলে পিষ্ট করার অপরাধে ফ্যাসিস্ট আওয়ামী লীগের রাজনীতি করার অধিকার রাখে কি না, তা ভেবে দেখতে হবে। আজ যারা গণতন্ত্র, মানবাধিকারের দোহাই দিচ্ছেন, ২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত তারা কেন চুপ করেছিলেন? এ প্রসঙ্গে বারান্তরে বিশদ আলোচনার ইচ্ছে রইল। এখন শুধু এটুকু বলতে চাই, জুলাই আন্দোলনের পক্ষশক্তিকে বুঝতে হবে, তাদের অনৈক্যের সুযোগে পতিত আওয়ামী লীগ কচ্ছপের মতো খোলস থেকে মাথা বের করার চেষ্টা করছে। দলগুলোর এহেন মনোবৃত্তির কারণে লাভের গুড় পিঁপড়ায় খাওয়ার আশঙ্কা রয়েছে। তারা ঐক্যের পথ ছেড়ে যেভাবে বিভক্তির পথে হাঁটা দিয়েছে, তা দেশকে নিয়ে যেতে পারে অনাকাঙ্ক্ষিত বিপর্যয়ের দিকে



'আজ দুজনার দুটি পথ ওগো/ দুটি দিকে গেছে বেঁকে/ তোমার ও পথ আলোয় ভরানো জানি/ আমার এ পথ আঁধারে আছে যে ঢেকে...'। গৌরীপ্রসন্ন মজুমদারের লেখা ও হেমন্ত মুখোপাধ্যায়ের গাওয়া এ গানটি কালজয়ী হিসেবে স্বীকৃত। ১৯৫৭ সালে মুক্তিপ্রাপ্ত 'হারানো সুর' সিনেমায় সংযোজিত করা হয়েছিল। গানটি সৃষ্টির পর চলে গেছে প্রায় সাড়ে ছয় দশক। কিন্তু এর আবেদন এতটুকু কমেনি। এখনো এ গানের কথা ও সুর এবং হেমন্তের গায়কি শ্রোতাকে আপ্লুত না করে পারে না। এই পথ বেঁকে যাওয়ার বিষয়টি বড়ই বেদনাদায়ক। একসঙ্গে চলতে থাকার পর যখন একে অন্যকে ছেড়ে ভিন্ন পথে হাঁটা ধরে, তখন বিষণ্নতা গ্রাস করে উভয়কেই। তবে পথের ধর্মই হলো বাঁক নেওয়া। চলার পথে মোড় বা বাঁক থাকবেই। যারা একসঙ্গে পথ চলতে চান, তাদের সে পথের বাঁকও একসঙ্গে অতিক্রম করতে হয়। আর তা করতে হলে সংশ্লিষ্টদের একসঙ্গে চলার মানসিকতা ও ত্যাগ স্বীকারের মানসিকতা থাকতে হয়। তা না হলে, একসময় না একসময় বিচ্ছিন্নতা এসে চলার পথ পৃথক করে দেয়।

রেললাইন সমান্তরাল বয়ে গেলেও তা কিন্তু মোড় নেয় বিভিন্ন স্থানে। আর সেটা কাঙ্ক্ষিত গন্তব্যে পৌঁছার সুবিধার্থেই। আর সড়ক বা মাটির রাস্তায় বাঁক সৃষ্টি হয় নির্মাণজনিত সুবিধা-অসুবিধাকে মাথায় রেখে। স্কুলজীবনে বিজ্ঞান বইয়ে পড়েছি, প্রচণ্ড রৌদ্রতাপে বা রেলের চাকার ঘষায় রেললাইনের পাতের দৈর্ঘ্য বেড়ে যায়। এর ফলে রেললাইন বেঁকে যেতে পারে। এজন্য রেলপাতের দৈর্ঘ্য কোনো কারণে বেড়ে গেলেও যাতে লাইন বেঁকে না যায়, সেজন্য দুই পাতের সংযোগস্থলে কিছুটা অংশ ফাঁকা রাখা হয়। যাতে রেলের চাকার ঘর্ষণ বা রৌদ্রতাপে পাতের দৈর্ঘ্য বেড়ে গেলেও লাইন বেঁকে না যায়।

তবে গৌরীপ্রসন্ন মজুমদার কিন্তু রেললাইনের বেঁকে যাওয়া নিয়ে গানটি রচনা করেননি। তার গানের উপজীব্য হলো দীর্ঘদিন একসঙ্গে জীবনের পথচলার পর প্রেমিক-প্রেমিকার বিচ্ছেদ বা পথবদল। এটা সচরাচর ঘটে থাকে। শুধু প্রেমিক-প্রেমিকার মধ্যেই নয়, এ সমাজ-সংসারে এমনতর বিচ্ছেদের ঘটনা অহরহ ঘটছে। আর সেজন্যই এ গানটি আজও পুরোনো হয়নি। কিন্তু আমার বিষয় রেললাইন বা প্রেমিক-প্রেমিকার পথচলা বেঁকে যাওয়া নয়, আমি তো



The NYPD released surveillance images of the suspects on Tuesday and described the first man as having a light complexion, with black hair, who was wearing a black sweatshirt, black pants, black sneakers, a neon construction vest, a white hard hat, protective eyewear and a black backpack. The second suspect is described as having a light complexion, with black hair, who was wearing a black sweatshirt, black pants, gray sneakers, a neon construction vest, a white hard hat, protective eyewear, a black face covering and a black backpack. The third man has a light complexion and wore a white hooded sweatshirt, black pants, gray sneakers and black gloves. He was the driver of the blue Hyundai Elantra, police said.

A reward of up to $3,500 is being offered for information that leads to their arrest and indictment.

Anyone with information regarding this burglary is asked to call the NYPD's Crime Stoppers Hotline at 1-800-577-TIPS (8477) or for Spanish, 1-888-57-PISTA (74782). The public can also submit their tips by logging onto the Crime Stoppers website at crimestoppers.nypdonline.org or on X (the platform formerly known as Twitter) @NYPDTips. All calls and messages are confidential. Through Oct. 26, the 107th Precinct has reported 167 burglaries so far in 2025, 17 fewer than the 184 reported at the same point last year, a decline of 9.2%, according to the most recent CompStat report. (Source- Astoria post)

## BNP is lau, and Jamaat is kodu: Nasiruddin Patwary

**Ajkal Desk**



"For a long time, there's been an accusation against NCP. Did NCP sell out the July movement? We did not come for that. We are making every effort to preserve the spirit of July," he said at a roundtable titled "Implementation Roadmap of the July Charter" at the Jatiya Press Club in Dhaka.

"Among political parties, we've been working like an oil tanker. Jamaat, or BNP -- for the last 15 to 20 years, they've built massive ships. But those ships have no oil. Then came NCP -- with young people and students – bringing the fuel needed to move Bangladesh forward," said the NCP leader.

Patwary warned that if authorities make a U-turn on implementing the July Charter, the public will give its response in the next election.

"If they [the government] reverse their stance, then in the upcoming election, having endured a 'bullet revolution,' people will now lead a 'ballot revolution'," he said. On the nature of the upcoming polls, Patwary said, "BNP is 'lau', and Jamaat is 'kodu'. They have long been allies but are now pretending to be separate for the sake of election drama."



# স্ট্রোকের মৃত্যু ঝুঁকি কমায় মেকানিক্যাল থ্রোম্বেক্টমি

ডা. হুমায়ুন কবীর হিমু



স্ট্রোকের আধুনিক চিকিৎসার অন্যতম প্রধান পদ্ধতি হলো আইভি থ্রোম্বোলাইসিস। এটাকে খুব সহজভাবে ব্যাখ্যা করলে বলা যায়, মস্তিষ্কের রক্তনালীতে রক্তপিণ্ড জমাট বেঁধে রক্ত চলাচল বাধাগ্রস্ত করলে মস্তিষ্কের অংশবিশেষ নষ্ট হয়ে যায়।

ফলে মস্তিষ্কের ওই অংশ কার্যক্ষমতা হারায়। এটাই ইস্কেমিক স্ট্রোক। মস্তিষ্কের রক্তনালীতে জমাট বাধা রক্তপিণ্ডকে ওষুধের মাধ্যমে গলিয়ে দেয়া যায়। এতে করে বন্ধ রক্তনালী আবার চালু হয়। ফলে মস্তিষ্কের মৃতপ্রায় কোষগুলো রক্ষা পায়। স্ট্রোকের তীব্রতা কম হয়। আর ধমনীতে যে ওষুধ দেয়া হয় তার নাম এল্টিপ্লেজ বা টেনেকটিপ্লেজ। এ ওষুধই জমাট বাধা রক্তপিণ্ডকে গলিয়ে দেয়।

সাধারণত স্ট্রোকে আক্রান্তের সাড়ে ৪ ঘণ্টার মধ্যে হাসপাতালে আসলে এ চিকিৎসা পাওয়া সম্ভব। তবে দেশের সব হাসপাতালে এ চিকিৎসা পাওয়া যায় না। ছোট রক্তনালীতে রক্তপিণ্ড জমলে আইভি থ্রোম্বোলাইসিস করা সম্ভব।

এখন প্রশ্ন হলো, স্ট্রোকে আক্রান্ত কেউ যদি সাড়ে ৪ ঘণ্টার মধ্যে হাসপাতালে আসতে না পারে অথবা হাসপাতালে আসলেও যদি দেখা যায় বড় ধরনের রক্তনালীতে রক্তপিণ্ড জমাট বেধেছে তাহলে কি স্ট্রোকের চিকিৎসা নাই?

যদি এককথায় বলি তাহলে বলব অবশ্যই চিকিৎসা আছে। এমন কোন সমস্যা নাই যেটার জন্য স্ট্রোকের আধুনিক চিকিৎসা নাই। কোন রোগী যদি সাড়ে ৪ ঘণ্টার পরে আসে, বড় ধরনের রক্তনালীতে রক্তপিণ্ড জমা হলে বা কোন কারণে রোগীকে আইভি থ্রোম্বোলাইসিস করা সম্ভব না হলে তাকে মেকানিক্যাল থ্রোম্বেক্টমির চিকিৎসা দেয়া যায়। এটি স্ট্রোকের একেবারে আধুনিক চিকিৎসা।

মেকানিক্যাল থ্রোম্বেক্টমি কি?

এটা স্ট্রোকের অত্যাধুনিক চিকিৎসা। এটা ছোটখাটো একটা অপারেশন। ক্যাথল্যাবে করা হয়। হার্ট অ্যাটাক হলে রোগীকে যেমন ক্যাথল্যাবে নিয়ে গিয়ে বন্ধ রক্তনালীতে স্ট্যান্ট বসিয়ে রক্ত চলাচল স্বাভাবিক করা হয় তেমনিভাবে মেকানিক্যাল থ্রোম্বেক্টমি করা হয়। আক্রান্ত ব্যক্তিকে ক্যাথল্যাবে নিয়ে গিয়ে কুচকির রক্তনালীতে ক্যানুলা পড়ানো হয়। একে বলে শিথ।

এ শিথ মস্তিষ্কের রক্তনালীতে রাখা হয়। এরপর মোটা ক্যাথেটার যে রক্তনালী বন্ধ হয়েছে তার গোড়ায় রাখা হয়। সাকশন মেশিনের সাহায্যে রক্তপিণ্ড টেনে বের করা হয়। এতে সফল না হলে একধরণের স্ট্যান্ট যুক্ত ক্যাথেটারের মধ্যে দিয়ে রক্তপিণ্ড পার করে নিয়ে যাওয়া হয়। এর মধ্য দিয়ে বিশেষ স্ট্যান্ট নিয়ে গিয়ে রক্তপিণ্ডের মধ্যে ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়




# যেসব কারণে টাইফয়েড জ্বর বিপজ্জনক, করণীয় জেনে নিন?

ডা. আয়শা আক্তার

টাইফয়েড হলো এক ধরনের জ্বর, যা দুই ধরনের ব্যাকটেরিয়ার সংক্রমণে হতে পারে। যেমন- সালমোনেলো টাইফি এবং সালমোনেলো প্যারাটাইফি। যে কোনো একটা দিয়ে আক্রান্ত হলে জীবাণুর সংক্রমণের লক্ষণ দেখা যায়, যা দুই ধরনের জীবাণু সংক্রমণ প্রায় একই রকম হয়ে থাকে। যেমন- সালমোনেলো টাইফি এবং সালমোনেলো প্যারাটাইফি। সালমোনেলা টাইফি ব্যাকটেরিয়া দিয়ে সংক্রমিত জীবাণু শরীরে প্রবেশ করলে যে জ্বর হয় তাকেই টাইফয়েড জ্বর বলা হয়। আর সালমোনেলা প্যারাটাইফি জীবাণুর কারণে জ্বর হলে তাকে প্যারা-টাইফয়েড জ্বর বলা হয়।

টাইফয়েডের জীবাণু শরীরে প্রবেশ করে দূষিত খাবার ও পানির মাধ্যমে। যদি কোনো খাবার ও পানির মধ্যে টাইফয়েডের জীবাণু থাকে, তাহলে সেই খাবার খেলে ও পানি পান করলে টাইফয়েডের জীবাণু শরীরে প্রবেশ করে। টাইফয়েড জ্বর নানা কারণে বিপজ্জনক। টাইফয়েড জ্বর থেকে বিভিন্ন ধরনের জটিলতা তৈরি হতে পারে। যেমন- মস্তিষ্কে প্রদাহ, হেপাটাইটিস, লিভারের সমস্যা ইত্যাদি।

টাইফয়েড হলে অন্ত্রে ঘা বা ইনফেকশন হয় যার ফলে ধীরে ধীরে নাড়িটা ফুটো পর্যন্ত হয়ে যেতে পারে, যদি সঠিক সময়ে চিকিৎসা না করা হয়ে থাকে। তখন তাৎক্ষণিকভাবে সার্জারির প্রয়োজন হতে যেতে পারে।

টাইফয়েড টিকার কার্যকারিতা ও পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে গবেষণায় বিস্ময়কর তথ্য

অন্যদিকে লিভারের প্রদাহ ছড়িয়ে যেতে পারে, তখন লিভারের এনজাইম বেড়ে গিয়ে হেপাটাইটিস হয়ে যায়।

টাইফয়েড জ্বর শরীরের অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গকে আক্রান্ত করতে পারে। চিকিৎসা যদি ঠিকমতো সময়ে না করা হয় এবং সঠিক সময়ে সঠিক চিকিৎসা না করলে রোগীর জীবন ঝুঁকির মধ্যে পড়ে যায়, যা মৃত্যুর ঝুঁকি বাড়িয়ে তোলে।

টাইফয়েড টিকার কোনো প্রতিক্রিয়া আছে কিনা?

কোনো একটা ভ্যাকসিন যখন বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) অ্যাপ্রুভ করে তখন বিভিন্ন লেভেলে এটা নিয়ে পরীক্ষা করা হয় এবং বিভিন্ন ফেজে প্রয়োগ করে দেখা হয়, যেমন- প্রথম স্তর, দ্বিতীয় স্তর, তৃতীয় স্তরে। যখন দেখা যায় পার্শ্বপ্রতিক্রিয়া একদম নাই বললেই চলে, তখনই সেটি ক্লিনিক্যাল ট্রায়ালে যায়। ক্লিনিক্যাল ট্রায়ালে যখন দেখা যায় মানুষের জন্য কোনো ক্ষতির কারণ হচ্ছে না, তখন জনগোষ্ঠীর মধ্যে প্রয়োগ ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়

# শীতে হৃদরোগীদের করণীয়

অধ্যাপক ডা. মো. মাহবুবুর রহমান বাবু



হৃদরোগীদের জন্য শীতকাল খুব একটা সুখকর নয়। যার ফলাফলস্বরূপ হাসপাতালে হৃদরোগীদের ভর্তি লক্ষণীয়ভাবে বৃদ্ধি পায়। একটি গবেষণায় দেখা গেছে, শীতকালে মায়োকার্ডিয়াল ইনফার্কশান, এনজিনা পেক্টোরিস, এট্রিয়াল ও ভেন্ট্রিকুলার এরিদমিয়া, হার্ট ফেইলিউর, উচ্চ রক্তচাপ বৃদ্ধি পায়। ঠাণ্ডা আবহাওয়া বিশেষত যখন তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের নিচে নামে তখন দেহের তাপমাত্রা ঠিক রাখতে মানবদেহের বিপাক বৃদ্ধি পায়।

ফলে হৃদযন্ত্রের কাজ বৃদ্ধি পায়, যা আপনার হৃদস্পন্দন এবং রক্তচাপ বৃদ্ধির কারণ হতে পারে। তা ছাড়া ঠাণ্ডায় রক্তনালি সংকুচিত হয় এবং আপনার হৃৎপিণ্ডকে রক্ত পাম্প করতে আরো কঠোর পরিশ্রম করতে হয়। ঠাণ্ডায় রক্তে ফিব্রিনোজেন, ক্যাটাকোলামাইনের মতো কিছু প্রোটিন ও হরমোন বৃদ্ধি পাওয়ায় রক্ত জমাট বাঁধার প্রবণতাও বেড়ে যায়। পুরুষদের মধ্যে এই প্রবণতা বেশি।

কিছু পরোক্ষ কারণও হৃদরোগের সম্ভাবনা ও জটিলতা বৃদ্ধি করে। যেমনঠাণ্ডাজনিত সর্দি-কাশি, ঘরে অবস্থান ও কম কায়িক শ্রম, অধিক ক্যালরিযুক্ত খাদ্য গ্রহণ ইত্যাদি।

করণীয়

* আপনার যদি হৃদরোগ বা উচ্চ রক্তচাপের মতো চিকিৎসা সমস্যা থাকে, তাহলে নিয়মিত চিকিৎসকের তত্ত্বাবধানে চেকআপ করাবেন। সামান্য বুকে ব্যথা, শ্বাসকষ্ট, অস্বস্তি বা বুক ধড়ফড় করাকে অবহেলা করবেন না।

* অধিক কায়িক পরিশ্রম থেকে বিরত থাকবেন। তবে নিয়মিত হালকা ব্যায়াম করবেন।

* ঠাণ্ডাজনিত রোগ এড়াতে গরম কাপড় ও মাস্ক ব্যবহার করবেন।

* ধূমপান পরিহার করুন।

* অধিক ক্যালরিসমৃদ্ধ খাদ্য যেমনঃমিষ্টি, পিঠা, তেল, ঘি, লবণ যথাসম্ভব এড়িয়ে চলবেন।

প্রচুর পরিমাণে তাজা ফলমূল ও শাক-সবজি খাবেন। অতি ভোজন পরিহার করবেন। যথেষ্ট পরিমাণ পানি পান করুন।

* পুরুষ ও মহিলাদের হার্ট অ্যাটাকের ↘ এরপর ২৭ পৃষ্ঠায়

# কী কী সুফল পেতে কিশমিশ সব সময় ভিজিয়ে খাবেন?

আরাফাত রহমান পলক



স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে অন্যতম উপকারী খাবার কিশমিশ। বিভিন্ন রান্নায় কিশমিশ ব্যবহার করা হয়। কিশমিশের গুণাগুণ অনেকেরই অজানা। গ্যাস্ট্রিকের সমস্যায় খুব উপকারী কিশমিশ। এতে ভালো মাত্রায় পটাশিয়াম ও ম্যাগনেসিয়াম থাকায় অ্যাসিডিটি কমাতে সাহায্য করে। এর পাশাপাশি শরীরের টক্সিন অপসারণের পাশাপাশি আর্থ্রাইটিস, কিডনিতে পাথর এবং হৃদরোগের মতো জটিল রোগও দূর করে। যারা রক্তস্বল্পতায় ভোগেন তাদের জন্য খুব উপকারী। কিশমিশে প্রচুর পরিমাণে আয়রন এবং ভিটামিন বি-কমপ্লেক্স থাকায় শরীরে রক্ত বৃদ্ধি করতে সাহায্য করে। নিয়মিত কিশমিশ খেলে তা পেট ভালো রাখে।

পুষ্টিবিদরা জানাচ্ছেন, রান্নায় দিয়ে কিংবা শুধু খাওয়ার বদলে কিশমিশ ভিজিয়ে খেতে পারলে বেশি উপকার পাওয়া যায়। ভিজিয়ে খাচ্ছেন না মানেই যে কোনো সুফল নেই, বিষয়টি তেমন নয়। তবে ভিজিয়ে খেলে বাড়তি কিছু উপকার পাওয়া যায়। সেগুলি কী?

আয়রনের খুব ভালো উৎস কিশমিশ। বিশেষ করে ভেজানো কিশমিশে প্রচুর পরিমাণে আয়রন থাকে। তাই আয়রনের অভাবজনিত রোগ অ্যানিমিয়া বা রক্তাল্পতা কমাতে বিশেষ ভূমিকা পালন করে কিশমিশ।

সুস্থ থাকার জন্য ভালো হজমশক্তি জরুরি। এক্ষেত্রে কিসমিস হজমশক্তি বাড়াতে সাহায্য করে। রোজ রাতে এক গ্লাস পানিতে কিশমিশ ভিজিয়ে রাখুন। পরের দিন ভোরে সেই কিশমিশ খান। নিজেই তারপর তফাত খেয়াল করুন। দিন পনেরো পরেই ফলাফল বুঝতে পারবেন।

কিশমিশে ভালো মাত্রায় পটাশিয়াম ও ম্যাগনেসিয়াম থাকে। আর এ উপাদানগুলো অ্যাসিডিটি কমাতে সাহায্য করে। এর পাশাপাশি এগুলো সিস্টেম থেকে টক্সিন অপসারণের পাশাপাশি গাউট, আর্থ্রাইটিস, কিডনিতে পাথর এবং হৃদরোগের মতো জটিল রোগ প্রতিরোধেও অনেক উপকারী ভূমিকা পালন করে।

রক্তচাপ নিয়ন্ত্রণে থাকলে হৃৎপিণ্ড ভালো থাকে। উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে ভেজানো কিশমিশের জুড়ি নেই। তাছাড়া কিশমিশে রয়েছে পটাশিয়ামের মতো খনিজ, যা হৃৎপিণ্ডের জন্য অত্যন্ত উপকারী।

কিশমিশ ক্যালশিয়াম সমৃদ্ধ একটি খাবার। বিশেষ করে ভেজানো কিশমিশ ক্যালশিয়ামের খুব ভালো উৎস। এ কারণে হাড়ের যত্ন নিতে কিশমিশের উপর ভরসা রাখতে পারেন। কিশমিশ খেলে ক্যালশিয়ামের ঘাটতি পূরণ হয়।

নিয়মিত কিছু পরিমাণে কিশমিশ খেলে তা পেট ভালো রাখদতে সহায়তা করতে পারে। এতে ভালো পরিমানে ফাইবার থাকার কারণে তা পানির উপস্থিতিতে ফুলে উঠতে শুরু করে আর পেটে রেচক প্রভাব দেয় ও কোষ্ঠকাঠিন্য দূর করতে সাহায্য করে।

কিশমিশে অ্যান্টি-অক্সিড্যান্ট অক্সিডেটিভ স্ট্রেস কমাতে সাহায্য করে এবং বয়সজনিত চোখের সমস্যাও প্রতিরোধ করে।

ত্বকের কোষকে যেকোনো ক্ষতি থেকে রক্ষা করেতে অনেক উপকারী ভূমিকা পালন করে কিশমিশ। এতে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট ত্বকের কোষ, কোলাজেন এবং ইলাস্টিনের ক্ষতি থেকে ফ্রি র‍্যাডিকেলগুলোকে বাধা দেয়। এর ফলে এটি বলি, সূক্ষ্ম রেখা ও ত্বকে দাগ দেখা দেওয়ার সমস্যাসহ বার্ধক্যের লক্ষণ অনেকটা বিলম্ব করতে সহায়তা করে।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

## বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনায় ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রায় আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক ভাষ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর ভাষ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেলে না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন মতনীতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে জনমতাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু নীন্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি ভাষ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাসোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানিকে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহজালালপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রীতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingngment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# New York Bangladesh Press Club
# নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব

## নির্বাচনী তফসিল ২০২৫

এতদ্বারা নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব এর সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব এর ১১ (এগার) সদস্য বিশিষ্ট নতুন কার্যকরী পরিষদ '২৫ গঠনের নিমিত্তে গঠনতন্ত্র মোতাবেক সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠ, সুন্দর, স্বচ্ছ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে আপনাদের সকলের প্রতি সর্বোপরি সহায়তা ও সহযোগিতা নির্বাচন কমিশনের পক্ষে আমাদের একান্তই কাম্য।

### নির্বাচন- ২০২৫ ইং

ক) ভোটার তালিকা প্রকাশঃ ৩১ অক্টোবর ২০২৫, শুক্রবার।

খ) মনোনয়ন প্রদান ও গ্রহন: ১-২ নভেম্বর ২০২৫, (শনি-রবির) সন্ধ্যা ৬টা -রাত ১১টা
স্থান: ৩৫-৩৫,৭২ স্ট্রিট, জ্যাকসন হাইটস (বেইজমেন্ট)

গ) মনোনয়ন পত্র প্রত্যাহার ঃ ৩ নভেম্বর, সোমবার, ২০২৫

ঘ) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ: ৩ নভেম্বর, সোমবার, ২০২৫

ঙ) নির্বাচন অনুষ্ঠান ঃ ৮ নভেম্বর, শনিবার ২০২৫ সময়: বিকাল ৩.০০ সন্ধ্যা ৬:০০ ঘটিকা
স্থান: নবান্ন রেষ্টুরেন্ট, 37-22 73rd St, Jackson Heights, NY 11372

নির্বাচন
৮ নভেম্বর
রবিবার
সময়:
বিকাল ৩:০০ সন্ধ্যা: ৬:০০টা
স্থান: নবান্ন রেষ্টুরেন্ট
37-22 73rd Street
Jackson Heights, NY 11372

### নির্বাচন কমিশনারবৃন্দ

| | | |
|---|---|---|
| এবিএম সালেহ উদ্দিন | মঈনুদ্দীন নাসের | চৌধুরী এম আলী কাজল |
| নির্বাচন কমিশনার | প্রধান নির্বাচন কমিশনার | নির্বাচন কমিশনার |

বি: দ্রঃ নির্বাচন সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত, তফসিল (বিধিমালা) পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধনের ক্ষমতা নির্বাচন কমিশন সংরক্ষণ করে।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সূযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

| | |
|---|---|
| FRANCHISE | L1A VISA |
| | E2 VISA |
| POLITICAL ASYLUM | |

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## জুলাই বিপ্লব ও সাংবাদিক খালিদ মহিউদ্দিনের সাংবাদিকতার মানদণ্ড !

৫ পৃষ্ঠার পর

চিন্তা করতে হবে না। কালো টাকার বিশাল বিনিয়োগ চলে আসবে আপনার পেছনে। যাতে আপনি নতুন নতুন মিডিয়া খুলতে পারেন, নেতৃত্ব দিতে পারেন। যেহেতু মিডিয়ার হাতিয়ারটি আওয়ামীপন্থীদের হাতে। সুতরাং এর ব্যবহারে বিএনপি জামাতের লোকজন এসব বাকশালী সাংবাদিককে আদরে নম নম। এইতো সেদিন জাতিসংঘে প্রধান উপদেষ্টার জাতিসংঘ সফরে বিএনপির মহাসচিব খালেদ মহিউদ্দিনকে একান্তে সাক্ষাৎকার দিয়ে প্রীত হয়েছেন। অথচ দীর্ঘ দিন বিএনপি বীট করার পরও কয়েকটি টেলিভিশনের সাংবাদিকরা মীর্জা সাহেবের সাক্ষাতের কূল কিনারা করতে না পেরে ক্ষোভ প্রকাশ করতে দেখলাম হোটেল লবিতে। এই রুঢ় বাস্তবতার কারণেই বারবার উন্মাদ আর দাজ্জিলদের আস্ফালন দেখতে পাই। ভাল থেকো বাংলাদেশ।

লেখক: স্টেট ইউনিভার্সিটি অব নিউইয়র্কের একজন অধ্যাপক, সংবাদ ও মানবাধিকার কর্মি।

## অনৈক্যের সুযোগ নিতে পারে ফ্যাসিস্টরা

১০ পৃষ্ঠার পর

ঐকমত্য কমিশন বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা চালিয়ে গেলেও দলগুলোর পক্ষ থেকে অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। ফলে যথাসময়ে নির্বাচন হবে কি না, তা নিয়ে জনমনে সংশয় ঘনীভূত হচ্ছে। যদিও প্রধান উপদেষ্টা বারবার আশ্বস্ত করছেন, নির্বাচন ২০২৬-এর ফেব্রুয়ারির প্রথমার্ধেই অনুষ্ঠিত হবে। কিন্তু রাজনৈতিক দলগুলোর পারস্পরিক অবস্থান ও মতভেদতা এ ক্ষেত্রে শঙ্কার সৃষ্টি করেছে। যদিও সচেতন নাগরিকরা মনে করেন, দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে রাজনৈতিক দলগুলোকে ঐক্যবদ্ধ হতে হবে এবং জুলাই সনদের প্রতি শ্রদ্ধাশীল হয়ে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে ভূমিকা রাখতে হবে। তবে রাজনৈতিক দলগুলো শেষ পর্যন্ত জনআকাঙ্ক্ষিত সে ভূমিকা পালন করবে কি না, তা নিয়ে সংশয় রয়েছে অনেকেরই। যেখানে দেশ, জাতি ও গণতন্ত্রের চেয়ে আমাদের রাজনৈতিক দলগুলোর কাছে দলীয় স্বার্থ সবসময় বড়, সেখানে বিদ্যমান অনৈক্য দূর হওয়া অনেকটাই সুদূরপরাহত।

এটা অস্বীকার করা যাবে না, আওয়ামী লীগের পতন-আন্দোলন এবং পতন-পরবর্তী সময়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে যে পারস্পরিক বিশ্বাস, সৌহার্দ ও সহনশীলতা দেখা গিয়েছিল, এখন তা হারিয়ে যেতে বসেছে। আর এর কারণ যে সংকীর্ণ রাজনৈতিক স্বার্থপরতা, তা না বললেও চলে। বিশেষত আওয়ামী লীগের পতন-পলায়নের পর জামায়াতে ইসলামীর একক রাজনৈতিক শক্তি হিসেবে আবির্ভূত হওয়ার উদগ্র বাসনা এবং সেজন্য ধরাকে সরাজ্ঞান করে অন্যদের তুচ্ছতাচ্ছিল্য করা নিঃসন্দেহে দায়ী। তারা দেশের বিভিন্ন স্থানে বিএনপির নেতাকর্মীদের দ্বারা সংঘটিত কিছু অনাকাঙ্ক্ষিত ঘটনাকে ফুলিয়ে-ফাঁপিয়ে এমনভাবে প্রচারের প্রয়াস পেয়েছে, যেন বিএনপি সারা দেশে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে। উদ্দেশ্য, জনসাধারণের কাছে বিএনপিকে প্রশ্নবিদ্ধ করা। অথচ এসব বিষয়ে দল হিসেবে বিএনপি কিংবা নেতা হিসেবে তারেক রহমান অত্যন্ত দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন। চাঁদাবাজি, দখলসহ যে কোনো অপরাধের অভিযোগে কেন্দ্র থেকে স্থানীয় পর্যায় পর্যন্ত প্রায় সাত হাজার নেতাকর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। অন্যদিকে জুলাই আন্দোলনের সম্মুখভাগে থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন তথা এনসিপি মনে করেছিল, যেহেতু তারাই হাসিনাকে তাড়িয়েছে, তাই তারা যেটা বলবে সেটাই প্রতিপালিত হবে। এ অবস্থান থেকে তারা অগ্রপশ্চাৎ না ভেবে এমন ভূমিকায় অবতীর্ণ হয়েছে, যা এখন তাদের ত্রিশঙ্কু অবস্থায় ফেলে দিয়েছে। একসময় যারা ছিল তাদের পরম বন্ধু, তারা পরিণত হয়েছে শত্রুতে।

সবচেয়ে বিস্ময়ের ব্যাপার হলো, ১৫ বছরের লীগ দুঃশাসনের জাঁতাকলে পিষ্ট হয়েও দলগুলোর বোধোদয় ঘটেনি। তারা বিস্মৃত হয়েছে, অনৈক্যই ধ্বংসের বীজকে উপ্ত করে। জুলাই আন্দোলনের পক্ষশক্তির মধ্যে যে কোনো বিভেদ-অনৈক্য যে পরাজিত অগণতান্ত্রিক শক্তিকে শক্তি জোগাবে, এটা তারা বুঝতে পারছে না। একটু খেয়াল করলেই এটা স্পষ্ট হয়ে যাবে যে, পতিত অপশক্তিটি সর্বদা সুযোগ খুঁজছে রাজনীতির মাঠে পদচারণার। সম্প্রতি দুইটি আন্তর্জাতিক মানবাধিকার সংস্থার রাজনৈতিক দল নিষিদ্ধের বিরুদ্ধে বিবৃতি দেওয়ার পরদিন রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে একযোগে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ কর্মীদের মিছিল তারই প্রমাণ।

অন্যদিকে কোনো কোনো মহল থেকে গণতন্ত্রের কথা বলে আগামী নির্বাচনে আওয়ামী লীগকে অংশগ্রহণের সুযোগ দেওয়ার যৌক্তিকতা তুলে ধরার চেষ্টা করা হচ্ছে। অথচ ১৫ বছর আওয়ামী লীগ যেভাবে বাংলাদেশে গণতন্ত্রকে ধর্ষণ করেছে, তাতে সে অধিকার পাওয়ার যোগ্যতা তারা রাখে কি না, এ প্রশ্ন কেউ তুলছে না। যারা ভোটারবিহীন, রাতের অন্ধকারে ভোট-বাক্স ভরা ও ব্যালট লুটের কেলেঙ্কারির পরপর তিনটি নির্বাচন করেছিল, শাস্তি ভোগ না করে তারা কি এত গণতান্ত্রিক অধিকার ফিরে পেতে পারে? বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের বিরোধিতা, খুন-ধর্ষণে পাকিস্তানি হানাদার বাহিনীকে প্রত্যক্ষ সহযোগিতা এবং নিজেরাও একই অপরাধ করায় স্বাধীনতার পর জামায়াতে ইসলামী, মুসলিম লীগ, নেজামে ইসলামীর রাজনীতি নিষিদ্ধ করা হয়েছিল। তেমনি ১৫ বছর বাংলাদেশের মানুষের গণতান্ত্রিক অধিকারকে হরণ করে পদতলে পিষ্ট করার অপরাধে ফ্যাসিস্ট আওয়ামী লীগের রাজনীতি করার অধিকার রাখে কি না, তা ভেবে দেখতে হবে। আজ যারা গণতন্ত্র, মানবাধিকারের দোহাই দিচ্ছেন, ২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত তারা কেন চুপ করেছিলেন?

এ প্রসঙ্গে বারান্তরে বিশদ আলোচনার ইচ্ছে রইল। এখন শুধু এটুকু বলতে চাই, জুলাই আন্দোলনের পক্ষশক্তিকে বুঝতে হবে, তাদের অনৈক্যের সুযোগে পতিত আওয়ামী লীগ কচ্ছপের মতো খোলস থেকে মাথা বের করার চেষ্টা করছে। দলগুলোর এহেন মনোবৃত্তির কারণে শাস্তের গুড় পিঁপড়ায় খাওয়ার আশঙ্কা রয়েছে। তারা ঐক্যের পথ ছেড়ে যেভাবে বিভক্তির পথে হাঁটা দিয়েছে, তা দেশকে নিয়ে যেতে পারে অনাকাঙ্ক্ষিত বিপর্যয়ের দিকে।

লেখক: সাংবাদিক ও কলাম লেখক।

## খালেদের বয়ান জুলাই যোদ্ধাদের জন্য নয়

৫ পৃষ্ঠার পর

করেছে- এটা প্রচার করবেন? এই বিপুল পরিমাণ লুটপাট, গুম, খুন, আয়না ঘর, এক মাসে এত বিপুল পরিমাণ হত্যাকাণ্ডের বিষয়ে যার মধ্যে মিনিমাম আত্মোপলব্ধি, অনুশোচনা, অনুতাপ, পাপবোধ নেই; বরং ১৫ আগস্ট থেকে তৈরি হওয়া অহংকার প্রতিশোধ স্পৃহা ৩৬ জুলাই হয়ে যা আরও অন্ধ, বিবেক ও বোধহীন প্রতিশোধ পরায়ণতায় পাগলপ্রায় এক সাইকোপ্যাথের সাক্ষাৎকার প্রচার করে আপনি কী অর্জন করতে চান? আন্দোলনকারীদের মধ্যে স্নাইপার রাইফেলধারী ছিল যারা টার্গেট করে নিজেদের লোকদের হত্যা করেছে, অভ্যুত্থানকারীরা ২০০০ বিপ্লবীদের হত্যা করেছে, আবার পুলিশদের কেও হত্যা করেছে- এগুলো প্রচার করতে চান? ৭.৬২ বোরের গুলি কোথা থেকে এলো এই বয়ান এদেশের মানুষ গ্রহণ করেনি। ফলে ট্রিপেডিয়ার সাখাওয়াত কে স্বরাষ্ট্র উপদেষ্টার পদ ছাড়তে হয়েছে। কেননা সবাই জানে পুলিশ, আনসার, র‍্যাব, বিজিবির ব্যবহৃত চাইনিজ রাইফেলের গুলির এটাই ধরণ। তিনি এবং তার পরিবারের বাজার করার টাকা নেই তারা এতটাই দুঃখি- এগুলো প্রচার করবেন? বাংলাদেশের ভালো করার জন্য একমাত্র তিনি ছাড়া আর কেউ নেই, এই দেশ তার বাপের দেশ, পৈত্রিক সূত্রে এখন তার মালিকানা, এসব? একজন অনুশোচনাহীন ভয়ংকর অপরাধীর আত্মপক্ষ সমর্থন ও আত্মপ্রচারের বয়ান প্রচার করবেন? সাবেক চাকমা সার্কেল চিফ ত্রিদিব রায়ের মতো রাজাকার যারা বাংলাদেশের স্বাধীনতা আমৃত্যু মেনে নেননি- তারা কেন সেটা মেনে নেননি সেই বয়ান এ দেশে প্রচার করা যায় না। জার্মানিতে যেমন নাৎসিবাদের পক্ষে কোন বয়ান আপনি প্রচার করতে পারবেন না। ৩৬ জুলাই বিপ্লবোত্তর বাংলাদেশ ফ্যাসিবাদের পক্ষে, ফ্যাসিবাদের আত্ম সাফাইকারী কোন বয়ান কোন নৈতিক বিবেক সম্পন্ন ও দায়িত্বশীল সাংবাদিক প্রচার করতে পারে না। প্রচার করলে তাকেও জনগণ ফ্যাসিবাদের দোসর হিসেবেই চিহ্নিত করবে। তিনি দেখেননি, নির্বাচন কেন্দ্রিক প্রবল প্রতিদ্বন্দ্বিতা সত্ত্বেও গতকাল ঢাকায় বিপ্লবী পক্ষের সকল রাজনৈতিক দল একসাথে এক মঞ্চে দাঁড়িয়ে ফ্যাসিবাদের বিরুদ্ধে তাদের ঐক্য অটুট রাখার অঙ্গীকার করেছে। এই বাংলাদেশ আর কখনোই কোনো ফ্যাসিবাদের পক্ষে বয়ান গ্রহণ করবে না। ৩৬ জুলাই এক সাগর রক্তের পথ পেরিয়ে যে গণতান্ত্রিক মুক্তি অর্জিত হয়েছে, সেই বাংলাদেশ অতীত, বর্তমান বা ভবিষ্যৎ কোন ফ্যাসিবাদের বয়ান আর গ্রহণ করতে প্রস্তুত নয়।

লেখক: সাংবাদিক।

## জুলাই সনদ: রাজনীতিতে যে সংকট তৈরি করতে পারে

১২ পৃষ্ঠার পর

থেকে অনেক ক্ষেত্রেই সরে এসে অনেক সাংবিধানিক সংস্কার প্রস্তাবে একমত হয়েছে। এই একমত হওয়ার সুবিধা যেমন আমাদের নেওয়া উচিত, তেমনি তাদের ভিন্নমতকেও মর্যাদা দেওয়া উচিত। ঐকমত্য কমিশন প্রস্তাবিত গণভোট একটি মারাত্মক সংকট তৈরি করতে পারে। ভিন্নমত যুক্ত করা ছাড়া প্রস্তাবগুলো সব যদি প্যাকেজ আকারে গণভোটে যায়, তাহলে দেশে কার্যকর রাজনৈতিক দলগুলোর মধ্যে সবচেয়ে বড় দলটি (বিএনপি) সেই গণভোটে কী অবস্থান নেবে?

সংবিধান সংস্কারের অনেকগুলো ইস্যুতে বিএনপি দ্বিমত প্রকাশ করেছে, বিতর্ক করেছে এবং রাজনৈতিক ঝুঁকি থাকার পরও সেগুলোতে স্থির থেকেছে; 'নোট অব ডিসেন্ট' দিয়েছে। দলটি এখন এই গণভোটের জন্য সব সংস্কার প্রস্তাব মেনে নেবে? ওদিকে ভিন্নমতের বিষয়গুলোর প্রতি যেহেতু দলটির খুব কঠোর বিরোধিতা আছে, তাহলে কি তারা 'না' ভোটের পক্ষে যাবে? বিএনপি যদি এই গণভোট হওয়াকে গ্রহণ করে এবং 'না' ভোটের পক্ষে যায়, তার সঙ্গে যদি পতিত স্বৈরাচার এবং তার দোসরদের 'না' ভোট যুক্ত হয়ে যদি 'না' বিজয়ী হয়, তাহলে তো এই পুরো সংস্কারপ্রক্রিয়া ভেস্তে যাবে। সবচেয়ে বড় কথা, এভাবে গণভোট হওয়াটা যদি বিএনপি গ্রহণ না করে এবং এর বিরুদ্ধে মাঠে রাজনৈতিক চাপ প্রয়োগের সিদ্ধান্ত নেয়, তখন কী হবে? অথচ ভিন্নমতসহ এই সনদের প্রস্তাব গণভোটে যেতে পারত। নির্বাচনের দিন গণভোট আয়োজিত হলে (সেটা হওয়াই ব্যবস্থাপনাগত দিক থেকে সঠিক হয়) এবং তাতে যদি 'হ্যাঁ' জয়লাভ করে, তাহলে ক্ষমতায় যে দল যাবে, সেই দলের একমত হওয়া সংস্কার প্যাকেজ কার্যকর হবে।

জাতীয় নির্বাচনের দিন গণভোট হলে আরেকটা সুবিধা পাওয়া যাবে-দলগুলো তাদের অনুমোদিত সংস্কারকে নির্বাচনী ইশতেহারে যুক্ত করতে পারবে। এতে এটাও বোঝা যাবে, জনগণ কতটুকু সংস্কার গ্রহণ করতে এই মুহূর্তে প্রস্তুত। প্রতিটি দল যেহেতু মনে করে জনগণ সংস্কার চায় এবং তারা যেভাবে সংস্কার চায় জনগণও সেভাবেই চায়, তাহলে গণভোট সেটারও একটা পরীক্ষা হয়ে যাবে। জনগণ চায় বলে রাজনৈতিক দলগুলো কথা বলবে, কিন্তু জনগণের নতিবাচক ম্যান্ডেট নিয়ে সেটাকে প্রতিষ্ঠিত করার আত্মবিশ্বাস রাখবে না, এটা তো হওয়া উচিত না। ঐকমত্য কমিশনের সুপারিশমতো সরকার গণভোটের আয়োজন করতে গেলে অনিবার্যভাবেই দেশে রাজনৈতিক অনৈক্য, এমনকি সংঘাত তৈরির পরিস্থিতি তৈরি হবে। সাম্প্রতিক সময়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে এমনিতেই দ্বন্দ্ব-সংঘাত বাড়ছে। এমন একটি প্রেক্ষাপটে এমন সিদ্ধান্ত নিশ্চয়ই পরিস্থিতিকে আরও সংঘাতময় করে তুলবে। গণভোট প্রশ্নে শেষ পর্যন্ত কী হবে, সেটা ভবিষ্যৎ বলবে। জাতীয় ঐকমত্য কমিশন তৈরি হয়েছিল সংস্কার প্রশ্নে রাজনৈতিক দলগুলোর মধ্যে মোটা দাগে মতৈক্য প্রতিষ্ঠা করতে। দীর্ঘ সময় ধরে কাজটি তারা দক্ষতা ও আন্তরিকতার সঙ্গে করেছে। কিন্তু গণভোট প্রশ্নে অবস্থান শেষ মুহূর্তে এসে কমিশনের ভূমিকাকে প্রশ্নবিদ্ধ করেছে। আগামী বছরের ফেব্রুয়ারির দ্বিতীয় সপ্তাহে নির্বাচন অনুষ্ঠিত হলে সময় বাকি আছে সর্বোচ্চ সাড়ে তিন মাস। সরকার এমনিতেই নানা সংকটে জেরবার। দেশের অর্থনীতি ভালো চলছে না, আইনশৃঙ্খলা পরিস্থিতি যথেষ্ট নাজুক। এর মধ্যেই রাজনৈতিক দলগুলোর মধ্যে বিভেদ, দ্বন্দ্ব-সংঘাত বাড়ছে। জুলাই সনদ বাস্তবায়নের যে পদ্ধতি প্রস্তাবিত হয়েছে, সেটা গ্রহণ করা কোনোক্রমে উচিত হবে না অন্তর্বর্তীকালীন সরকারের। কারণ, এভাবে জুলাই সনদ বাস্তবায়ন করতে গেলে উদ্ভূত পরিস্থিতি জাতীয় নির্বাচনকেই অনিশ্চিত করে তুলবে।

জাহেদ উর রহমান: বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও রাজনৈতিক বিশ্লেষক।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com 718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432




# আমানত রক্ষার গুরুত্ব ও সওয়াব

মিজানুর রহমান

আমানত আরবি শব্দ, যার অর্থ গচ্ছিত রাখা, নিরাপদ রাখা, প্রতিশ্রুতি পূর্ণ করা। ইসলামের পরিভাষায় কারও কাছে কোনো অর্থ-সম্পদ গচ্ছিত রাখাই আমানত। যিনি গচ্ছিত দ্রব্য যথাযথভাবে সংরক্ষণ করেন এবং এর প্রকৃত হকদার বা মালিক চাওয়ামাত্র তা অক্ষত অবস্থায় ফিরিয়ে দেন তাকে 'আমানতদার' বলা হয়। অপরদিকে অন্যের গচ্ছিত সম্পদ মালিকের কাছে যথাযথ প্রত্যর্পণ না করে আত্মসাৎ করাই হচ্ছে খেয়ানত। যে ব্যক্তি লোভের বশবর্তী হয়ে অন্যের গচ্ছিত সম্পদ খেয়ানত করে, সে আত্মসাৎকারী হিসেবে বিবেচিত হয়। মানুষের অর্থলিপ্সা তাকে হিতাহিত জ্ঞানশূন্য করে ফেলে। ফলে সে বৈধ-অবৈধ সব পন্থায় অর্থ-সম্পদ লাভে ব্রতী হয়। তাই ইসলামে আমানত সুরক্ষার জন্য বিশেষভাবে নির্দেশ দেওয়া হয়েছে। পবিত্র কোরআনে আল্লাহতায়ালা এরশাদ করেন, 'নিশ্চয়ই আল্লাহ তোমাদের আদেশ দিচ্ছেন, তোমরা আমানত তার মালিককে প্রত্যর্পণ করবে বা ফেরত দেবে' (সুরা নিসা : ৫৮)।



অন্য আয়াতে আল্লাহতায়ালা বলেন, 'তোমরা নিজেদের মধ্যে একে অন্যের অর্থ-সম্পদ অন্যায়ভাবে গ্রাস করো না এবং মানুষের ধন-সম্পদের কিয়দংশ জেনে-শুনে অন্যায়ভাবে গ্রাস করার উদ্দেশ্যে তা বিচারকের কাছে পেশ করো না।' (সুরা বাকারা : ১৮৮)।

ইসলামের আদর্শ বাস্তবায়নে এবং সুখী-সমৃদ্ধ সমাজব্যবস্থা বিনির্মাণে আমানত রক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। আমানত রক্ষণাবেক্ষণের মাধ্যমে ঈমান পরিপূর্ণতা লাভ করে এবং আমানতদারকে সবাই ভালোবাসে। আমানত রক্ষা তাকওয়া অর্জনে সহায়তা করে। এর মাধ্যমে পরকালে জান্নাতের পথ সুগম হয়। আমানতদারির এরপর ২৮ পৃষ্ঠায়

## ইসলামে হালাল জীবিকা উপার্জনের গুরুত্ব

ইলিয়াস মাশহুদ

রিজিক দুই প্রকার- হালাল রিজিক ও হারাম রিজিক। কোনো ব্যক্তি যখন শরিয়তসম্মত পন্থায় সম্পদ উপার্জন করে তা ভোগ করে, তখন তাকে হালাল রিজিক বলে। এর বিপরীতে যখন কোনো ব্যক্তি অবৈধ পন্থায় কোনো সম্পদ উপার্জন করে তা ভোগ করে, তখন তা তার জন্য হারাম রিজিক হিসেবে সাব্যস্ত হয়। রিজিক হাসিলের ক্ষেত্রে আল্লাহতায়ালা বৈধ পন্থা অবলম্বনের নির্দেশ দিয়েছেন।

আল্লাহতায়ালা মানুষকে হালাল রুজি ভক্ষণের নির্দেশ দিয়ে বলেন, 'হে লোকসকল! তোমরা পৃথিবীর হালাল ও পবিত্র খাদ্যদ্রব্য থেকে ভক্ষণ কর, আর শয়তানের পদাঙ্ক অনুসরণ কোরো না। নিশ্চয় সে (শয়তান) তোমাদের প্রকাশ্য শত্রু।' (সুরা বাকারা : ১৬৮)। এ আয়াতের শেষাংশে আল্লাহতায়ালা হারাম রিজিক ভক্ষণের মাধ্যমে শয়তানের পদাঙ্ক অনুসরণ করতে নিষেধ করেছেন। অর্থাৎ যারাই হারাম রিজিক উপার্জন কিংবা ভক্ষণ করবে, তারাই আল্লাহতায়ালার আদেশ অমান্য করে শয়তানের অনুসরণ করবে। আর শয়তান হলো মানুষের প্রকাশ্য শত্রু।

মুমিনদের উদ্দেশে আল্লাহতায়ালা বলেন, 'হে ঈমানদাররা! তোমরা আমার দেওয়া রিজিক হতে পবিত্র খাদ্যদ্রব্য আহার করো, আর আল্লাহতায়ালার কৃতজ্ঞতা প্রকাশ করো, যদি তোমরা তাঁরই ইবাদত করো।' (সুরা এরপর ৩৬ পৃষ্ঠায়





## যে দানে সওয়াব নেই

আবদুল্লাহ হাসান কাসেমি

আর্তমানবতার সহায়তায় এবং বিভিন্নমুখী দ্বীনি সহযোগিতায় আমরা দান-সদকা করি। যা আল্লাহতায়ালার কাছে অত্যন্ত প্রিয় ও পছন্দনীয় একটি ইবাদত। এর দ্বারা বিপদাপদ দূর হয়, আল্লাহর সন্তুষ্টি অর্জন হয়, পুণ্য ও প্রতিদান লাভ হয় এবং পরকালীন জীবন হয় সুখী, সমৃদ্ধ। আল্লাহতায়ালা বলেন, 'কে আছে, যে আল্লাহকে উত্তম ঋণ দেবে; তাহলে তিনি দাতার জন্য তা বহুগুণে বৃদ্ধি করে দেবেন এবং তার জন্য রয়েছে মহাপ্রতিদান।' (সুরা হাদিদ : ১১)। অন্য আয়াতে এসেছে, 'তোমরা কোনো পুণ্য অর্জন করতে পারবে না, যতক্ষণ না পছন্দনীয় বস্তু আল্লাহর পথে ব্যয় করবে।' (সুরা আলে ইমরান : ৯২)। উকবা ইবনে আমির (রা.) বলেন, আমি রাসুল (সা.)-কে বলতে শুনেছি, 'প্রতিটি মানুষ কেয়ামতের দিন তার সদকার ছায়াতলে থাকবে, যতক্ষণ না মানুষের মধ্যে ফয়সালা করা হবে।' (মুসনাদে আহমদ : ১৭৩৩৩)।

অবৈধ পথে উপার্জিত সম্পদ ব্যয় : দানের অপরিসীম সওয়াব ও ফজিলতের কথা শুনে আমরা অনেকে অনুপ্রাণিত হয়ে অনাথ, অসহায় ও বিপদগ্রস্ত লোককে সহযোগিতা করি, তাদের এরপর ২৮ পৃষ্ঠায়

## ইসতিগফারে জীবিকা লাভের উপায়

মুজিব হাসান



মানুষের জীবনে জীবিকা, প্রশান্তি ও সমৃদ্ধির গুরুত্ব অপরিসীম। এগুলোর পেছনে তাকে ছুটে চলতে হয় অবিরাম। কিন্তু কোরআন ও হাদিস আমাদের জানায়, এসবের সবচেয়ে সহজ ও শক্তিশালী মাধ্যম হলো ইসতিগফার। আল্লাহর কাছে ক্ষমাপ্রার্থনা শুধু পাপ মোচনের জন্য নয়, বরং জীবিকা লাভের গুরুত্বপূর্ণ মাধ্যম।

কোরআনের সাক্ষ্য : আল্লাহতায়ালা পবিত্র কোরআনে নুহ (আ.)-এর কথা উল্লেখ করে বলেন, 'তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা করো, তিনি তো অতি ক্ষমাশীল। (তোমরা তা করলে) তিনি আকাশ থেকে তোমাদের জন্য প্রচুর বৃষ্টি বর্ষণ করবেন, তোমাদের ধনসম্পদ ও সন্তানসন্ততি বাড়িয়ে দেবেন, তোমাদের জন্য বাগান সৃষ্টি করবেন এবং নদীনালা প্রবাহিত করবেন।' (সুরা নুহ : ১০-১২)। হুদ (আ.)-এর বক্তব্য উল্লেখ করে বলেন, 'হে আমার সম্প্রদায়, তোমরা ইস্তিগফার করো এবং আল্লাহর কাছে তাওবা করো। (তোমরা তা করলে) তিনি তোমাদের ওপর প্রচুর বৃষ্টি বর্ষণ করবেন এবং তোমাদের শক্তি বাড়িয়ে দেবেন।' (সুরা হুদ : ৫২)।

ইসতিগফারের ফল : আল্লাহতায়ালা এই আয়াতে ইসতিগফারের ফল হিসেবে তিন ধরনের নেয়ামতের কথা উল্লেখ করেছেন-

১. ধারাবাহিক বৃষ্টি বর্ষণ।
২. সবুজ-শ্যামল বাগবাগিচা।
৩. সুমিষ্ট পানির নদীনালা।

ইমাম কুরতুবি (রহ.) বলেন, এ আয়াতগুলো স্পষ্ট প্রমাণ দেয়, ইসতিগফারের কারণে জীবিকা বৃদ্ধি হয় ও বৃষ্টি বর্ষিত হয়। হাফেজ ইবনে কাসির (রহ.) এর ব্যাখ্যায় বলেন, 'যখন তোমরা আল্লাহর কাছে তওবা ও এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City — অক্টো-নভে ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 31 | 6:09 | 7:26 | 12:40 | 3:29 | 5:53 | 7:10 |
| 1 | 6:10 | 7:27 | 12:40 | 3:28 | 5:52 | 7:09 |
| 2 | 5:11 | 6:28 | 11:40 | 2:27 | 4:51 | 6:08 |
| 3 | 5:12 | 6:29 | 11:40 | 2:26 | 4:50 | 6:07 |
| 4 | 5:13 | 6:30 | 11:40 | 2:26 | 4:48 | 6:06 |
| 5 | 5:14 | 6:31 | 11:40 | 2:25 | 4:47 | 6:05 |
| 6 | 5:15 | 6:33 | 11:40 | 2:24 | 4:46 | 6:04 |

source: salahtimes.com

## সংঘাতের আশঙ্কা নিয়ে কিছু কথা

১০ পৃষ্ঠার পর

মানুষের মনে আর সমাজেও স্বাভাবিক পরিবেশ বিরাজ করে না। রাজনীতির সব কর্মকাণ্ডেও দেখা যায় সংঘাত, সন্ত্রাস, রক্তপাত ও প্রাণহানির মতো উদ্বেগজনক ঘটনা। তাই সামনে জাতীয় নির্বাচনের সময় এ ধরনের লোকজনের কীভাবে প্রতিরোধ করা যায়, সেটা নিয়ে আগাম ভাবনা জরুরি।

এরপর সংঘাতের পরিবেশ এড়িয়ে যাওয়ার জন্য দরকার রাষ্ট্রের প্রতিটি সেক্টরে নির্দলীয় পরিবেশ ফিরিয়ে আনা। রাষ্ট্রের প্রশাসন, বিচারব্যবস্থাসহ সব ক্ষেত্রে এটা করা সম্ভব না হলে সংঘাত এড়ানো সম্ভব হবে না। গত সরকারের বিরুদ্ধে বড় অভিযোগ ছিল, তারা রাষ্ট্রীয় সব সেক্টরে দলীয় আনুগত্যের লোকে ভরিয়ে তুলেছিল। কিন্তু এখনকার পরিস্থিতিতে ভিন্ন কোনো পরিবেশ কি বিরাজ করছে? এখনো যে সেটা করা সম্ভব হয়নি, সেটা বোঝা যায় বিভিন্ন দলের নেতৃত্বের পরস্পরের বিরুদ্ধে কথা বলা থেকে।

সংঘাত কি নির্বাচনের সময়ই হবে? একটা আশঙ্কা থেকে যায়, অতীত অভিজ্ঞতা বলে, আমাদের দেশে নির্বাচনের সময়ের চেয়ে সংঘাত-সহিংসতার ঘটনা বেশি ঘটে থাকে নির্বাচনের পরে। দেশের বড় রাজনৈতিক দলগুলো যদি এবারও একই ঘটনার পুনরাবৃত্তি করে থাকে, তাহলে সাধারণ মানুষ বড় ধরনের প্রতারণার শিকার হবে বলে ধরে নেবেন। কারণ, এত বড় অভ্যুত্থানের পর মানুষ সেটা মেনে নেবে না।

লেখক: সহসম্পাদক, আজকের পত্রিকা।

## বৃহত্তর নোয়াখালী সোসাইটির তাফসিরুল কুরআন মাহফিল

৬২ পৃষ্ঠার পর

কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন ৬০জন শিক্ষার্থী। প্রতিযোগিতায় বিচারকার্য পরিচালনা করেন ইকবাল হোসেন জীবন ও মাওলানা আশরাফ। তিনটি বিষয়ে দুই বিভাগে মোট ১৮ শিক্ষার্থীকে ১ম, ২য়, ৩য় ক্রমে পুরস্কৃত করা হয়। তবে, সব প্রতিযোগীর হাতে অংশগ্রহণের স্মারক সনদপত্র তুলে দেয়া হয়।

বৃহত্তর নোয়াখালী সোসাইটির সভাপতি নাজমুল হাসান মানিকের সভাপতিত্বে প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী, তাফসিরুল কুরআন ও দোয়া মাহফিল পরিচালনা করেন বর্তমান সেক্রেটারি ইউসুফ জসিম, নবনির্বাচিত সেক্রেটারি এএসএম মাইনউদ্দিন পিন্টু ও নবনির্বাচিত ধর্মবিষয়ক সম্পাদক মানজুরুল করিম।

মাহফিলে প্রধান অতিথি হিসাবে তাফসির পেশ করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিব মীর্জা আবু জাফর বেগ। আরো তাফসির পেশ করেন মাওলানা মুফতি আব্দুল মালেক আল মাদানী, মাওলানা ইমাম জাকারিয়া মাহমুদ, ড. আনসারুল করিম আজাহারি, মুফতি ইসমাইল, মাওলানা ইমাম মানজুরুল করিম, মাওলানা ইমাম আশরাফ, মাওলানা আতাউর রহমান জালালাবাদী।

মীর্জা আবু জাফর বেগ বলেন, আল্লাহ তায়ালা বলেছেন তোমরা নিরাশ হইওনা। দুনিয়ায় কিছুনা কিছু ভালো কাজ রেখে যাবেন যার সুফল আখেরাতে পাবেন। বৃহত্তর নোয়াখালী সোসাইটি ইসলামের জন্য মুসলমানদের জন্য কাজ করছে। কবরস্থান প্রকল্প এর অন্যতম উদাহরণ। এজন্য সবাইকে একতাবদ্ধ হয়ে কাজ করতে হবে।

আলোচনা শেষে তিনি বৃহত্তর নোয়াখালী সোসাইটির সদ্য প্রয়াত সাবেক সেক্রেটারি কামাল হোসাইন (বিএনএস কামাল) সহ সকল প্রয়াত সদস্যদের রূহের মাগফেরাত এবং বর্তমানে অসুস্থ এসএম আমানত, আবুল কাসেম এবং মাষ্টার ইলিয়াসসহ সকল অসুস্থদের দ্রুত আরোগ্য কামনায় দোয়া পরিচালনা করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নবনির্বাচিত সভাপতি জাহিদ মিন্টু, সেক্রেটারি এএসএম মাইনউদ্দিন পিন্টু, সহ-সভাপতি তাজু মিয়া এবং ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান হাজী মফিজুর রহমান।

মাহফিল চলাকালে বড় পর্দায় বৃহত্তর নোয়াখালী সোসাইটি ইউএসএ'র প্রতিষ্ঠার ইতিহাস, বর্তমান স্থাবর সম্পত্তির বিবরণ, প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি দায়িত্বপালনকারী কমিটি সমূহ, বর্তমান কার্যনির্বাহী কমিটি, উপদেষ্টা পরিষদ ও ট্রাষ্টি বোর্ড, নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি এবং ১ লাখ কবরের বাংলাদেশ সেমিট্রির ইতিবৃত্ত তুলে ধরা হয়।

মাহফিলে আগত মুসল্লীদের মাঝে পবিত্র কুরআন বিতরণ করা হয় এবং আগ্রহী প্রবাসী নোয়াখালীবাসীদের মাঝে সদস্য অন্তর্ভুক্তি ফরম বিতরণ করা হয়।

## সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে ২৫ অঙ্গরাজ্যে মামলা

৬২ পৃষ্ঠার পর

অচলাবস্থা বা শাটডাউনেরও এখনো কোনো সমাধান হয়নি। ইউএসডিএ এক ঘোষণায় বলেছে, সহজভাবে বললে, কূপ এখন খাদ্য সহায়তার বরাদ্দ শেষ।

বিবিসির তথ্যমতে, ডেমোক্র্যাট অ্যাটর্নি জেনারেলদের নেতৃত্বে ২৫টি অঙ্গরাজ্য ও ওয়াশিংটন ডিসি এই মামলায় যুক্ত হয়েছে। তাদের যুক্তি, প্রশাসন যদি জরুরি তহবিল ব্যবহার না করে, তবে তা আইনবিরুদ্ধ হবে এবং দরিদ্র নাগরিকরা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে।

মামলায় বলা হয়েছে, এসএনএপি কর্মসূচি বন্ধ হলে জনগণের স্বাস্থ্য ও কল্যাণ অপূরণীয়ভাবে ক্ষতিগ্রস্ত হবে। খাদ্য সহায়তা বন্ধ মানে অনাহার, অপুষ্টি ও খাদ্য নিরাপত্তাহীনতার বিস্তার। বিশেষ করে শিশুদের মধ্যে একাগ্রতা হ্রাস, ক্লান্তি, বিষণ্ণতা এবং আচরণগত সমস্যার মতো গুরুতর প্রভাব ফেলতে পারে।

অ্যারিজোনা, ক্যালিফোর্নিয়া, কলোরাডো, কানসাস, নিউইয়র্ক, ওয়াশিংটন ও উইসকনসিনসহ মোট ২৫টি অঙ্গরাজ্য এই মামলায় অংশ নিয়েছে।

ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম এক বিবৃতিতে বলেন, ডোনাল্ড ট্রাম্প যখন পৃথিবীজুড়ে নিজের ব্যর্থতা ঢাকতে ঘুরে বেড়াচ্ছেন, তখন তিনি নিজ দেশের কোটি মানুষকে অনাহারে ঠেলে দিচ্ছেন। এটা নির্মমতা, এবং এর মাধ্যমে তিনি আমেরিকান জনগণের প্রতি নিজের উদাসীনতা প্রকাশ করছেন।

অন্যদিকে ইউএসডিএ অভিযোগ করেছে, এই অচলাবস্থার জন্য ডেমোক্র্যাটরাই দায়ী। সংস্থাটি এক বিবৃতিতে বলেছে, এখন ডেমোক্র্যাটদের সিদ্ধান্ত নিতে হবে তারা কি নিজেদের দলের চরমপন্থীদের তুষ্ট করবে, নাকি সরকার পুনরায় সচল করে মায়েরা, শিশু ও দরিদ্ররা যেন সময়মতো খাদ্য সহায়তা পায়, তা নিশ্চিত করবে।

যুক্তরাষ্ট্রে সামাজিক নিরাপত্তা ও খাদ্য সহায়তা কর্মসূচি নিয়ে রাজনৈতিক টানাপোড়েন নতুন নয়। তবে চলমান প্রশাসনিক অচলাবস্থা ও জরুরি তহবিল ব্যবহার না করার সিদ্ধান্ত এবার নিম্নআয়ের জনগোষ্ঠীর জন্য বড় সংকট ডেকে আনতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।

## ভেনেজুয়েলার প্রেসিডেন্টকে ধরতে অভিনব ফাঁদ



৬২ পৃষ্ঠার পর

সংবাদ সংস্থা। প্রতিবেদনে বলা হয়েছে, মার্কিন ফেডারেল এজেন্ট এডউইন লোপেজ এক গোপন বৈঠকে মাদুরোর পাইলটকে বিপুল অর্থের প্রস্তাব দেন। লোপেজ অবসর নেওয়ার পরও একটি এনক্রিপটেড মেসেজিং অ্যাপের মাধ্যমে গোপনে পাইলটের সঙ্গে যোগাযোগ রাখেন। এই অভিযান সম্পন্ন করতে প্রায় ১৬ মাস ধরে পরিকল্পনা করা হয়েছিল। পাইলটকে দেওয়া প্রস্তাবে বলা হয়েছিল, মাদুরোর বিমানটির রুট পরিবর্তন করে যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন এলাকায় নিয়ে আসলে তাকে ধনী করে দেওয়া হবে। লোপেজ পাইলটকে বলেছিলেন, 'বিমানের রুট বদলে দিয়ে তুমি যদি সাহায্য করো তবে তোমাকে খুব ধনী মানুষ বানানো হবে।'

একই সঙ্গে, মাদুরোকে ধরিয়ে দিতে পুরস্কারের পরিমাণ দ্বিগুণ বাড়িয়ে ৫ কোটি ডলার ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র। এই ঘোষণাকে কাজে লাগিয়ে লোপেজ পাইলটকে পাঠানো এক বার্তায় লেখেন, 'আমি এখনো তোমার জবাবের অপেক্ষায় আছি।' জানা গেছে, বিমানবন্দরের গোপন হ্যাঙ্গারে হওয়া বৈঠকে তাদের কথোপকথনের পরিবেশ ছিল উত্তেজনাপূর্ণ। এ প্রস্তাবের পক্ষে পাইলট কোনো প্রতিশ্রুতি না দিলেও নিজের ফোন নম্বর লোপেজকে দিয়েছিলেন। পাইলটের এমন কর্মকাণ্ডে ধারণা করা হচ্ছে তিনি হয়ত প্রস্তাবটি বিবেচনা করছিলেন।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি মার্কিন গোয়েন্দা সংস্থা সিআইএ-কে ভেনেজুয়েলায় গোপন অভিযান পরিচালনার অনুমোদন দিয়েছেন। মাদক পাচারবিরোধী অভিযানের নামে ক্যারাবিয়ান অঞ্চলে যুদ্ধবিমান ও যুদ্ধজাহাজ মোতায়েন করেছে যুক্তরাষ্ট্র। মার্কিন সামরিক বাহিনীর হামলায় অন্তত ১৩টি অভিযানে ৫৭ জন নিহত হয়েছেন বলে খবর প্রকাশিত হয়েছে।

## ব্রঙ্কসে বাঙালীর ভাবনা শীর্ষক সভা অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

অংশ গ্রহণ করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ, সহ-সভাপতি আব্দুর রহিম বাদশা, রাজনীতিবিদ নাদিরা নাসরিন, সাংবাদিক সুলতানা রহমান, বীরমুক্তিযোদ্ধা মনজুর আহমেদ। নেতৃবৃন্দের মধ্যে ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ-সভাপতি সোলায়মান আলী, আব্দুল শহীদ, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, বীরমুক্তিযোদ্ধা মোকাদ্দেল আহমেদ চৌধুরী, ব্রঙ্কস আওয়ামী লীগের সভাপতি আব্দুল মুহিত, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাখাওয়াত আলী, যুবলীগ নেতা শেখ জামাল হোসেন, মিজানুর রহমান চৌধুরী, ছাত্রলীগ নেতা আদর মিয়া প্রমুখ।

অনুষ্ঠানে নিউইয়র্কে বসবাসরত বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশীরা এবং বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উপস্থিত বিভিন্ন জনের প্রশ্নের উত্তর দেন ব্যারিস্টার নিঝুম মজুমদার।

আলোচনায় বক্তারা বলেন বাংলাদেশ ইতোমধ্যে একটি ব্যর্থ রাষ্ট্রে পরিণত হয়েছে। বাংলাদেশে বিচার ব্যবস্থা বলতে কিছু নেই। এক বিচারপতি ফাঁসির রায় দেন বর্তমান বিচারপতি এসে বলেন সব খালাস। এই হলো বাংলাদেশের বিচারব্যবস্থা।

## নানা আয়োজনে নিউইয়র্কে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত

৬২ পৃষ্ঠার পর

অনুষ্ঠানের শুরুতে সবার পার্টি সেন্টারের সামনে বেলুন ও পায়রা উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন করা হয়। এসময় উপস্থিত ছিলেন রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সিনিয়র আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আবু নাইম আহমেদ, যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সভাপতি জাকির এইচ. চৌধুরীসহ আরো অনেকেই।

পরে আলোচনা সভায় বক্তারা বলেন, ফ্যাসিস্ট শেখ হাসিনার পতনের আন্দোলনে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের পাশাপাশি যুক্তরাষ্ট্র যুবদলেরও গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। প্রবাসে থেকেও যুক্তরাষ্ট্র যুবদল তারেক রহমানের নির্দেশনা অনুযায়ী দলীয় সব কর্মসূচি পালন করেছে এবং ফ্যাসিস্টবিরোধী সভা, সেমিনার ও আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ করেছে। গত দুই বছর ধরে যুক্তরাষ্ট্র যুবদলের কমিটি না থাকলেও তারেক রহমান দেশে ফিরেই কমিটি গঠনের বিষয়ে নির্দেশনা দেবেন বলেও আশাবাদ ব্যক্ত করেন তারা।

## দেশে নির্বাচন না গৃহযুদ্ধ!

১ পৃষ্ঠার পর

ছিল। ষড়যন্ত্র সরকারের ভেতরেরও একটি শক্তি। অনেকেই বলছেন, ফেব্রুয়ারিতে নির্বাচন না হলে দেশ গৃহযুদ্ধের দিকে ধাবিত হবে। গণভোট নিয়েই নির্বাচন বানচালের ফাঁদ পাতানো হয়েছে। 'জুলাই সনদ' বাস্তবায়ন ঘিরে সৃষ্টি হয়েছে গোলক ধাঁধা। বিএনপি মহাসচিব ফকরুল ইসলাম আলমগীর বলেছেন, জাতীয় নির্বাচনের আগে কোন হাঁ-না ভোট হবে না। তা হতে হলে জাতীয় নির্বাচনের দিনই হতে হবে। জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি আলী রিয়াজ বলেছেন, আগামী নির্বাচিত সংসদ একটা নির্ধারিত সময়ে এই সনদ সংসদে অনুমোদন না করলে তা স্বয়ংক্রিয়ভাবে সংবিধানে অন্তর্ভুক্ত হয়ে যাবে। এ ব্যাপারে তীব্র মতবিরোধের সৃষ্টি হয়েছে। বিএনপি বলছে, এটা জাতির সাথে প্রতারণা। অপরদিকে, জামায়াতে ইসলামী আগামী জাতীয় সংসদ নির্বাচনের আগেই জুলাই সনদ বাস্তবায়নের লক্ষ্যে একটি গণভোট দেবার আহ্বান জানিয়েছে। দলটি ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন না করার হুঁশিয়ারিও দিয়েছে। জামায়াতে ইসলামী বর্তমানে বাংলাদেশের রাজনীতির মাঠে থাকা সক্রিয় দলগুলোর মধ্যে দ্বিতীয় বৃহত্তম দল। একনম্বর, এক নম্বর অবস্থানে আছে বিএনপি। ছাত্রদের নেতৃত্বে পরিচালিত জুলাই-আগস্ট অভ্যুত্থানে নেতৃত্বদানকারী তরুণ সমাজকে নিয়ে গঠিত নতুন দল এনসিপি জুলাই সনদ বাস্তবায়ন না হলে নির্বাচন থেকে সরে আসার হুমকিও দিচ্ছে। জুলাই সনদ বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে শেখ হাসিনার বিরুদ্ধে এক সঙ্গে আন্দোলন করা দলগুলো এখন পরস্পরের মুখোমুখি। জাতীয় ঐকমত্য কমিশন গত এক বছর যাবত অনেকবার বৈঠক করে শুধু অনৈক্য সৃষ্টি করেছে।

বাংলাদেশে অভ্যুত্থান পরবর্তি সময়ে কী ধরনের সংস্কার পরিচালিত হবে তা নির্ধারণের লক্ষ্যে রাজনৈতিক দলগুলোকে নিয়ে জাতীয় ঐকমত্য কমিশন গত এক বছর যাবত একের পর এক বৈঠক করেছে। ওই সকল বৈঠকে গৃহীত সিদ্ধান্তের আলোকে 'জুলাই সনদ' প্রণয়ন করা হয় যাতে বিএনপি ও জামায়াতসহ বিভিন্ন দল সই করেছে। তবে এই সনদ বাস্তবায়নের সুস্পষ্ট রূপরেখা না থাকায় এনসিপি জুলাই সনদে সই করেনি। শুধু জুলাই সনদে সই করা নিয়ে নয়; বরং নির্বাচনের মাঠেও মুখোমুখি বিএনপি-জামায়াত। বিভিন্ন নির্বাচনী এলাকায় জামায়াতে ইসলামীর ওপর হামলা হচ্ছে বলে দলটি অভিযোগ করছে।

বাংলাদেশে বিগত বিভিন্ন নির্বাচনে জামায়াতে ইসলামী খুব বেশি ভোট পায়নি। স্বাধীনতা বিরোধী এই দলটি এখন পর্যন্ত সর্বোচ্চ ১৮ আসনে জয়লাভের ইতিহাস আছে। কিন্তু এবার জামায়াত ক্ষমতায় যাওয়া কিংবা প্রধান বিরোধী দল হওয়ার স্বপ্ন দেখছে। দেশের চারটি প্রধান বিদ্যাপিঠ - ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ নির্বাচনে জামায়াতে ছাত্র সংগঠন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির বিপুল বিজয় অর্জন করেছে। এতে করে জামায়াতের মধ্যে চাঙ্গাভাব সৃষ্টি হয়েছে। কেউ কেউ মনে করেন, জাতীয় সংসদ নির্বাচনে জামায়াতের পক্ষে অনুকূল পরিবেশ সৃষ্টি করা হচ্ছে। সেই সঙ্গে জামায়াত বিশেষ টার্গেট ভোটারদের দ্বারে দ্বারে যাচ্ছে। বিশেষ করে নারী ভোটারদের টার্গেট করে তাদের মধ্যে 'তালিম' তথা ইসলামী বয়ান নিয়ে বাড়ি বাড়ি যাচ্ছে।

এত কিছুর পরও এখন পর্যন্ত সাধারণ ধারণা হলো, বিএনপি আগামী নির্বাচনে জয়লাভ করবে এবং সরকার গঠন করবে। বিএনপি'র মনোনয়ন পেতে তীব্র প্রতিযোগিতার সৃষ্টি হয়েছে। বিএনপি জেলায় জেলায় প্রার্থীদের যাচাই-বাছাই করার জন্যে শীর্ষস্থানীয় কোনও কোনও নেতাকে দায়িত্ব দিয়েছে। নেতারা একটা সংক্ষিপ্ত তালিকা করার পর তাদের লন্ডনে ডেকে সাক্ষাৎকার নেওয়া হচ্ছে। শিগগিরই দলটি চূড়ান্ত মনোনয়ন ঘোষণা করবে। যদিও জামায়াতে ইসলামী প্রায় সব আসনে প্রার্থীর মনোনয়ন চূড়ান্ত করেছে। এনসিপি এখন পর্যন্ত ১৭০ আসনে মনোনয়ন চূড়ান্ত করতে পেরেছে। বিএনপি'র জন্য একটা বড় সংকট তারেক রহমানের দেশে ফেরা নিয়ে সুস্পষ্ট দিনক্ষণ না পাওয়া। প্রথমে শোনা গিয়েছিলো যে, তারেক রহমান নভেম্বরের প্রথমার্ধে দেশে ফিরবেন। কিন্তু এখন শোনা যাচ্ছে, তিনি নভেম্বরের ২০ তারিখ পবিত্র ওমরাহ পালনের লক্ষ্যে সৌদি আরব সফর করবেন। তারপর সেখান থেকে তিনি আবার লন্ডন ফিরে যাবেন। এখন মনে হচ্ছে, নির্বাচনের তফসিল ঘোষণার পর তিনি দেশে ফিরবেন। কি জন্যে তার এই দেরিতে দেশে ফেরা। বিএনপি নেতারা বলছেন, নিরাপত্তাজনিত কারণে তিনি দেরি করছেন। এটা একেবারেই অস্পষ্ট যে, তার নিরাপত্তার হুমকি কারা সৃষ্টি করতে পারে। এমনওতো হতে পারে যে, নির্বাচন নিয়ে খানিকটা অনিশ্চিত পরিস্থিতি দেখছেন তিনি। নির্বাচন মধ্য ফেব্রুয়ারির আগেই হবে এমন নিশ্চয়তা পেলেই হবে তারেক রহমান দেশে আসবেন বলে মনে হচ্ছে। তবে যে কারণেই হোক, তারেকের দেশে ফিরতে যত দেরি হবে ততই তিনি মাঠ হারাতে থাকবেন। কারণ নির্বাচনের আগে মাঠের পরিচর্যা ছাড়া মাঠ দখলে রাখা কঠিন। কারণ প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা মাঠে যথেষ্ট পরিচর্যার সৃষ্টি করে থাকে। এবারের নির্বাচনে নানা জটিলতা থাকবে বলে মনে হচ্ছে।

এদিকে, প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিনটি বিদেশী সংবাদ মাধ্যম --রয়টার্স, এএফপি এবং লন্ডনের ইন্ডিপেনডেন্ট পত্রিকার সঙ্গে সাক্ষাৎকার দিয়েছেন। তিনি বলেছেন, তার বিরুদ্ধে দায়ের করা মামলাগুলো ভুল। তিনি হত্যার জন্যে পুলিশকে নির্দেশ দেননি। এছাড়া, তার দল আওয়ামী লীগকে বাইরে রেখে নির্বাচন করার চেষ্টা হচ্ছে। আওয়ামী লীগকে নির্বাচনে অংশ নিতে সুযোগ না দেওয়া হলে দলটির মিলিয়ন মিলিয়ন সমর্থক ভোট দিতে ভোট কেন্দ্রে যাবে না। শেখ হাসিনা এমন মন্তব্য এমন এক সময়ে করলেন যখন শেখ হাসিনার বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অন্তত একটি মামলা খুব সহসা রায় হবে। অপরদিকে, প্রধান উপদেষ্টার তথ্য মতে, ডিসেম্বরের প্রথম সপ্তাহেই জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণা করবে নির্বাচন কমিশন। ফলে নির্বাচন নিয়ে আশার কথাও আছে। আছে নিরাশার কথাও। আশা-নিরাশার মধ্যে দোল খাচ্ছে বাংলাদেশের গণতন্ত্রে ফেরার স্বপ্ন।

## তলোয়ার

১৬ পৃষ্ঠার পর

"তুমি ভাবো শুধু অভিনয়! আমি জানি আমি কে! এই তলোয়ার আমাকে সেটা মনে করিয়ে দেয়।"

ইরা রেগে কিছু বলতে গিয়ে চুপ করে যায়। ওর মনে হয়, তলোয়ারটা আবীরকে কেবল চরিত্রশিল্পী বানাচ্ছে না, ধীরে ধীরে ওকে বাস্তবতা থেকে টেনে সরিয়ে নিচ্ছে।

ওই রাতে, ঘুমের ঘোরে আবীর আবার সংলাপ বলতে শুরু করল। কিন্তু এবার তার কণ্ঠে এমন এক তীব্রতা ছিল, যেন ও যুদ্ধক্ষেত্রে দাঁড়িয়ে আদেশ দিচ্ছে। ইরা শিউরে উঠল, ওটা কি কেবল অভিনয়, নাকি আবীরের ভেতরে অন্য কারও কণ্ঠ জন্ম করছে?

শীতের সন্ধ্যা। জ্যামাইকায় একটি থিয়েটারে বাংলাদেশী কমিউনিটির মানুষদের ভিড়। প্রথম শো বলে নাটকের কুশীলবরা প্রচণ্ড টেনশনে আছে নিজেদের পারফরমেন্স নিয়ে। সবার মধ্যে আবীর একদম ব্যতিক্রম, ও যেন আগের যে কোন সময়ের তুলনায় বেশী উজ্জীবিত।

আবীরের চরিত্রটা একজন বিদ্রোহী সেনানায়কের। স্ক্রিপ্ট অনুযায়ী ওর হাতে থাকবে একটা তলোয়ার। আবীর ঠিক করে ফেলেছে, ও নিজের তলোয়ারটা ব্যবহার করবে।

গ্রীনরুমে বাক্স থেকে তলোয়ারটা বের করল ও। সহঅভিনেতারা আঁতকে উঠল।

"আবীর! এটা তো আসল! এই তলোয়ার মঞ্চে আনা যাবে না। খুব বিপজ্জনক হবে!"

কিন্তু আবীর শোনে না। তার চোখ পাগলের আলোয় ভরে উঠেছে। হাত উঁচু করে তলোয়ার ঘোরাতে ঘোরাতে চেঁচিয়ে বলল, "এটাই নাটককারের লড়াই! দর্শক দেখুক, আমরা কেবল অভিনয় করছি না, সত্যি লড়ছি!"

নির্দেশক এগিয়ে এসে হাত ধরে টানতে গেলেন। কিন্তু আবীর এমনভাবে তাকাল যে, এক মুহূর্তের জন্য তিনি থমকে গেলেন। ওর চোখে উত্তেজনা, ক্রোধ আর উন্মাদনার মিশেল, যেন ও আর অভিনয় করছে না, বরং সত্যিই সেনানায়ক হয়ে উঠেছে। নির্দেশকের হাতে সময়ও নেই বিকল্প কিছু করার।

নাটক শুরু হয়ে গেল। প্রথম অঙ্কের শেষ দিকে তলোয়ার হাতে মঞ্চে প্রবেশ করল আবীর। ওর হাতের তলোয়ার ঝলসে উঠল মঞ্চের আলোয়। আবীর তখন সংলাপ বলছে, কিন্তু সেটা স্ক্রিপ্টের নয়, একটা অজানা ভাষার মতো, কর্কশ আর গম্ভীর স্বর, যা কেউ আগে কখনো শোনেনি।

ইরা দর্শকসারির সামনে বসে নাটক দেখছিল। হঠাৎ উঠে দৌড়ে এলো মঞ্চের সামনে।

"আবীর! থামো! এটা তুমি নও।"

ইরার গলা শুনে আবীর কেঁপে উঠল। তলোয়ার এক মুহূর্তের জন্য থেমে গেল বাতাসে। চারপাশে নিস্তব্ধতা। সবাই নিশ্চুপ হয়ে তাকিয়ে আছে।

আবীরের চোখে তখন দ্বন্দ্ব- একদিকে সেই অদৃশ্য শক্তির টান, অন্যদিকে ইরার চোখের আর্তি।

ও কি তলোয়ার নামাবে?

নাকি পুরোপুরি ডুবে যাবে নিজের ভেতরের উন্মাদনায়?

মঞ্চের আলো কাঁপিয়ে দিচ্ছিল সবাইকে। আবীরের হাতে তলোয়ার ঝলসে উঠছিল বারবার। সহঅভিনেতারা ভয়ে দূরে সরে গেছে, নির্দেশক স্তব্ধ হয়ে দাঁড়িয়ে। শুধু ইরা কথা বলছিল ক্ষীণ, কিন্তু দৃঢ় স্বরে।

"আবীর! তোমাকে আমি ডাকছি। এটা তুমি নও। তুমি আমার স্বামী, আমার সঙ্গী। নাটক তোমার প্রাণ, কিন্তু তুমি তো বাস্তব থেকেও পালাতে পারো না।"

আবীরের বুকের ভেতর ঢিম ঢিম করছিল। তলোয়ারের ওজন যেন হঠাৎ বেড়ে গেছে কয়েকগুণ। ওর ভেতর থেকে কে যেন শীতল কণ্ঠে ফিসফিস করে বলছিল, "তুমি আমাকে বেছে নাও। আমি তোমাকে অমর করে দেবো।"

মুহূর্তে আবীর বিভ্রান্ত হয়ে পড়ল। একদিকে ইরার মুখ, যেটা তার একমাত্র নিরাপদ আশ্রয়। অন্যদিকে তলোয়ারের অদ্ভুত ডাক, যা ওকে মহাশক্তিশালী করে তুলছে।

আবীর হাঁটু গেড়ে বসে পড়ল মঞ্চে। দর্শকসারি নিস্তব্ধ। ওর শরীর কাঁপছে, ঠোঁট শুকিয়ে আসছে। ইরা ছুটে গিয়ে ওর হাত ধরে ফেলল।

"তলোয়ারটা ফেলে দাও আবীর। তুমি যে অভিনয় করছো, সেটাই তোমার সত্যি। আরেকটা মিথ্যা সত্যের প্রয়োজন নেই।"

আবীর হঠাৎ যেন ঘুম ভাঙা মানুষের মতো চমকে উঠল। তলোয়ারটা ওর ঘেমো হাত থেকে পিছলে গিয়ে মেঝেতে পড়ে গেল। প্রচণ্ড শব্দ হলো, যেন একটা যুগের অবসান।

মঞ্চের আলো কাঁপল, তারপর নিস্তব্ধতা। আবীর চোখ বন্ধ করে ফিসফিস করল-

'আমি ফিরে আসতে চাই, ইরা।"

দর্শকরা স্তব্ধ, তারা বাস্তব জীবনের এমন নাটক দেখবে, ভাবেনি।

তলোয়ারটা পড়ে রইল মঞ্চের একপাশে, নিস্তেজ, ঠান্ডা লোহার টুকরোর মতো।

কেউ এগিয়ে গিয়ে তুলল না। যেন সবাই ভয় পাচ্ছিল, আবার যদি সেটা কারও ভেতরের অন্ধকারকে জাগিয়ে তোলে। মঞ্চের আলো নিভে এলো ধীরে ধীরে। দর্শকরা আসন থেকে উঠলেও নিস্তব্ধতা কাটল না, যেন তারা নিশ্চিত হতে পারছিল না ঠিক কী ঘটল।

আবীর চুপচাপ ইরার হাত ধরে বসে আছে। ওর চোখে ক্লান্তি, কিন্তু সেই সঙ্গে এক অদ্ভুত প্রশান্তিও আছে, যেন দীর্ঘদিনের দ্বন্দ্ব থেকে ও খানিকটা মুক্তি পেয়েছে।

মঞ্চের এক কোণে তলোয়ারটা পড়ে আছে, নিঃশব্দ, নিস্তেজ।

কেউ এগিয়ে গেল না। কেউ ছুঁতেও সাহস করল না।

কেবল জানালার বাইরে থেকে শহরের হাওয়া আসছিল। সেই হাওয়ায় মুহূর্তের জন্য মনে হচ্ছিল,

যেন খুব নিচু স্বরে কেউ ফিসফিস করছে-

'আমি এখনো আছি।'

মনিজা রহমান: সাংবাদিক, লেখক ও কবি।

## শীতে হৃদরোগীদের করণীয়

২০ পৃষ্ঠার পর

লক্ষণগুলো জেনে নিন।

* মানসিক চাপ এবং উদ্বেগ এড়িয়ে চলুন। প্রয়োজনে চিকিৎসকের সহায়তা নিন। রাতে ভালো ঘুম নিশ্চিত করুন।

* অতিরিক্ত গরম পোশাক পরা থেকে বিরত থাকুন এবং স্তরে স্তরে গরম কাপড় ব্যবহার করুন, যাতে গরম লাগলে আপনি একটি একটি করে পোশাক খুলে রাখতে পারেন। বেশি গরম হৃদরোগের ঝুঁকি বাড়ায়।

* ওষুধ গ্রহণে গাফিলতি করবেন না। নিয়মমতো চিকিৎসকের ব্যবস্থাপত্র মোতাবেক সব ওষুধ খাবেন।

* আপনার যদি হৃদরোগ না থাকে, কিন্তু আপনার রক্ত সম্পর্কের আত্মীয়দের কারো যদি হৃদরোগ থাকে, আপনার যদি ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ থাকে, রক্তে কোলেস্টেরলের মাত্রা বেশি থাকে, ওজনাধিক্য থাকে, মানসিক চাপ থাকে, বয়স ৪৫-এর বেশি হয় অথবা ৩৫ বছরের অধিক বয়সী মহিলারা যদি জন্ম নিয়ন্ত্রণ বড়ি খান, তবে আপনার হৃদরোগের ঝুঁকি বেশি। তাই শীতে আপনাদেরও বাড়তি সতর্কতা অবলম্বন করতে হবে।

লেখক : অধ্যাপক, কার্ডিওলজি বিভাগ, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল ঢাকা।

## জুলাই-আগস্টের শহীদদের স্বপ্ন বাস্তবায়ন চাই

১২ পৃষ্ঠার পর

সাধারণ ইচ্ছাঃ পূর্ণতা পায় যুগান্তকারী ফরাসি বিপ্লব। জনগণ কী চায়? জনগণের ইচ্ছা বোঝার উপায় কী? জনগণ রাষ্ট্র বিনির্মাণ করতে আগ্রহী, নাকি আগে নির্বাচন চায়? ১৯৯১, ১৯৯৬ ও ২০০১-এর সর্বজনগ্রাহ্য নির্বাচনগুলোর মধ্য দিয়ে জনগণ যে গণতান্ত্রিক পর্ব অতিক্রম করেছে, তাতে কি তারা সন্তুষ্ট ছিল? আজ এ প্রশ্নগুলোর উত্তর যাচাই হওয়া দরকার। যাচাই না করে কোনো সিদ্ধান্ত আনা হবে জুলাই-আগস্টে আত্মদানকারী শহীদদের প্রতি বা তাদের স্বপ্নের প্রতি অঙ্গীকারের চরম এক বরখেলাপ। জুলাই-বিপ্লব সংঘটনকারী ছাত্র-তরুণরা রাজনীতিতে মনোনিবেশ না করে এ অঙ্গীকার বাস্তবায়নে ভিন্ন কাঠামোয় নিজেদের নিয়োজিত করতে পারত। এ অঙ্গীকার এখনো তাদের প্রধান ভাষ্য হলেও খুব তড়িঘড়ি করে রাজনীতির মাঠে তারা খেলতে নেমে গেছেন। প্রবেশ করেছেন রাজনৈতিক প্রতিপক্ষের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতার প্রথাগত খেলায়। দর্শক সারির একেবারে ঊর্ধ্বস্থানে বসে নতুন বাংলাদেশ গড়তে যে প্রভাব তারা বিস্তার করতে পারতেন, খেলতে নেমে সেই প্রভাব তারা কিছুটা হারিয়ে ফেলেছেন। এখন বাকি রয়েছে সেই জনগণ। রুশোর ভাষায়, যাদের 'সাধারণ ইচ্ছার' মধ্যেই নিহিত আছে-কেমন বাংলাদেশ তারা দেখতে চায়। সেই ইচ্ছা জানতে পারার উৎকৃষ্ট উপায় কী থাকতে পারে? গণভোটই কেবল ব্যক্ত করতে পারে জনগণের সেই ইচ্ছা। একটা গণভোটের মাধ্যমেই হোক '৩৬ জুলাই'-পরবর্তী বাংলাদেশের আনুষ্ঠানিক রূপায়ণ।

শফিক মুকুল : রাজনৈতিক বিশ্লেষক।







## সাকিব আল হাসান যেভাবে নিজের ক্যারিয়ার কবর দিলেন

৬ পৃষ্ঠার পর

উপদেষ্টা আসিফ মাহমুদ সজিব ভূঁইয়া সাংবাদিকদের জানান, সাকিব আর কখনো বাংলাদেশের হয়ে খেলতে পারবেন না। একজন নাগরিকের প্রতিভাবান খেলোয়াড়ের এক স্বৈরশাসকের সঙ্গে রাজনৈতিক আঁতাতে জড়ানোই শেষ পর্যন্ত বাংলাদেশের উজ্জ্বলতম ক্রিকেট নক্ষত্রের ক্যারিয়ার ধ্বংস করেছে। শেখ হাসিনাকে প্রকাশ্যে ধন্যবাদ জানানোয় সাকিব প্রকাশ করেছেন এক ধরনের নির্মম সংবেদনশীলতার অভাব। কারণ অসংখ্য বাংলাদেশির কাছে হাসিনা মানে রাষ্ট্রীয় দমন ও নিপীড়ন, যা তাদের জীবন ও পরিবার ধ্বংস করেছে। নিজের রাজনৈতিক অন্ধ আনুগত্য ও বাস্তবতা অনুধাবনে ব্যর্থতার কারণেই সাকিব নিজ হাতে তার ক্রিকেট ক্যারিয়ারের কবর রচনা করেছেন।

(লেখক সিডনিভিত্তিক দক্ষিণ এশিয়া বিষয়ক ভূরাজনীতি বিশ্লেষক ও গবেষক। তার এ লেখাটি অনলাইন দ্য ডিপ্লোম্যাট থেকে অনুবাদ)

## আমানত রক্ষার গুরুত্ব ও সওয়াব

২৫ পৃষ্ঠার পর

পুরস্কার ঘোষণা করে আল্লাহতায়ালা বলেন, 'যারা আমানত রক্ষা করে তারা জান্নাতুল ফেরদাউস নামক উদ্যানের অধিকারী হবে, সেখানে তারা চিরকাল অবস্থান করবে।' (সুরা মোমিনুন : ১১)। মোমিন বান্দার জীবনের সর্বাপেক্ষা সম্পদ হলো আমানতদারি। যাদের ঈমান ঠিক আছে তারা আমানতের খেয়ানত করতে পারে না। আর যারা অন্যের অর্থ-সম্পদ আত্মসাৎ বা খেয়ানত করে তারা প্রকৃত মুমিন নয়, তারা প্রতারক, ভণ্ড ও মোনাফেক।

হজরত আনাস (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসুল (সা.) আমাদের উদ্দেশে বক্তব্য রাখেন যাতে তিনি বলেন, 'যার মধ্যে আমানতদারিতা নেই, তার ঈমান নেই। আর যে ওয়াদা রক্ষা করে না, তার মধ্যে দ্বীন নেই।' (মুসনাদে আহমদ : ১/৮০৫)। পার্থিব জগতে প্রতিটি নর-নারীর ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, প্রাতিষ্ঠানিক ও রাষ্ট্রীয় জীবনের কিছু দায়-দায়িত্ব রয়েছে।

আল্লাহতায়ালা প্রত্যেকের ওপর দায়িত্ব দিয়ে দুনিয়াতে পাঠিয়েছেন। ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রের প্রতি মানুষের দায়িত্ব ও কর্তব্যগুলো আমানতের অন্তর্ভুক্ত। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'তোমাদের প্রত্যেকেই দায়িত্বশীল এবং প্রত্যেককে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসা করা হবে।' (তিরমিজি : ১২৪)।

ব্যাপক অর্থে একের কাছে অন্যের জান-মাল, মান-সম্মান সবই আমানত। কোনো ব্যক্তি যদি কারও কাছে গোপন কথা বলে, সে কথাও একটি আমানতস্বরূপ। আল্লামা কুরতুবি (রহ.)-এর মতে, আমানতদারির বিষয়টি ইসলামি জীবন পদ্ধতির সবকিছুর সঙ্গে সংশ্লিষ্টতা রয়েছে। রাষ্ট্র পরিচালনা, সরকারি ও বেসরকারি অফিসিয়াল কাজকর্ম, শিক্ষকতা, ব্যবসা-বাণিজ্য, মজুরি, শ্রম, দেশপ্রেম ইত্যাদি আমানত। একজন মুমিনের সব ক্ষেত্রে আমানত রক্ষা করা পবিত্র দায়িত্ব ও কর্তব্য।

আমানতের খেয়ানত করা কবিরা গোনাহ ও মোনাফেকের আলামত। নবী করিম (সা.) বলেছেন, 'মোনাফেকের আলামত তিনটি ১. যখন সে কথা বলে মিথ্যা বলে, ২. যখন প্রতিশ্রুতি প্রদান করে তা রক্ষা করে না, ৩. যখন তাদের কাছে আমানত গচ্ছিত রাখা হয় তারা তার খেয়ানত করে।' (বোখারি : ২৬৮২)।

আমানতদারিতার ওপর জাতির উন্নতি ও সমৃদ্ধি নির্ভরশীল। তাই ইসলাম প্রতিটি ধর্মপ্রাণ ব্যক্তির মধ্যে আমানতদারিতা ও বিশ্বস্ততা তৈরির মধ্য দিয়ে সমাজে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য আমানতদারিতার প্রতি সর্বাধিক গুরুত্বারোপ করেছে।

আমাদের প্রিয়নবী (সা.) ছিলেন সর্বশ্রেষ্ঠ আমানতদার। অল্প বয়সেই তিনি 'আল-আমিন' তথা অতিবিশ্বাসী উপাধিতে ভূষিত হন। তাঁর সাহাবিরাও ছিলেন আমানতদারিতার উজ্জ্বল দৃষ্টান্ত। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'তোমার সঙ্গে চারটি জিনিস থাকলে পৃথিবীর সব হারিয়ে ফেললেও তুমি ক্ষতিগ্রস্ত হবে না ১. আমানতের সংরক্ষণ, ২. সত্যবাদিতা, ৩. উত্তম চরিত্র ও ৪. পবিত্র রিজিক' (আল মুসতাদরাক লিল হাকিম : ৭৯৮৯)।

## নিরপেক্ষতার কঠিন পরীক্ষায় ড. ইউনূসঃ আস্থার লড়াই নাকি আপসের রাজনীতি?

৭ পৃষ্ঠার পর

মুক্তির। কিন্তু আজ সেই আস্থা ক্ষয়ে যাচ্ছে দ্রুত।

নির্বাচনের আগে জনগণ এখন তিনটি প্রশ্ন করছে-

১. প্রশাসন আসলেই কি দলনিরপেক্ষ?

২. উপদেষ্টা পরিষদে থাকা সবাই কি সত্যিই নিরপেক্ষ?

৩. প্রধান উপদেষ্টা কি রাজনৈতিক চাপমুক্তভাবে সিদ্ধান্ত নিতে পারছেন?

এই তিনটি প্রশ্নের উত্তরই নির্ধারণ করবে, ড. ইউনূসের সরকার ইতিহাসে "সফল সংস্কারক সরকার" হিসেবে স্থান পাবে, নাকি "আরেকটি ব্যর্থ অন্তর্বর্তী পরীক্ষা" হিসেবে চিহ্নিত হবে।

রাজনৈতিক দলগুলোর অভিযোগের বাইরে, এখন নাগরিক সমাজও বিভক্ত। কেউ বলছে-ড. ইউনূস সময় চাইছেন, পরিবর্তন আনবেন ধীরে ধীরে। আবার কেউ বলছে-যত দেরি হচ্ছে, ততই সরকারের ওপর আস্থা হারাচ্ছে জনগণ।

এ মুহূর্তে প্রধান উপদেষ্টার সামনে যে পদক্ষেপগুলো সবচেয়ে জরুরি-

প্রথমত যাদের বিরুদ্ধে পক্ষপাত বা দুর্নীতির অভিযোগ উঠেছে, তাদের বিষয়ে স্বাধীন অনুসন্ধান করা দরকার। এটি প্রকাশ্যে, যুক্তিসংগত ও দলনিরপেক্ষভাবে করতে হবে।

দ্বিতীয়ত জেলা প্রশাসক, এসপি, সচিব-এসব পদে কোনো রাজনৈতিক প্রভাব যেন না পড়ে। নির্বাচনকালীন প্রশাসনে যাদের রাখা হবে, তাদের যোগ্যতা যাচাই ও প্রকাশ করা উচিত।

তৃতীয়ত নাহিদ ইসলামের অভিযোগ অনুযায়ী, কমিশন প্রতীক ও প্রার্থিতা নিয়ে পক্ষপাত দেখাচ্ছে। এ ক্ষেত্রে ড. ইউনূসের সরাসরি হস্তক্ষেপ দরকার-কমিশনের কার্যক্রমে স্বচ্ছতা ফিরিয়ে আনতে।

চতুর্থত প্রত্যেক উপদেষ্টাকে রাজনৈতিক নিরপেক্ষতার লিখিত অঙ্গীকারে আবদ্ধ করা যেতে পারে। এটি প্রতীকী হলেও আস্থার বার্তা দেবে।

পঞ্চমত বর্তমানে ড. ইউনূসের নীরবতা অনেক ক্ষেত্রেই বিভ্রান্তি বাড়াচ্ছে। তাকে আরও খোলামেলা হতে হবে-জনগণকে জানাতে হবে তিনি কী করছেন, কী করতে যাচ্ছেন?

বাংলাদেশের রাজনীতি বহুবার "নিরপেক্ষতার পরীক্ষা" দেখেছে, কিন্তু প্রতিবারই কোথাও না কোথাও সেই নিরপেক্ষতার মেরুদণ্ড ভেঙে পড়েছে। ড. ইউনূসের সামনে সেই পুরনো ব্যর্থতার পুনরাবৃত্তি ঠেকানোর দায়িত্ব।

তিনি যদি সাহসী সিদ্ধান্ত নিতে পারেন-বিতর্কিতদের সরিয়ে সত্যিকারের নিরপেক্ষ প্রশাসন গড়ে তুলতে পারেন-তাহলে ইতিহাস তাকে স্মরণ করবে "সংকটের নেতা" হিসেবে। কিন্তু যদি তিনি আপস করেন, রাজনৈতিক তুষ্টির পথে হাঁটেন, তবে এই সরকারও অন্যদের মতো হারিয়ে যাবে অবিশ্বাসের কুয়াশায়।

বাংলাদেশের মানুষ এখন অপেক্ষায়-ড. ইউনূস কোন পথে হাঁটবেন? সংস্কারের আলোয়, নাকি দ্বিধার অন্ধকারে?

লেখক: সিনিয়র সাংবাদিক ও কলামিস্ট।

## জামায়াত আমিরের পাঁচ ঘণ্টার কর্মদিবস আদতে নারীর গায়েবি শিকল

৬ পৃষ্ঠার পর

নারীর কর্মঘণ্টা কমানোর বদলে বরং ঘরের কাজে নারীর পাশাপাশি পুরুষকে সমান সহযোগী হওয়ার উপদেশ দিতে পারতেন। আরও বলতে পারতেন, জামায়াত ক্ষমতায় এলে মানসম্মত ডে-কেয়ার সেন্টার বাড়াবে, বাধ্যতামূলক মাতৃত্বকালীন ছুটির পাশাপাশি পিতৃত্বকালীন ছুটি দেবে এবং নারী-পুরুষ উভয়ের পেশাগত ও পারিবারিক জীবনের জন্য এক ভারসাম্যপূর্ণ কর্মপরিবেশ সৃষ্টি করবে। সর্বোপরি, নারীর ক্ষমতায়ন মানে তাঁকে 'কম কাজ' করার কথা বলা নয়, বরং তাঁর নিজের সময় ও জীবনের ওপর নিজস্ব সিদ্ধান্ত নেওয়ার অধিকার দেওয়া। একটি সত্যিকারের অগ্রসরমাণ সমাজ নারীর কাজের ঘণ্টা কমায় না, তাঁর সম্ভাবনার পরিধি বাড়ায়। তাই পাঁচ ঘণ্টার সহমর্মিতা নয়, আমাদের দরকার সর্বক্ষেত্রে নারী-পুরুষের বিকাশের সমান সুযোগ ও অধিকার।

লেখক: আজকের পত্রিকার সহসম্পাদক।

## ইসতিগফারে জীবিকা লাভের উপায়

২৫ পৃষ্ঠার পর

ইসতিগফার করবে এবং তার আনুগত্য করবে, তখন তোমাদের রিজিক বৃদ্ধি পাবে। আল্লাহ আসমান থেকে বরকত নাজিল করবেন, জমিনে বিভিন্ন প্রকার ফল-ফসল উৎপন্ন করবেন এবং প্রাণীদের ওলান দুধে পরিপূর্ণ করবেন। তোমাদের জন্য এমন সব বাগান সৃষ্টি করবেন, যেখানে থাকবে ফলমূল। সেই সঙ্গে এমন নদীনালা প্রবাহিত করবেন, যাতে থাকবে সুমিষ্ট পানির ধারা।'

হাদিসের প্রমাণ : নবীজি (সা.) বলেন, 'যে ব্যক্তি বেশি বেশি ইসতিগফার করবে, আল্লাহ তার জন্য প্রতিটি দুশ্চিন্তা থেকে মুক্তির পথ খুলে দেবেন, প্রতিটি সংকীর্ণতা থেকে বের হওয়ার উপায় করে দেবেন এবং এমন জায়গা থেকে জীবিকার ব্যবস্থা করবেন, যেখান থেকে সে কল্পনাও করেনি।' (মুসনাদে আহমাদ : ২২৩৪)

এতে তিনটি সুস্পষ্ট প্রতিশ্রুতি রয়েছে-

১. দুশ্চিন্তা থেকে মুক্তি।

২. সংকীর্ণতা থেকে উত্তরণ।

৩. অপ্রত্যাশিত উৎস থেকে জীবিকা।

ইসতিগফার শুধু পাপ মোচনের জন্য নয়; বরং জীবিকা লাভ ও বৃদ্ধির অন্যতম মাধ্যম। তবে শর্ত হলো, এটি যেন শুধু মুখের শব্দ না হয়; বরং জীবনের আমলে প্রতিফলিত হয়।

উত্তম উপভোগের ওয়াদা : আল্লাহতায়ালা কোরআনে আরও বলেন, 'তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ইসতিগফার করো ও তাওবা করো, তাহলে তিনি নির্দিষ্ট সময় পর্যন্ত তোমাদের উত্তম উপভোগ সামগ্রী দান করবেন।' (সুরা হুদ : ৩)। ইবনে আব্বাস (রা.) বলেন, 'এর অর্থ হলো আল্লাহ তোমাদের জীবিকা আর জীবনে প্রশান্তি ও প্রশস্ততা দান করবেন।' ইমাম কুরতুবি (রহ.) বলেন, ইসতিগফার ও তাওবার ফল হলো প্রশস্ত রিজিক, সুখ-স্বাচ্ছন্দ্য ও বরকতপূর্ণ জীবন। কোরআন ও হাদিস উভয়েই স্পষ্ট জানিয়ে দিয়েছে, ইসতিগফার শুধু পাপ মোচনের জন্য নয়; বরং জীবিকা লাভ ও বৃদ্ধির অন্যতম মাধ্যম। তবে শর্ত হলো, এটি যেন শুধু মুখের শব্দ না হয়; বরং জীবনের আমলে প্রতিফলিত হয়। মুখে ইসতিগফার করে পাপে লিপ্ত থাকা মিথ্যুকদের কাজ। তাই যারা জীবিকাপূর্ণ, প্রশান্তিময় ও সমৃদ্ধির জীবন কামনা করেন, তাদের জন্য ইসতিগফারই সর্বোত্তম হাতিয়ার।

## যে দানে সওয়াব নেই

২৫ পৃষ্ঠার পর

প্রয়োজন পূরণে বিভিন্ন দান-সদকা করি। তাছাড়া মসজিদ, মক্তব ও মাদ্রাসাসহ বিভিন্ন ধর্মীয় কাজে ও ধর্মীয় সেক্টরেও ডোনেশন দিয়ে থাকি। আমাদের দান ও অনুদান যদি হালাল ও বৈধ উপায়ে অর্জিত সম্পদ থেকে হয়, তাহলে আল্লাহর কাছে তা গৃহীত হবে; নইলে এর কোনো প্রতিদান মিলবে না এবং কানাকড়িও মূল্যায়িত হবে না। আল্লাহতায়ালা বলেন, 'হে মোমিনরা! তোমরা যা-কিছু উপার্জন করেছ এবং আমি তোমাদের জন্য ভূমি থেকে যা কিছু উৎপন্ন করেছি, তার উৎকৃষ্ট জিনিসসমূহ থেকে একটি অংশ (আল্লাহর পথে) ব্যয় কর। আর এরূপ মন্দ জিনিস (আল্লাহর নামে) দেওয়ার নিয়ত করো না, যা (অন্য কেউ তোমাদেরকে দিলে ঘৃণার কারণে) তোমরা চোখ বন্ধ না করে তা গ্রহণ করবে না। মনে রেখ, আল্লাহ অমুখাপেক্ষী; সর্বপ্রকার প্রশংসা তাঁরই।' (সুরা বাকারা : ২৬৭)। রাসুল (সা.) বলেন, 'যখন কোনো বান্দা হালাল সম্পদ থেকে কিছু সদকা করে, আর আল্লাহতায়ালা শুধু হালাল বস্তুই গ্রহণ করেন, তখন রহমান তা ডান হাতে গ্রহণ করেন, যদিও তা একটি খেজুর পরিমাণ হয়। অতঃপর দানটি রহমানের হাতে বৃদ্ধি পেতে থাকে। এমনকি তা পাহাড়ের চেয়েও বড় ও বিরাট হয়ে যায়। যেভাবে তোমাদের কেউ উটের বাচ্চা লালিত-পালিত করে বড় করে তোলে।' (মুসলিম : ১০১৪)।

দানে রিয়া ও লৌকিকতা : অনেকে হালাল ও বৈধ উপায়ে অর্জিত টাকা-পয়সা ব্যয় করে; কিন্তু তাদের মুখ্য উদ্দেশ্য হয় রিয়া ও লৌকিকতা। ফলে অঢেল সম্পদ মুক্ত হস্তে ব্যয় করেও তারা বিন্দুবিসর্গ প্রতিদান পাওয়ার উপযুক্ত হয় না; বরং যাবতীয় চেষ্টা-মেহনত বিফলে যায়। আল্লাহতায়ালা বলেন, '(তোমরা তোমাদের দান-সদকা বরবাদ করো না ওই ব্যক্তির মতো) যে লোক দেখানোর উদ্দেশে আপন সম্পদ ব্যয় করে এবং পরকালের প্রতি বিশ্বাস রাখে না।' (সুরা বাকারা : ২৬৪)। লোক দেখানোর উদ্দেশে দান করে প্রতিদান পাওয়া তো দূরের কথা, উল্টো জাহান্নামের অতল গহ্বরে নিক্ষিপ্ত হতে হবে। কেয়ামতের দিন সর্বপ্রথম যে তিন শ্রেণির লোকের ব্যাপারে ফয়সালা করা হবে, তাদের একশ্রেণি হচ্ছে শহিদ। এদেরকে উপস্থিত করার পর আল্লাহতায়ালা দুনিয়াতে কী কী নেয়ামত দান করেছিলেন, তা স্মরণ করিয়ে দেবেন। তারা দুনিয়াতে প্রাপ্ত সব নেয়ামতের কথা স্বীকার করবে। তখন আল্লাহতায়ালা জিজ্ঞেস করবেন, 'আচ্ছা, এসব নেয়ামত পেয়ে তোমরা কী আমল করেছ?' উত্তর দেবে, 'আপনার পথে প্রাণপণ লড়াই করেছি, এমনকি অবশেষে শাহাদাতের অমীয় সুধা পান করেছি।' আল্লাহতায়ালা বলবেন, 'মিথ্যা বলছ। লড়াইয়ের উদ্দেশ্য ছিল এই যে, তোমাদেরকে বীর-বাহাদুর বলা হবে। আর তা বলা হয়ে গেছে।' এরপর তার ব্যাপারে নির্দেশ জারি করা হবে। ফলে তাকে উপুড় করে টানতে টানতে জাহান্নামের গর্তে নিক্ষেপ করা হবে। আরেক শ্রেণি হচ্ছে, ওইসব লোক, যারা ইলম শিখেছে, ইলম শিক্ষা দিয়েছে এবং কোরআন পড়েছে। এদেরকেও উপস্থিত করার পর আল্লাহতায়ালা দুনিয়াতে কী কী নেয়ামত দান করেছিলেন, তা স্মরণ করিয়ে দেবেন। তারাও দুনিয়াতে প্রাপ্ত সব নেয়ামতের কথা স্বীকার করবে। তখন আল্লাহতায়ালা জিজ্ঞেস করবেন, 'আচ্ছা, এসব নেয়ামত পেয়ে তোমরা কী আমল করেছ?' উত্তর দেবে, 'আমরা নিজে ইলম শিখেছি, অন্যকে ইলম শিক্ষা দিয়েছি এবং আপনার সন্তুষ্টির জন্য কোরআন পাঠ করেছি।' আল্লাহতায়ালা বলবেন, 'মিথ্যা বলছ। আসল কথা হচ্ছে, তোমরা ইলম শিখেছ, কোরআন পড়েছ এ জন্য যে, তোমাদেরকে বড় আলেম, বড় কারি বলা হবে। আর তা বলা হয়ে গেছে।' এরপর তাদের ব্যাপারে একই নির্দেশ জারি করা হবে। ফলে তাদেরকেও উপুড় করে টানতে টানতে জাহান্নামের গর্তে নিক্ষেপ করা হবে।

তৃতীয় আরেক শ্রেণি হচ্ছে, ওইসব ধনী লোক, যাদেরকে আল্লাহতায়ালা সব ধরনের সম্পদ ও প্রাচুর্য দান করেছিলেন। এদেরকেও উপস্থিত করে আল্লাহতায়ালা দুনিয়াতে কী কী নেয়ামত দান করেছিলেন, তা স্মরণ করিয়ে দেবেন। তারাও দুনিয়াতে প্রাপ্ত সব নেয়ামতের কথা স্বীকার করবে। তখন আল্লাহতায়ালা জিজ্ঞেস করবেন, 'আচ্ছা, এসব নেয়ামত পেয়ে তোমরা কী আমল করেছ?' তারা উত্তর দেবে, 'আপনার সন্তুষ্টির জন্য আপনার প্রিয় ও পছন্দনীয় সব পথেই আমরা খরচ করেছি।' আল্লাহতায়ালা বলবেন, 'মিথ্যা বলছ। তোমাদের দানের পেছনে আসল উদ্দেশ্য ছিল এই যে, তোমাদেরকে দানবীর বলা হবে। আর তা বলা হয়ে গেছে।' এরপর তাদের ব্যাপারেও অভিন্ন নির্দেশ জারি করা হবে। ফলে তাদেরকেও উপুড় করে টানতে টানতে জাহান্নামের গর্তে নিক্ষেপ করা হবে। (মুসলিম : ১৯০৫)।

খোঁটা ও কষ্ট দান : কাউকে কিছু দান করার পর উচিত হলো, তা ভুলে যাওয়া এবং পরকালে আল্লাহর কাছ থেকে প্রতিদান পাওয়ার আশা রাখা। কিন্তু আমরা অনেকে ইসলামের এ সুন্দর বিধানটি ভুলে যাই এবং কারণে-অকারণে গ্রহীতাকে খোঁটা দিই। যার বিষফলরূপে তার মনে চরম আঘাত সৃষ্টি হয় এবং সে তীব্র কষ্ট অনুভব করে। এর মাধ্যমেও দান-সদকার প্রতিদান নষ্ট হয়ে যায়। আল্লাহতায়ালা বলেন, 'হে ঈমানদাররা! তোমরা তোমাদের সদকাসমূহকে খোঁটাদান ও কষ্টদানের মাধ্যমে বরবাদ কোরো না।' (সুরা বাকারা : ২৬৪)। প্রতিদান তো পাবেই না, সেই সঙ্গে সে আল্লাহতায়ালার চরম রোষানলে পড়বে। রাসুল (সা.) বলেন, 'কেয়ামত দিবসে আল্লাহ তিন ব্যক্তির সঙ্গে কোনো ধরনের কথা বলবেন না, তাদের প্রতি ভ্রূক্ষেপ করবেন না, তাদের পবিত্র করবেন না এবং তাদের জন্য রয়েছে বেদনাদায়ক শাস্তি।' বর্ণনাকারী বলেন, আমরা বললাম, 'হে আল্লাহর রাসুল! তারা কারা? তারা তো ব্যর্থ ও ক্ষতিগ্রস্ত।' নবীজি (সা.) বললেন, 'খোঁটা দানকারী, টাখনুর নিচে লুঙ্গি পরিধানকারী এবং ওই ব্যক্তি, যে মিথ্যা শপথ করে পণ্য বিক্রি করে।' (তিরমিজি : ১২১১)।

বিশুদ্ধ নিয়ত অনিবার্য : আল্লাহর কাছ থেকে যথাপ্রাপ্য প্রতিদান পেতে হলে দান-অনুদান হতে হবে ইখলাস ও আন্তরিকতাপূর্ণ এবং রিয়া ও লৌকিকতামুক্ত; যাতে অনুগ্রহ ফলানো হবে না এবং কাউকে কষ্ট দেওয়া হবে না। এছাড়া আমল যত বড় ও বিরাটই হোক না কেন এবং যত সুন্দর ও প্রশংসনীয়ই হোক না কেন, আল্লাহতায়ালার কাছে তার কানাকড়িও মূল্য নেই, নেই প্রাপ্তি ও প্রতিদানও। রাসুল (সা.) বলেন, 'সব আমল নিয়তের ওপর নির্ভরশীল। যে যেমন নিয়ত করবে, সে তেমন ফল পাবে। সুতরাং যার হিজরত আল্লাহ ও তাঁর রাসুলের উদ্দেশ্যে হবে, তার হিজরত আল্লাহ ও তার রাসুলের উদ্দেশ্যেই বিবেচিত হবে। আর যার হিজরত দুনিয়া হাসিলের উদ্দেশে কিংবা কোনো নারীকে বিয়ে করার উদ্দেশে হবে, তার হিজরত উক্ত উদ্দেশেই বিবেচিত হবে। (বোখারি : ১)।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com


NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NY I
NY INSURANCE BROKERAGE


NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444
NY
CAR & LIMO
SERVICES INC
BO2902


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# বৃহত্তর ময়মনসিংহবাসী ইউ এস এ ইন্‌ক্‌ এর কার্যকরী কমিটি ২০২৬-২০২৭ গঠিত



সভাপতি

**মোঃ নাসির উদ্দিন**

ফোন -৯১৭-৯৫৭-৮৯৪১

বৃহত্তর ময়মনসিংহবাসী - USA



সাধারণ সম্পাদক

**মোঃ শামীম হোসেন**

ফোন-৯১৭-৭১৬-০৯২১

গত ১৯ অক্টোবর রবিবার ২০২৫ তারিখে জামাইকাস্থ হিলসাইডের মতিন রেস্টুরেন্টে পূর্ব নির্ধারিত এক সভায় বৃহত্তর ময়মনসিংহবাসী ইউ এস এ ইন্‌ক্‌ এর কার্যকরী কমিটি গঠনের লক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বর্তমান সভাপতি এম এ বারী ও পরিচালনা করেন বর্তমান সাধারণ সম্পাদক শাহ নেওয়াজ জামান (শান্ত)। সভার শুরুতে আকরাম হোসেন আকরামের বাবা এবং মেহরান হোসেন পুন্ন ভাইয়ের রুহের মাগফেরাত কামনা করে মহান আল্লাহর দরবারে প্রার্থনা করা হয় (আল্লাহ্ ওনাদেরকে জান্নাত নসিব করুন আমিন )।
এ দিনের সভায় সর্বসম্মতিক্রমে ২০২৬-২০২৭ সালের জন্য সভাপতি নির্বাচিত হন মোঃ নাসির উদ্দিন ও সাধারণ সম্পাদক নির্বাচিত হন মোঃ শামীম হোসেন। উল্লেখ্য সভায় আগামী তিন মাসের মধ্যে নতুন পূর্ণাঙ্গ কমিটি গঠন করার সুপারিশ করা হয়। এ সময় পরিচালনা কমিটির সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোঃ নাসির উদ্দিন ,মাহবুব কবির বাবু, মোঃ মাহবুব রহমান লিটন, মোঃ শাহ্ আলম , উপদেষ্টা ইঞ্জিনিয়ার মোঃ ফজলুর হক, মোঃ মশিউর রহমান (স্বপন) , মহিবুর রহমান (জুয়েল) , ইব্রাহিম রাকিব বাবু , মোহাম্মদ নাঈম উদ্দিন, মোঃ মজিবর রহমান, মাহবুবুর রহমান, নুর মোহাম্মদ ফয়সাল মনি সহ আরো অনেকে।



GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c

AGE
ARE

HHA/PCA SERVICE

SKILLED NURSING

নিতে চান?
াথে যোগাযোগ করুন

প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো



Design by: ihopeprint.com, 929-538-7903

7852
96 Text: 646-591-8396
denagehomecare.com

ঃ স্কুল আছে

FFICE
e Ave
432
820
115

BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

om | www.goldenagehomecare.com




## জালালাবাদ এসোসিয়েশনের উদ্যোগে এনআইডি বিষয়ে মতবিনিময় সভা

৩ পৃষ্ঠার পর

অতিথি বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাবেক সভাপতি ও বোর্ড অব ট্রাস্টি বদরুন নাহার খান মিতা, সাবেক বোর্ড অব ট্রাস্টি আব্দুশ শহিদ, বাংলাদেশ সোসাইটির সাবেক সহ সাধারণ সিরাজ উদ্দিন সোহাগ, কেঁচুগঞ্জ সমিতির সভাপতি মাহবুব আলম ও আগামী এসাম্বলি নির্বাচনে ডিস্ট্রিক্ট ৮৭ এসাম্বলিত একমাত্র বাংলাদেশী প্রার্থী সিপিএ জাকির চৌধুরী প্রমুখ।

সকাল ১১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত ফ্রি এন আইডি ড্রাইভ সার্ভিস চালু ছিলো। এতে জালালাবাদ বাসিসহ ব্রঙ্কসের প্রবাসী বাংলাদেশিরা আবেদন সহায়তা গ্রহণ করেন। একই দিন সন্ধ্যায় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশেষ অতিথি বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাবেক সভাপতি ও বোর্ড অব ট্রাস্টি বদরুন নাহার খান মিতা, সাবেক বোর্ড অব ট্রাস্টি আব্দুশ শহিদ, বাংলাদেশ সোসাইটির সাবেক সহ সাধারণ সিরাজ উদ্দিন সোহাগ, কেঁচুগঞ্জ সমিতির সভাপতি মাহবুব আলম ও আগামী এসাম্বলি নির্বাচনে ডিস্ট্রিক্ট ৮৭ এসাম্বলিত একমাত্র বাংলাদেশী প্রার্থী সিপিএ জাকির চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সহ-সভাপতি শামীম আহমেদ, সহ সভাপতি মো. লোকমান হোসেন শুকু, সহ সভাপতি মো. শফিউদ্দিন তালুকদার, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইন ও আন্তর্জাতিক সম্পাদক মোরহান উদ্দিন ও সদস্য হুমায়ুন কবির সোহেল, কৃষিবিদ মো. সোলায়মান, সাবেক সেনা কর্মকর্তা ফজলু রহমান, আশফাকুল হক চৌধুরী, কাজী রবিউজ্জামান, মোস্তাফিজুর রহমান লিটন, বিজয় সাহা, চৌধুরী মোমিত আনিস, জৌহিদুল ইসলাম সজিব, মতিউর রহমান টিটু, আবু সালেক রনি, সাবেক চেয়ারম্যান আব্দুল ইসলাম তালুকদার প্রমুখ।



## শাহ নেওয়াজ ও কমান্ডিং অফিসার করনাডোর মতবিনিময়

৬৪ পৃষ্ঠার পর

সমাজসেবামূলক নানা কাজের বিষয়ে প্রশংসা করেন।

শাহ নেওয়াজ এ সময় ১১৫ প্রিসিংক্টের কমান্ডিং অফিসার করনাডোর নেতৃত্বে অপরাধ দমন কাজের প্রশংসা করেন। পরে আলোচনায় অংশ নেন প্রিসিংক্টের এক্সিকিউটিভ অফিসার জেফ্রয়ে আকান ও অফিসার গনজালেস।

এর আগে কমান্ডিং অফিসার ডেভিড করনাডোর নেতৃত্বের প্রশংসা করে তাঁর হাতে সম্মাননূচক একটি ক্রেস্ট তুলে দেন বিশিষ্ট ব্যবসায়ি, আজকাল সম্পাদক ও বাংলাদেশ সোসাইটির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান শাহ নেওয়াজ এবং ওয়ার্ল্ড ইউনিয়ান রাইটিন ডেভেলপমেন্ট ইউএনএ'র চেয়ারম্যান শাহ শহীদুল হক। এ সময় শাহ নেওয়াজ গ্রুপের মিডিয়া ডিরেক্টর ও এনটিভি নর্থ আমেরিকার ব্যুরো চিফ ফরিদ আলম সাথে ছিলেন।



## জালালাবাদ ল' সোসাইটির নূরুল ইসলাম ময়নুলের বিদায় সংবর্ধনা

৩ পৃষ্ঠার পর

নূরুল ইসলাম ময়নুল, এডভোকেট বদরুল আমীন চৌধুরী, এডভোকেট ওলিউল্লাহ মারুফ, এডভোকেট মোহাম্মদ মুহিউদ্দিন, এডভোকেট জয়জিত আচার্য, এডভোকেট হাম্মাদ আহমদ, আকরাম খান, খায়রুল ইসলাম চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে জানানো হয়, এখন থেকে জালালাবাদ ল' সোসাইটির সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করবেন এডভোকেট আব্দুল শহীদ আজাদ ও সহ- সাধারণ সম্পাদক হিসেবে এডভোকেট জয়জিত আচার্য।




## মেরী জোবাইদার ফান্ড রেইজিং

৩ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্টজনদের মধ্যে মূলধারার রাজনীতিক মোর্শেদ আলম, বিশিষ্ট সমাজসেবী মোহাম্মদ চৌধুরী রানা, ফার্মাসিস্ট সায়েদ আহমেদ, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম ও রানা ফেরদৌস চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী নজরুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আমিন মেহেদী প্রমুখ বক্তব্য রাখেন। সভা পরিচালনা করেন কমিউনিটি অ্যাক্টিভিস্ট জাবেদ উদ্দিন।

অনুষ্ঠানে মেরী জোবাইদা বলেন, আমেরিকান রাজনীতিতে বাংলাদেশী কমিউনিটি এগিয়ে চলছে। মোর্শেদ আলম ভাই যে যাত্রা শুরু করেছিলেন, সেই যাত্রা আটকে আছে। বাংলাদেশী কমিউনিটির কেউ এখনো নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী-সিনেটে যেতে পারিনি। বারবার উদ্যোগেও তা সফল হয়নি। এরপরও যে সহযোগিতা পাচ্ছি, তাতেই এগিয়ে যাচ্ছি।

অনুষ্ঠানে বক্তারা বলেন, নির্বাচনে জয়ী হতে হলে মেরি জোবাইদার জন্য বিপুল পরিমাণে ফান্ড রাইজিং এর কোন বিকল্প নেই। কেননা, এদেশের নির্বাচনী প্রচারের জন্য বিপুল অর্থের প্রয়োজন হয়। তবে, আমেরিকার রাজনীতি আর নির্বাচনী ফান্ড রেইজিং বাংলাদেশের মতো নয়। নির্বাচনী ফান্ড রেইজিং এর অর্থ বা চেক কিভাবে দিতে হয় কমিউনিটির অনেকে-ই এ বিষয়ে অবগত নয়। তাই নিয়মগুলো আগে সবার জানা দরকার। অনুষ্ঠানে উপস্থিত বিশিষ্টজনরা বিভিন্ন গ্রুপের ফান্ড রেইজিং এ অংশ নেওয়ার পরিকল্পনা কথা জানান।




## লেখকের অঙ্গনের ২০তম গ্রন্থালোচনা অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

সাহিত্যিক নাসরীন জাহানের বহুল আলোচিত 'উড়ুক্কু' উপন্যাসের জীবন ঘনিষ্ট বাস্তব চিত্র ও অনুভূতির মর্মস্পর্শী শিল্প রূপ বিবরণ উঠে আসে।

পরের আলোচক কবি মোহাম্মদ মহিবুর রহমান বাংলা সাহিত্যের অনন্যসাধারণ কবি, সাহিত্যিক, সমালোচক বুদ্ধদেব বসুর 'কালের পুতুল' গ্রন্থের নির্বাচিত অংশের আলোকে নজরুল এবং জীবনানন্দ দাশের কাব্য প্রতিভার দীপ্তময় পর্যালোচনা তুলে ধরেন। লেখক, কবি সুচীত বড়ুয়া আলোচনা করেন শিল্প, সাহিত্য চর্চার শতাব্দী প্রাচীন পত্রিকা সজনীকান্ত দাস সম্পাদিত পাঠক নন্দিত 'শনিবারের চিঠি' রবীন্দ্র সংখ্যায় প্রকাশিত সেই সময়কার বিশিষ্ট কবি, সাহিত্যিকদের রচনার উক্তি এবং রবীন্দ্র সান্নিধ্যে তাঁদের বিশেষ তাৎপর্যময় মুহূর্তের নান্দনিক অভিজ্ঞতার বিবরণ।

পরবর্তী আলোচক অধ্যাপক হুসনে আরা'র প্রাণবন্ত আলোচনায় বর্ণনার মাধুর্যে মূর্ত হয়ে ওঠে প্রখ্যাত কথা সাহিত্যিক তারাপদ রায়ের 'বিদ্যা বুদ্ধি' গ্রন্থের নির্বাচিত হাস্য-রস আশ্রিত কৌতুকাংশের বিশেষ অধ্যায়। এরপর সাহিত্যের একনিষ্ঠ পাঠক চারু হক তাঁর সহজ সাবলীল আলোচনায় তুলে ধরেন বাংলা সাহিত্যের আলোকিত মানুষ, বাংলাদেশে বিশ্ব সাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা আব্দুল্লাহ আবু সায়ীদের 'মুক্তধারায় রবীন্দ্রনাথ ও অন্যান্য প্রবন্ধ' এই গ্রন্থের উল্লেখযোগ্য অংশে রবীন্দ্র মানসের বিভিন্ন ঘাত-প্রতিঘাত, জীবনমুখী সংগ্রাম এবং মুক্তিতার দার্শনিক তত্ত্ব। সর্বশেষ আলোচক কবি, ছড়াকার, সংগঠক ধনঞ্জয় সাহা আলোচনা করেন বিখ্যাত ব্রিটিশ লেখক সি.এস লুইস'র সাড়া জাগানো গ্রন্থ 'দি ফোর লাভস' এর প্রাকৃতিক, মানবিক, আধ্যাত্মিক এবং শৈল্পিক বর্ণনার নান্দনিক দিক।

পরিশেষে পরিচালক নীরা কাদরী কুইন্স পাবলিক লাইব্রেরির সহকারী ম্যানেজার সেলিনা শারমিন, লাইব্রেরি কর্তৃপক্ষকে এবং উপস্থিত গ্রন্থালোচকদের ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।




## সাংবাদিক মনজুর আহমদের দুই বইয়ের প্রকাশনা উৎসব

৬৪ পৃষ্ঠার পর

ও শিক্ষাবিদ ড. আবেদীন কাদের, বিশিষ্ট লেখক আহমেদ মাজহার, কবি ও লেখক কাজী জহিরুল ইসলাম ও লেখক-সাংবাদিক মনিজা রহমান। বক্তব্য রাখেন টাইম টিভির সিইও আবু তাহের, সঙ্গীত শিল্পী মোস্তাফিজ বিশ্বাস, সাংস্কৃতিক ব্যক্তিত্ব মুজিব বিন হক, সাংবাদিক সাঈদ তারেক, সাপ্তাহিক প্রথম আলোর সম্পাদক ইব্রাহীম চৌধুরী, কবি শামস আল মমিন, লেখক এবিএম সালেহউদ্দিন, সাংবাদিক আকবর হায়দার কিরন, বীর মুক্তিযোদ্ধা খন্দকার ফরহাদ, মুক্তধারা'র কর্ণধার বিশ্বজিত সাহা, কবি কাজী আতিক, লেখক রানু ফেরদৌস, রাজিয়া নাজমী ও রশতন হক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ উদ্দিন, সাংবাদিক মোহাম্মদ কাশেম সহ আরো অনেকে। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক হাসানুজ্জামান সাকী।

আশি বছর বয়সী প্রবীণ লেখক-সাংবাদিক মনজুর আহমদ তার আলোচক ও উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে বলেন, মূলতঃ একজন সাংবাদিক হিসেবে যা দেখেছি তাই লেখায় তুলে ধরার চেষ্টা করেছি। পাঠকের চাহিদার কথা মাথায় রেখেই নতুন বই প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। নতুন বইটিতে প্রবাস জীবন অর্থাৎ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক জীবন ও নিউইয়র্কের পরিচিতিও স্থান পাবে। অনুষ্ঠানে মনজুর আহমদ-পত্নী অভিনেত্রী রেখা আহমেদও উপস্থিত ছিলেন।

আলোচকরা বলেন, মনজুর আহমদের লেখায় তার মায়ের স্থান বিশেষ গুরুত্ব পেয়েছে। পাশাপাশি সাংবাদিকতার দৃষ্টিভঙ্গি পেরিয়ে সাহিত্যের ছাপ পাওয়া গেছে। সাংবাদিকতা আর লেখালেখি জীবনের নানা অভাব, অভিযোগ, ঘৃণা ও সাংবাদিকতা পেশার দায়িত্বও বারবার ফুটে উঠেছে। আবার তিনি অনেক প্রশ্ন-উত্তর প্রসঙ্গ এড়িয়ে গেছেন, যে প্রশ্ন-উত্তরগুলো তার বিভিন্ন সাক্ষাৎকার বা লেখায় থাকা উচিৎ ছিলো। তবে সব মিলিয়ে বই দুটিতে সাহিত্য আর সাংবাদিকতার সংমিশ্রণ রয়েছে এবং বই দুটি ইতিহাসের অংশ হিসেবে অনেক পাঠকের হৃদয় জয় করবে এবং ইতিহাসের গবেষণায় রেফারেন্স হিসেবে কাজে লাগবে। আবার কেউ কেউ বই দুটিতে মনজুর আহমদ ও তার স্ত্রী রেখা আহমেদ (প্রখ্যাত অভিনেত্রী) এর ঘটনাগুলো না থাকারও অভিযোগ করেন।

## জাতীয় পরিচয়পত্র সেবা নিতে অ্যাপয়েন্টমেন্ট বাধ্যতামূলক

৬২ পৃষ্ঠার পর

রোড আইল্যান্ড ও ভারমন্টে বসবাসরত বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশির আগ্রহ এবং পদ্ধতিগত সমস্যার কারণে কনস্যুলেট সাময়িকভাবে অ্যাপয়েন্টমেন্ট ছাড়া (ওয়াক-ইন) কিছু আবেদন গ্রহণের সুযোগ রেখেছিল। তবে পরিবর্তিত পরিস্থিতিতে ১ নভেম্বর থেকে ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্রের আবেদন করতে হলে অনলাইন অ্যাপয়েন্টমেন্ট নেওয়া বাধ্যতামূলক। অ্যাপয়েন্টমেন্ট ছাড়া আগত (ওয়াক-ইন) আবেদনকারীদের কাছ থেকে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। কনস্যুলেটের পক্ষ থেকে প্রবাসী সেবাপ্রার্থীদের প্রতি অনুরোধ জানানো হয়েছে- আবেদন সম্পন্ন করার সঙ্গে সঙ্গে অনলাইন অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করে নির্ধারিত তারিখে প্রয়োজনীয় কাগজপত্রসহ কনস্যুলেটে উপস্থিত হয়ে জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত প্রক্রিয়াটি সম্পন্ন করতে।


NABANNO RESTAURANT
নবান্ন-২
জ্যামাইকা হিলসাইডে প্রথম পরিবারমুখী রেস্টুরেন্ট
শুভ উদ্বোধন
বাঙালিয়ানা ও পারিবারিক আবহে
নবান্ন রেস্টুরেন্ট জ্যামাইকা হিলসাইডে
০১ নভেম্বর-২০২৫, শনিবার বিকাল ৪ টা
169-22 Hillside Ave, Jamaica,
NY -11432
Phone: +1 718-734-6000
+1 646-337-2323

## তারুণ্যের জোয়ারে ভাসছেন মামদানি

১ পৃষ্ঠার পর

হিসেবে জোহরান মামদানি বিজয়ের পথে। সর্বশেষ প্রকাশিত এক জরিপে দেখা গেছে যে, মামদানি কুমোর চেয়ে ১০ পয়েন্টে এগিয়ে আছেন। জরিপে বলা হয়েছে, মামদানিকে সমর্থন করেছেন ৪৩% ভোটার, অন্যদিকে কুমো সমর্থন পেয়েছেন ৩৩% এবং রিপাবলিকান কার্টিস স্লিওয়া পেয়েছেন ১৪% ভোটারের সমর্থন।

নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনের ইতিহাসে সবচেয়ে কম বয়সী এবং প্রথম মুসলিম প্রার্থী জোহরান মামদানি এখন ভোটারদের আবেগের স্থানে অবস্থান করছেন। তিনি গত জুনে দলীয় প্রাইমারিতে ডেমোক্রেট প্রার্থী নিউইয়র্কের সাবেক গভর্নর এন্ড্রু কুমোকে ধরাশায়ী করে নিজের জনপ্রিয়তা ও রাজনৈতিক শক্তির জাগরণ প্রকাশ করেন।

নিউইয়র্ক সিটি বহুমাত্রিক সাংস্কৃতিক, রাজনৈতিক, অর্থনৈতিক, প্রযুক্তি, শিক্ষা, পর্যটন, ফ্যাশন, ক্রীড়া ও আন্তর্জাতিক কূটনীতির কেন্দ্রস্থল মামদানির মেয়র নির্বাচন এবার বৈচিত্র্যতাও পেয়েছে। বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ে মামদানি তার মতামতকে তুলে ধরেছেন।

নিউইয়র্ক সিটির নির্বাহী কার্যক্রম পরিচালিত হয় একজন মেয়র, মেয়র কর্তৃক মনোনীত কয়েকজন ডেপুটি মেয়র, সিটি কমিশনার, অসংখ্য বিভাগ, বোর্ড ও কমিশন সমন্বয়ে। নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা মেয়র অনির্বাচিত কর্মকর্তাদের নিয়োগ ও বরখাস্ত করার ক্ষমতা রাখেন। তিনি সিটির বার্ষিক বাজেট প্রণয়নের তদারকি করেন, যেটি যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় আকারের মিউনিসিপাল বাজেট। ২০২৩ সালে সিটি বাজেটের পরিমাণ ছিল ১০০.৯ বিলিয়ন ডলার।

সাবেক গভর্নর ও মেয়র প্রার্থী কুমোর দাবি, মামদানি ইহুদি সম্প্রদায়কে ভীত করেছে, কারণ তিনি 'গ্লোবালাইজ দ্য ইন্তিফাদা' স্লোগানটি নিন্দা করতে দেরি করেছিলেন। ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলে হামাসের হামলার পর ফিলিস্তিনের পক্ষে অবস্থান ও ইসরায়েলকে 'ইহুদি রাষ্ট্র' হিসেবে স্বীকৃতি না দেয়ার জন্য মামদানির সমালোচনা করেন তারা। স্লিওয়ার পক্ষ থেকেও বলা হয়েছে, মামদানি ইসলামোফোবিয়ার অভিযোগগুলো রাজনৈতিক স্বার্থে 'অস্ত্র হিসেবে' ব্যবহার করছেন। অ্যাডামস প্রশাসন এ বিষয়ে অবশ্য কোনো মন্তব্য করেনি। মামদানির বিজয়ের মধ্য দিয়ে নিউইয়র্কের সাধারণ নগরবাসি নতুন এক দিগন্তের দেখা পাবেন বলে তাঁর প্রচারণা কমিটির পক্ষ থেকে বারবার তা জানানো হয়েছে।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com

NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)


## ইসলামে হালাল জীবিকা উপার্জনের গুরুত্ব

২৫ পৃষ্ঠার পর

বাকারা : ১৭২)। সব নবী-রাসুলকেও তিনি একই নির্দেশ দিয়েছেন। কোরআনে এরশাদ হয়েছে, 'হে রাসুলগণ! আপনারা পবিত্র খাদ্যদ্রব্য আহার করুন এবং সৎ কাজ করুন। আপনারা যা কিছু করেন, সে ব্যাপারে আমি অবগত।' (সুরা মোমিনুন : ৫১)। রাসুল (সা.) হালাল রুজি উপার্জনকে ফরজ ঘোষণা করেছেন।

তিনি বলেন, 'হালাল রিজিক অন্বেষণ করা ফরজ কাজসমূহের মধ্যে একটি অন্যতম ফরজ।' (তাবারানি : ৯৯৯৩)। হালাল রিজিকের দ্বারা ইবাদতের তৌফিক লাভ হয়, অন্তরে নুর পয়দা হয়, ইলমে বরকত হয়, মনে সৎ সাহস সৃষ্টি হয়। পক্ষান্তরে হারাম রিজিক উপার্জনের কারণে অন্তর কালো হয়, ইবাদতে অনীহা আসে ও কাপুরুষতা বৃদ্ধি পায়। বর্ণিত আছে, ভারতের দেওবন্দে এক সাধারণ দিনমজুর ছিলেন। নাম তার শাহজী আবদুল্লাহ। কাঁচা ঘাস বিক্রি করে সংসার চালাতেন তিনি। প্রতিদিন এক বোঝা ঘাস নিয়ে বাজারে এসে একদামে ছয় পয়সায় বিক্রি করতেন। নীতিবান লোক ছিলেন তিনি। প্রতিদিনের এ আয়কে তিনি তিন ভাগে ভাগ করে দুই পয়সা গরিব-মিসকিন ও অসহায় বিধবাদের মাঝে বণ্টন করে দিতেন। দুই পয়সা দিয়ে সংসারের খরচ চালাতেন, আর দুই পয়সা জমা করতেন। এভাবে বছরে সাত টাকার চেয়ে কিছু বেশি পয়সা জমা হতো। এই জমানো টাকা দিয়ে তিনি বছরে একবার আলেম-ওলামাদের দাওয়াত করে খাওয়াতেন।

দারুল উলুম দেওবন্দের সদরুল মুদাররিসিন মাওলানা ইয়াকুব নানুতুবি (রহ.) বলেন, 'আমরা সারা বছর অপেক্ষায় থাকতাম, দিনমজুর শাহজীর ঘরে দাওয়াত কবে হবে। কেননা, সেখানে একবেলা খাবার খেলে ৪০ দিন পর্যন্ত অন্তরে নুর থাকত। মন চাইত, বেশি বেশি নামাজ, কোরআন তেলাওয়াত আর জিকির করি।'

## যেসব কারণে টাইফয়েড জ্বর বিপজ্জনক, করণীয় জেনে নিন?

২০ পৃষ্ঠার পর

করার সিদ্ধান্ত নেওয়া হয়, তাও অনেকগুলো ধাপ পার হয়ে।

যে কোনো ওষুধে ব্যক্তি বিশেষে কিছু কিছু পার্শ্বপ্রতিক্রিয়া থাকতে পারে। যেমন- কারো এলার্জি হতে পারে বা ভ্যাকসিনের স্থানে ব্যথা বা লাল হয়ে যাওয়া বা জ্বর আসতে পারে। সে ক্ষেত্রে প্যারাসিটামল খেলে ভালো হয়ে যায়।

**টাইফয়েড টিকায় শিশুদের স্বাস্থ্যঝুঁকি আছে কি?**

মামলার অন্যতম বাদী মইনুজ্জামান চৌধুরী বলেছেন, আমরা ভোটার তালিকায় কয়েক শ জাল ভোট দেখেছি, এক ফোন নম্বরেও কয়েক শ ভোট দেখেছি। এ নিয়ে নির্বাচন কমিশনকে পরপর তিনটি চিঠি দিয়েছি কিন্তু তারা কোনো ব্যবস্থা নেয়নি। সে কারণে আমরা আইনের আশ্রয় নিতে বাধ্য হয়েছি।

এদিকে নির্বাচন কমিশনের পক্ষ থেকে চলতি সপ্তাহে এক সংবাদ সম্মেলনে জানানো হয়, আদালতের আদেশ অনুযায়ী ২৬ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত রাখা হয়েছে। আমরা সকল প্রার্থীর প্রতিও আন্তরিক দুঃখ প্রকাশ করছি, কারণ আমরা জানি তারা এই নির্বাচনের জন্য কতটা সময়, শ্রম ও আন্তরিকতা উৎসর্গ করেছেন। তবে আমরা সবাইকে আশ্বস্ত করতে চাই এই নির্বাচন স্থগিত হওয়া কোনো শেষ নয়। এটি সাময়িক বিলম্ব মাত্র। নির্বাচন কমিশনের পক্ষ থেকে আমরা এই পরিস্থিতির জন্য গভীর দুঃখ প্রকাশ করছি এবং সকল সদস্য, ভোটার ও প্রার্থীদের ধৈর্য ধরার অনুরোধ জানাচ্ছি। আমাদের আইনজীবী দল বর্তমানে মামলাটির ওপর কাজ করছে এবং আমরা আশাবাদী, শীঘ্রই একটি ইতিবাচক সমাধানে পৌঁছানো সম্ভব হবে।

অন্যদিকে ওজনপার্কে যুক্তরাষ্ট্র বিয়ানীবাজারবাসীর পক্ষ থেকে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সেখানে বক্তারা বিয়ানীবাজার সমিতিতে সৃষ্ট সমস্যা সমাধানের বিষয়ে তাদের মতামত তুলে ধরেন। বক্তারা বলেন, ভোটার তালিকার বিষয়ে নির্বাচন কমিশনের কাছে তিনটি আবেদন দেওয়া হয়েছে। কিন্তু নির্বাচন কমিশন আবেদনগুলো আমলে না নিয়ে বিষয়টিকে জিইয়ে রাখে। তারা আবেদনগুলো পাওয়ার পর যদি সমস্যার সমাধান করতেন, তাহলে বিষয়টি আদালত পর্যন্ত গড়াত না। বক্তারা আরও বলেন, একটি সুষ্ঠু নির্বাচনের মূল উপাদান হচ্ছে নির্ভুল ভোটার তালিকা। একজন ভোটারের একাধিকবার ভোটার হওয়ার সুযোগ নেই। অতীতে হয়ে আসছে বলে এখনো এটি রাখার যুক্তি গ্রহণযোগ্য নয়। ভোটার তালিকায় যেসব নাম একাধিকবার ওঠানো হয়েছে, তালিকা থেকে সেসব নাম বাদ দিতে হবে। প্রকৃত ভোটারদের নাম রেখে নির্ভুল ভোটার তালিকা তৈরি করতে হবে। উপদেষ্টা তিনজনের বিষয়েও পক্ষপাতিত্বের অভিযোগ আনেন বক্তারা। তারা বলেন, সংগঠন বোঝেন ও পক্ষপাতহীন ব্যক্তিদের উপদেষ্টা পরিষদে নির্বাচিত করতে হবে।


# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন?
## আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton
এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহঃ**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার প্লাম্বিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free
ইস্টিমেট করা
হয়ে থাকে

**যোগাযোগঃ**

**WOVENA CONSTRUCTION INC**
172-11, 93 Ave, Jamaica, NY 114333
**Phone: 347-822-9052, 716-828-6677**
wovenatexusa@gmail.com

# দেশেই আছেন সামিরা ও ডন

## সালমান শাহ হত্যা মামলায় নতুন মোড়

আজকাল বিনোদন






চিত্রনায়ক সালমান শাহের মৃত্যুর ২৯ বছর পর তার মামলায় নতুন মোড়। সাবেক স্ত্রী সামিরা হক ও খলনায়ক ডন দেশে আছেন বলে জানিয়েছে পুলিশ। আদালতের নির্দেশে নতুন হত্যা মামলা করেছেন সালমানের মামা, যেখানে আসামি করা হয়েছে ১১ জনকে, তাদের মধ্যে রয়েছেন আজিজ মোহাম্মদ ভাইও।

চিত্রনায়ক সালমান শাহের হত্যা মামলায় আসামি সাবেক স্ত্রী সামিরা হক এবং খলনায়ক মোহাম্মদ আশরাফুল হক ডন দেশেই আছেন। একথা জানিয়েছে পুলিশ। তবে, তাদের সুনির্দিষ্ট অবস্থান জানা যায়নি। এ পর্যন্ত ৪টি তদন্ত সংস্থা সালমানের মৃত্যুকে আত্মহত্যা উল্লেখ করে প্রতিবেদন দিলেও নতুন করে হত্যা মামলা করেছেন তার মামা।

সালমান শাহ, ২৯ বছর ধরে যার মৃত্যু রহস্যই হয়ে রয়েছে। তার মৃত্যুর ঘটনায় করা মামলা এ পর্যন্ত তদন্ত করেছে পুলিশের ৪টি সংস্থা। তাদের সবাই ঘটনাটিকে আত্মহত্যা বলে প্রতিবেদন দেয়। তবে সবশেষ ২১ অক্টোবর আদালতের নির্দেশে রমনা থানায় হত্যা মামলা করেন সালমান শাহের মামা। মামলায় আসামি সালমানের সাবেক স্ত্রী সামিরা হক, তার বন্ধু চলচ্চিত্রের খলনায়ক মোহাম্মদ আশরাফুল হক ডন, বিতর্কিত ব্যবসায়ী আজিজ মোহাম্মদ ভাইসহ ১১ জন। সালমান শাহের মরদেহে রক্তের দাগ দেখার অভিযোগ করেন তার মা। এ নিয়ে কথা বলেন ময়নাতদন্তের দায়িত্বে থাকা মর্গ সহকারী।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গ সহকারী মোহাম্মদ সেকেন্দার বলেন, 'ওই সময়ে গলায় যে দাগ ছিল সেগুলো নোট করা হয়। পুরো বডির সিমটম নোট করার পর নিখুঁতভাবে ডাক্তার ময়নাতদন্ত করেছেন। পোস্টমর্টেমে আমাদের যেখানে যেখানে নিয়ম কাটার, সেটা করে সম্মানের সহিত সেলাই করে দিয়েছি।'

মরদেহে রক্ত থাকার বিষয়ে এই মর্গ সহকারী বলেন, 'মৃত্যুর আগে রক্ত থ কলে সেটার ছবি নিশ্চয়ই আছে, কেউ যদি তুলে থাকে ওইটা একটা ডকুমেন্ট। আর ময়নাতদন্তের পর রক্ত লাগলে এইটাতে কিছু করার নাই।'

এদিকে ১৯৯৭ সালে এক আসামির জবানবন্দি ঘিরে মামলা নতুন মোড় নিয়েছে। মামলার ১১ নম্বর আসামি রেজভি আহমেদ ফরহাদ জানান, সালমানকে হত্যার পর আত্মহত্যার ঘটনা সাজানো হয়েছে। হত্যাকাণ্ডে নিজের জড়িত থাকার কথাও স্বীকার করেন রেজভি। এরপর ৩৮ পৃষ্ঠায়



## ঝামেলার ভয়ে নীরব চঞ্চল চৌধুরী

আজকাল বিনোদন

জনপ্রিয় অভিনেতা চঞ্চল চৌধুরী সাম্প্রতিক সময়ে অনেকটাই নীরব। একসময় সামাজিক-রাজনৈতিক বিষয়েও সরব ছিলেন তিনি। কিন্তু এখন যেন হিসাব করেই কথা বলেন। কারণ কি? নিজেই দিয়েছেন সেই জবাব। তার ভাষ্য, 'দেশের যে পরিস্থিতি, কিছু বললেই যদি ঝামেলায় পড়তে হয়। তাই এরপর ৫৩ পৃষ্ঠায়



## গুঞ্জনে মেহজাবীন সঙ্গে নিশো

আজকাল বিনোদন

ক্যারিয়ার দৈর্ঘ্য, উচ্চ সফলতা আর গভীর প্রেমের বিবেচনায় মেহজাবীন চৌধুরীকে নিয়ে সে অর্থে কোনও গুঞ্জনই ঠিকঠাক দানাবাঁধতে পারেনি। নায়িকা হিসেবে এটি তার জন্য হতাশার কারণ হলেও হতে পারে।

তবে এ পর্যায়ে এসে খানিক গুঞ্জনে অবকাশ হলো বটে। গুঞ্জন উঠেছে, আফরান নিশোর নতুন সিনেমায় নায়িকা হয়ে ধরা দিচ্ছেন মেহজাবীন চৌধুরী। তাও আবার সেটি নির্মাণ করছেন জাতীয় চলচ্চিত্র পুরস্কারজয়ী নির্মাতা রেদওয়ান রনি। যার হাত ধরে সিনেমায় অভিষেক হয়েছিলো আজকের শরিফুল রাজ ও নাজিফা তুষিদের।

এদিকে নাটকের শীর্ষ ক্যারিয়ারে উঠে অনেকটা হুট করেই যেন ছুটি নিলেন মেহজাবীন। যেটা করা প্রায় অসম্ভব ছিলো। মেহজাবীন দেখালেন অমন উঁচু থেকেও সিনেমায় ঝাঁপ দেওয়া যায়। দিয়েছেন। পেয়েছেন সফলতা। যদিও সেটি বাণিজ্যিক নয়, উৎসবকেন্দ্রিক। 'সাবা' ও 'প্রিয় মালতী' নিয়ে তিনি ঘুরেছেন বিশ্বের নামকরা বেশ ক'টি উৎসব। যেমনটা ঘোরা হয়নি তার নাটকের ২০ বছরের ক্যারিয়ারেও!

তবে হতাশার কথা ছিলো, পর পর অথবা প্রায় একসঙ্গে দুই সিনেমা প্রকাশের পর মেহজাবীন যেন বিয়ে করে খানিকটা থমকে গিয়েছিলেন। অনেকেই মনে মনে ভেবে সুখ কিংবা অসুখ পাচ্ছিলেন, মৌ-বিপাশাদের পথ ধরে মেহজাবীন বুঝি সংসারে ঢুকে পড়লো! তার আর হাঁটা হলো না বুঝি জয়ার পথ ধরে!

সেসব ভুল প্রমাণ করে উল্টো গুঞ্জনের জন্ম দিলেন তৃতীয় সিনেমায় এসে। জোর গুঞ্জন তার নতুন সিনেমার নাম 'দম'। যাতে তিনি সহশিল্পী হিসেবে পাচ্ছেন মোশাররফ করিম ও আফরান নিশোর মতো এরপর ৫৩ পৃষ্ঠায়



## ভক্তদের সঙ্গে আলাপে মজেছেন শাহরুখ

আজকাল বিনোদন

নিজেকে প্রশ্ন করার জন্য শাহরুখ খান সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় একটি আয়োজন করেন। আস্কএসআরকে হ্যাশট্যাগে এই সেশন হয় তার ৬০তম জন্মদিনের তিন দিন আগে। আর এবারের সেশনেও ছিলো ভক্তদের সঙ্গে স্বভাবসুলভ রসবোধ, মজা আর স্পষ্টবাদিতা।

সাম্প্রতিক বছরগুলোতে শাহরুখ খান ভারতীয় মিডিয়ায় কোনও বড় সাক্ষাৎকার দেননি, বিশেষ করে 'জিরো' (২০১৮) ব্যর্থতার পর। তবে ২০২৪ সালে লোকার্নো ফিল্ম ফেস্টিভালে তিনি বিদেশি মিডিয়ায় কথা বলেছিলেন। এছাড়া তিনি পার্টিতে পাপারাজ্জি এড়িয়ে চলেন। সম্প্রতি আরিয়ান খানের 'ব্যাডস অব বলিউড' প্রিমিয়ারে ব্যতিক্রম ঘটান; পুরো পরিবার নিয়ে ক্যামেরার সামনে আসেন এবং আরিয়ান পাপারাজ্জিদের সঙ্গে বাবার একটি বড় গ্রুপ ছবি তোলেন।

এদিকে প্রশ্ন-উত্তরের সাম্প্রতিক অনলাইন সেশন চলাকালীন এক ভক্ত জানতে চান, 'আপনি সাক্ষাৎকার দিচ্ছেন না কেন? আমরা আপনার প্রেস ইন্টারঅ্যাকশন খুব মিস করি।'

শাহরুখ খান উত্তরে বলেন, 'নতুন কিছু বলার নেই আর পুরনো সাক্ষাৎকারগুলো বেশ ভালোই টিকে আছে হা হা।'

তার এই উত্তরের পরই ভক্তদের মন্তব্যের বন্যা বয়ে যায়। একজন লিখলেন, 'আপনার পুরনো লাইন নতুন করে শোনা গেলেও আমাদের জন্য তা নতুন!' আরেকজন লিখলেন, 'আপনার দীর্ঘ সাক্ষাৎকার খুব মিস করি।'

এক ভক্ত এরপর বলেন, 'স্যার আমাকে ছেড়ে গেছে প্রেমিকা, বন্ধুরা দেবদাস বলছে এবং মুভিও দেখাতে নিয়ে যাচ্ছে!' জবাবে শাহরুখ বলেন, 'মন খারাপ কোরো না। হৃদয়ে ফাটল ধরলে আলো ঢোকার জায়গা তৈরি এরপর ৫৩ পৃষ্ঠায়

## আবার একসঙ্গে সালমান খান ও গোবিন্দ

আজকাল বিনোদন

বলিউডের জনপ্রিয় নায়ক জুটি সালমান খান ও গোবিন্দ। আবার তারা একসঙ্গে পর্দায় আসতে চলেছেন। ২০০৭ সালের হিট কমেডি 'পার্টনার'-এর সাফল্যের পর নতুন করে তাদের এক ছবিতে অভিনয়ের সম্ভাবনা আলোচনা তৈরি করেছে। সোশ্যাল মিডিয়ায় ভক্তরা তাদের পুরনো ক্লিপ ও আনন্দঘন মুহূর্ত শেয়ার করে উত্তেজনা ছড়িয়ে দিয়েছেন।



প্রকল্পের নিকটস্থ এক সূত্রের বরাতে ভারতীয় গণমাধ্যমগুলো জানায়, 'সালমান খান ও গোবিন্দ নতুন ছবিতে একত্রিত হচ্ছেন। এটি এখনও প্রাথমিক ধাপে আছে। ছবির নামও প্রকাশ করা হয়নি। নির্মাতারা বিস্তারিত গোপন রাখছেন চমক দেবেন বলে। তবে এটি হবে একটি বড় বাজেটের বিনোদনমূলক ছবি। দুই অভিনেতার পুরনো ক্লাসিক কেমিস্ট্রি ফিরিয়ে আনবে এই সিনেমাটি।'

এই খবর প্রথম আলোড়িত হয় যখন সালমান খান সম্প্রতি বিগ বস অনুষ্ঠানে একটি সূক্ষ্ম ইঙ্গিত দিয়েছেন যে তিনি শিগগিরই একজন প্রিয় পুরনো বন্ধুর সঙ্গে কাজ করতে যাচ্ছেন। ভক্তরা অনুমান করেছেন সেই বন্ধু গোবিন্দই। এরপর ৫৩ পৃষ্ঠায়



## অনেক কাঠ-খড় পুড়িয়ে এই মঞ্চে এসেছি : পূজা

আজকাল বিনোদন

মেহজাবীন নয়, পূজাই হচ্ছেন আফরান নিশোর নতুন নায়িকা। অনেক গুঞ্জন পেরিয়ে 'দম' মহরতের মঞ্চে পাওয়া গেলো পূজা চেরীকে। পাশে ছিলেন তার নায়ক আফরান নিশো।

পূজা এই মঞ্চে উঠে বলেন, 'এমন নয় যে খুব সহজেই এখানে এসেছি। এই চরিত্রটির জন্য আমাকে অডিশন দিতে হয়েছে। অনেক কাঠ-খড় পুড়িয়ে এই মঞ্চে এসেছি।'

এটাও জানান, 'প্রথমবার আমি নিশো ভাইয়ার সঙ্গে কাজ করছি। সুপার এক্সাইটেড। কারণ তিনি অসাধারণ অভিনেতা।'

'দম'-এ আরও অভিনয় করছেন চঞ্চল এরপর ৫৩ পৃষ্ঠায়

# আপনার কি Medicaid আছে?

## তাহলে আপনি পেতে পারেন সামাজিক কিছু গুরুত্বপূর্ণ সুবিধা!

# এখন ASHO

নিউইয়র্ক সিটির WholeYouNYC SCN -এর অংশীদার হয়ে কাজ করছে।

## WholeYouNYC SCN কী?

WholeYouNYC SCN হলো নিউ ইয়র্ক সিটির একটি স্বাস্থ্য ও মানবসেবা ভিত্তিক প্ল্যাটফর্ম। এখানে একজন ব্যক্তির শারীরিক, মানসিক ও সামাজিক প্রয়োজন একত্রিতভাবে দেখা হয়।

## Social Care Network (SCN)-এর মাধ্যমে আপনি যেসব সেবা পেতে পারেন

**স্বাস্থ্যসেবা**
- প্রাথমিক চিকিৎসা
- স্পেশালিস্ট রেফারেল

**মানসিক স্বাস্থ্য**
- থেরাপি ও কাউন্সেলিং
- মানসিক রোগ ব্যবস্থাপনা

**আবাসন সহায়তা**
- বাসস্থান ও আশ্রয়
- রেন্টাল সহায়তা

**খাদ্য সহায়তা**
- ফুড প্যান্ট্রি
- SNAP (ফুড স্ট্যাম্প)

**আইন ও সামাজিক সেবা**
- ইমিগ্রেশন সহায়তা
- স্বাস্থ্য বীমা ও বেনিফিট আবেদন

**ভাষা সহায়তা**
- দোভাষী ও
- অনুবাদ সেবা

## কিভাবে যুক্ত হবেন WholeYouNYC SCN-এ?

- আপনি উপযুক্ত কি না যাচাই করে আমরা রেফার করতে পারি।
- কমিউনিটি ইভেন্ট ও হেলথ ফেয়ারে অংশগ্রহণ করে।
- সরাসরি যোগাযোগ করে।

## আপনি যোগ্য কি না জানতে চান?

আপনার Medicaid কার্ড নিয়ে চলে আসুন বা ফোনে যোগাযোগ করুন
আমরা যাচাই করে জানিয়ে দেবো আপনি এই সেবা পেতে পারেন কি না।

## সোশ্যাল কেয়ার নেটওয়ার্ক এবং নিউইয়র্ক স্টেটের বিভিন্ন বেনিফিটস পেতে করণীয়
## যোগ দিন এ বিষয়ক সেমিনারে

স্থান: Jewish Center of Jackson Heights
ঠিকানা: 37-06 77th St, Jackson Heights, NY 11372
তারিখ ও সময়: শুক্রবার, ৭ নভেম্বর, সন্ধ্যা ৭টা
অনুষ্ঠানটি সবার জন্য উন্মুক্ত

এ ছাড়া যেকোন সময় যোগাযোগ করুন
**Autism Society Habilitation Organization (ASHO)**
ঠিকানা: 160-01 Hillside Avenue, Jamaica, NY 11432
ফোন: (347) 957-3632
ইমেইল: rubaiya@asho-ny.org
ওয়েবসাইট: www.asho-ny.org

Proud Partner of
WholeYouNYC


First Time in NY
COMMUNITY CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Video & Photo
PRODUCTION SERVICES

DFC
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432



We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :
- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com



WIN ZONE Realty Inc.
WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত



139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain



## নিউইয়র্কে আরটিভির নতুন স্টুডিও উদ্বোধন

৬৪ পৃষ্ঠার পর

স্টুডিও থেকে ভিন্ন ভিন্ন অনুষ্ঠান নির্মাণ করবে আরটিভি নিউইয়র্ক টিম। আরটিভির প্রধান নির্বাহী কর্মকর্তা আশিক রহমান জানান, এটি আমাদের জন্য একটি নতুন অধ্যায়। প্রবাসীদের কথা, স্বাধীনতা বাংলাদেশ এবং সংস্কৃতিকে আরও বৃহৎ পরিসরে তুলে ধরার সুযোগ তৈরি হল। দেশের একটি চ্যানেল নিউইয়র্কের মতো বাংলাদেশি অধ্যুষিত শহরে স্টুডিও নির্মাণ এবং অনুষ্ঠান প্রযোজনার এই উদ্যোগ উত্তর আমেরিকায় বসবাসকারী, মিডিয়া ও সংস্কৃতি কর্মীরা ভালো উদ্যোগ হিসেবেই দেখছে। প্রবাসীরা বলছেন, আরটিভির এ যাত্রার মধ্য দিয়ে প্রবাসী বাংলাদেশি জীবন, আশা ও সংস্কৃতির মূলধারার দর্শকদের আরও





ঘনিষ্ঠভাবে উপস্থাপিত করা হবে। অন্য টেলিভিশন গুলোও প্রবাসী ও তাদের নিউজকে গুরুত্বের সঙ্গে উপস্থাপন করবে। উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিদের মধ্যে ছিলেন কমিউনিটি একটিভিস্ট শাহ নেওয়াজ, আতাউর রহমান সেলিম, ফখরুল আলম, গিয়াস আহমেদ, ড. বদরুল খান, এটর্নি মঈন চৌধুরী, আহসান হাবিব, ফয়সাল সোলায়মান, নুরুল আজিম, বেলাল আহমেদ, মনোয়ার প্রধান, ইমরুল চৌধুরী, মাকসুদুল চৌধুরী, ফিরোজ কবির, বাদশাহ বুলবুল ও রাশেক মালিক।

## বাদশা বুলবুলের গানে মুগ্ধ দর্শকশ্রোতা



৬৪ পৃষ্ঠার পর

বাংলাদেশী সিনিয়র সিটিজেন ক্লাব আয়োজিত' সুরের বাদশা বুলবুল এর গান। গত ২৫ অক্টোবর জ্যামাইকার হাঁর কাবাব পার্টি হলে সংগঠনের প্রেসিডেন্ট বেলাল আহমেদ-এর উদ্যোগে ওই অনুষ্ঠানে ছিল শ্রোতাদের উপচেপড়া ভিড়। আর এই দৃশ্য ছিল শুরু থেকে শেষ পর্যন্ত। পিনপতন শব্দ সহকারে উপস্থিত শ্রোতারা প্রাণভরে হারানো দিনের অন্তরে গেঁথে থাকা বিশিষ্ট শিল্পী বুলবুল এর গাওয়া গানে হারিয়ে যান তাদের কৈশোরের প্রাণচাঞ্চল্যের দিনগুলিতে। আহসান হাবিবের সঞ্চালনায় শিল্পী বুলবুল বাংলা, উর্দু ও হিন্দি জনপ্রিয় গানগুলি পরিবেশন করেন। তার মধ্যে ছিল বিখ্যাত শিল্পীদের গাওয়া বাংলা গানের মধ্যে হাছা-হবির গান, ভারতীয় বাংলা, নজরুলগীতি ও আধুনিক গান। এছাড়াও ছিল ভারতের ও পাকিস্তানের শিল্পীদের গাওয়া সর্বজন প্রিয় ও আকর্ষণীয় গানসমূহ। তবে সব চেয়ে মনকাড়া ও আকর্ষণীয় ব্যাপার হলো শিল্পীর গাওয়া প্রতিটি গানেই ছিল অরজিনাল শিল্পীর গায়কী ভঙ্গিমা ও তাদের আওয়াজ। মনে হচ্ছিলো গানগুলি যেন আসল শিল্পীর কণ্ঠেই শুনছি। বুলবুল তার পছন্দ গান ছাড়াও শ্রোতাদের অনুরোধের গানও গেয়ে শুনান। সর্বশেষে জনপ্রিয় গান 'সমাদম মাস্তকালেন্ডার' গানটি দিয়ে ওই দিনের অনুষ্ঠান সমাপ্তি হয়। ওই সময় পুরো অডিয়েন্স এক সাথে গানটি শেয়ার করেন। বুলবুল ছাড়াও এদিন সংগীত পরিবেশন করেন স্থানীয় শিল্পী লিপা জামান ও বুলবুলের এর বোন পলি সারওয়ী। এমন একটি অনুষ্ঠান উপহার দেয়ার জন্য উপস্থিত সবাই বেলাল আহমেদকে অসংখ্য ধন্যবাদ জানান। বিশেষ অতিথিদের মধ্যে উপস্থিত থেকে বেলালের এই উদ্যোগকে স্বাগত জানান নাসির খান পল, ফখরুল আলম, মনোয়ারুল ইসলাম, ফখরুল ইসলাম দেলোয়ার, ফরিদ আলম, অলিক রাজ, সাবান মাহমুদ, কামরুল ইসলাম সনি, আহসান হাবিব, কাজি জবির, শুশুকুন্নেসা বেলাল, বেলাল চৌধুরী, আবু তালেব চান্দু।

## গণভোটের হ্যাঁ-না নিয়ে ফেসবুক সয়লাব

৬৪ পৃষ্ঠার পর

১২ টার দিকে শুরু হওয়া বেশিরভাগ পোস্টেই এ ধরনের ছবি প্রকাশের কোনো কারণ উল্লেখ করা নেই। স্বাভাবিকভাবে অনেক মানুষ অবাক হচ্ছেন সোশ্যাল মিডিয়ার এই ট্রেন্ডটিতে। প্রকৃতপক্ষে এর পেছনের কারণ কী? কারা হ্যাঁ, কারা না এর পক্ষ নিচ্ছেন অথবা কেনই বা নিচ্ছেন? সবমিলিয়ে যে প্রসঙ্গটি আলোচনায় এসেছে তা হলো গণভোট।

অন্যদিকে জাতীয় নাগরিক পার্টি সুনির্দিষ্ট সময় না বললেও সংসদ নির্বাচনের আগেই গণভোট আয়োজনের দাবি জানিয়েছে। ফলে জামায়াত ও এনসিপির দাবি কিছুটা কাছাকাছি হলেও বিএনপি এ ব্যাপারে কোনো ধরনের সমর্থন দেয়নি। বরং দলটি সংসদ ও গণভোট নির্বাচন একই দিনে চায়। ফলে এ নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম উত্তাল হয়। ছাত্রদলের সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছিরও এ ক্যাম্পেইনে অংশ নিয়েছেন। তিনি নিজের প্রোফাইলে না পোস্ট দিয়েছেন। অন্যদিকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ভেরিফায়েড ফেসবুক পেজেও এমন প্রচারণা দেখা গেছে। তারা 'হ্যাঁ' লিখে একটি পোস্ট করেছেন। এরই মধ্যে জাতীয় ঐকমত্য কমিশন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের কাছে জুলাই সনদ বাস্তবায়নের সুপারিশমালা হস্তান্তর করেছে। কমিশনের সহসভাপতি ড. আলী রীয়াজ জানিয়েছেন, জাতীয় নির্বাচনের আগে অথবা নির্বাচনের দিন গণভোট আয়োজনের সুপারিশ করা হয়েছে এবং এ বিষয়ে দ্রুত নির্বাচন কমিশনের সঙ্গে আলোচনার তাগিদ দেওয়া হয়েছে।

## সুপ্রিম কোর্টের বিচারক পদে লড়ছেন অ্যাটর্নি সোমা সায়ীদ

৬৪ পৃষ্ঠার পর

নির্বাচিত করতে হবে। এর মধ্যে সোমা সায়ীদের নাম রয়েছে ৫ নম্বরে। সোমা নির্বাচিত হলে প্রথম কোনো বাংলাদেশি বংশোদ্ভূত এই পদে বিজয়ী হওয়ার ইতিহাস তৈরি হবে। সোমা সায়ীদ জয়ী হতে যাচ্ছেন–এটা প্রায় নিশ্চিতই বলা যায়। অনেকটা নিশ্চিত থাকলেও শেষ মুহূর্তে প্রচার-প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন তিনি। ভোট চাইছেন সবার কাছে। বিপুল ভোটে জয়ী হবেন বলে তিনি আশাবাদী। সোমা সায়ীদ এই নির্বাচনে ডেমোক্র্যাটিক পার্টির অনেক খ্যাতনামা নেতার সমর্থন পেয়েছেন। বাংলাদেশি কমিউনিটি এবং কমিউনিটির বিভিন্ন অঙ্গসংগঠনও তাকে সমর্থন দিয়েছে। কুইন্সের বিভিন্ন ডেমোক্র্যাটিক ক্লাব তাকে সমর্থন দিয়েছেন। এ ছাড়া নিউইয়র্ক বার অ্যাসোসিয়েশনও তাকে সমর্থন দিয়েছে।

কুইন্স ডিস্ট্রিক্টের নিউইয়র্ক সিটি সিভিল কোর্টের জজ অ্যাটর্নি সোমা এস. সায়ীদ নিউইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্টের বিচারক পদে ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী হিসেবে অংশ নিচ্ছেন। তিনি বর্তমানে কুইন্স ডিস্ট্রিক্টের নিউইয়র্ক সিটি সিভিল কোর্টের জজ হিসেবে কাজ করছেন। এর আগে তিনি ২০২১ সালে কুইন্স ডিস্ট্রিক্টের সিভিল কোর্টের জজ নির্বাচিত হন। তিনি ২০২২-২০২৩ সালে ম্যানহাটনের নিউইয়র্ক কাউন্টি ক্রিমিনাল কোর্টের বিচারকের দায়িত্ব পালন করেন। এরপর ২০২৪ সালের জানুয়ারি মাসে তাকে কুইন্স কাউন্টির সিভিল কোর্টের জজের দায়িত্ব দেওয়া হয়।

সোমা সায়ীদ একজন বিশেষজ্ঞ আইনজীবী। তিনি কুইন্স কাউন্টির জজ নির্বাচিত হওয়ার আগে বিশেষজ্ঞ প্রসিকিউটর এবং প্রাইভেট প্র্যাকটিশনার অ্যান্ড কমিউনিটি ও প্রোবনো বিশেষজ্ঞ। সোমা সায়ীদ আলবেনি ল' স্কুল থেকে আইন বিষয়ে জুরিস ডক্টরেট ডিগ্রি লাভ করেন। এর আগে তিনি নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটির সিটি কলেজ থেকে ব্যাচেলর ডিগ্রি অর্জন করেন। তিনি নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে ছোটবেলার শিক্ষাজীবন কাটিয়েছেন। হাইস্কুলও ছিল সিটির পাবলিক স্কুল। ছোটবেলায় বাংলাদেশ থেকে এ দেশে পাড়ি জমান। বিয়ের পর তার স্বামী মিজান চৌধুরীর ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পেয়েছেন। সোমা সায়ীদ নিজের চেষ্টায় ও তার পরিবারের সবার উৎসাহ ও সহযোগিতায় এই পর্যায়ে এসেছেন।



## ৫ কর্মঘন্টা হবে নারীদের

৬৪ পৃষ্ঠার পর

সমাজ গঠনে কেন অংশ নিতে পারবেন না। মা-বোনেরা সন্তান লালন পালন সহ একটি সংসার গড়ে তোলেন। পাশাপাশি কর্মক্ষেত্রেও যথেষ্ট দক্ষতার সাথে কাজ করে যাচ্ছেন। তাই ক্ষমতায় গেলে মা-বোনদের বিশেষ সম্মান হিসেবে তাদের কর্মক্ষেত্রে কাজের সময় আট ঘণ্টার বদলে ৫ ঘণ্টা করা হবে। যাতে সংসার ও কর্মস্থল সামলাতে কষ্ট না হয়। তাদের সময় কমিয়ে দেওয়া হবে, বেতন না। দেশের গার্মেন্টস শিল্পে ৭০ লাখ নারী কাজ করছেন। কখনো তাদের বলিনি তোমরা বোরখা নেকাব পরো। তারা তাদের নিজের সম্মান রক্ষায় পর্দা ব্যবহার করছে। বর্তমান সময়ে আমাদের মা-বোনেরা কর্মস্থলে গিয়ে হেনস্থার শিকার হতে হয়। জামায়াত ক্ষমতায় গেলে তাদের নারীদের নিরাপত্তা নিশ্চিত করা হবে।

আসন্ন নির্বাচন উপলক্ষ্যে প্রবাসীদের উদ্দেশে তিনি বলেন, ফেব্রুয়ারিতে দেশে নির্বাচন হবে। দীর্ঘদিন পর মানুষ ভোট দিতে পারবে। প্রবাসীরাও এই প্রথম ভোটের অধিকার পাচ্ছেন। তাই সম্ভব হলে নির্বাচনে ভোট দিতে দেশে আসুন। ইতিহাসের সাক্ষী হোন। দেশে যেতে না পারলেও প্রবাসে থেকে ভোট দিন। যারা সৎভাবে দেশ চালাবে বলে মনে করেন- তাদেরকে ভোট দিয়ে দেশটাকে সুপথে পরিচালিত করার সুযোগ দেন। কথা দিচ্ছি, জামায়াত ক্ষমতায় গেলে প্রবাসীদের স্বার্থ, সুরক্ষা ও সম্মান নিশ্চিত করা হবে, সংসদেও প্রবাসীদের অংশগ্রহণ থাকবে। আপনাদের অনেকে বাংলাদেশে জন্ম নিয়েছেন, সেখানে বড় হয়েছেন। হয়ত পরিবেশের কারণে দেশে যেতে চান না। আপনাদের দেশে নিয়ে যেতে চাই, সেই পরিবেশ সৃষ্টি করবো। মানবতার মুক্তির লড়াইয়ে আপনাদের সঙ্গে চাই। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা এখন ধ্বংস। শিক্ষাব্যবস্থা এখন দোকানের হাতে। শিক্ষাব্যবস্থা ঠিক করতে আপনাদের প্রয়োজন। আমরা মেধাবী প্রবাসীদের একটি অংশ বাংলাদেশে চাই। আপনারাই হবেন বাংলাদেশে ব্যান্ড অ্যাম্বাসেডর।

ডা. শফিকুর বলেন, যদি আল্লাহর হুকুমে ক্ষমতায় যেতে পারি তাহলে ন্যায় বিচার প্রতিষ্ঠা করবো। আমাদের উপর যত অবিচার করা হয়েছে সেটার কোন প্রতিশোধ নিবো না। প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা.) আমাদের ক্ষমা করতে শিখিয়েছেন। তবে নবী করিম (সা.) ১০ মানবতাবিরোধীকে ক্ষমা করেননি। আমরাও মানবতাবিরোধীদের ক্ষমা করবো না। স্বৈরাচারি সরকার ছাত্রজনতার আন্দোলনে মানুষের ওপর গুলি চালিয়েছিল। প্রায় ১৪০০ মানুষকে হত্যা করা হয়, ৩৪ হাজার মানুষকে আহত করা হয়। যার মধ্যে ৩৫০ জনকে মেরুদণ্ডহীন করে দেওয়া হয়। মানবতার বিরুদ্ধে জঘন্য অপরাধ সংঘটন করা হয়েছে হাজার হাজার ক্যামেরার চোখের সামনে, স্পষ্ট দিবালোকে মানুষের সামনে। এই জঘন্য



ঘটনা যারা ঘটিয়েছেন, যারা মানবতার বিরুদ্ধে ছিল, ন্যায় বিচারের মাধ্যমে তাদের শাস্তি দেয়া হবে। ন্যায় বিচারের স্বার্থে সব অভিযুক্তকে নিজেদের নির্দোষ প্রমাণ করার সুযোগ দেয় হবে। বিচারের যারা দোষী সাব্যস্ত হবে তাদের শাস্তি পেতেই হবে। বাংলাদেশের মাটিতেই মানবতাবিরোধীদের বিচার হবে।

জুলাই আন্দোলন সম্পর্কে তিনি বলেন, জুলাই অভ্যুত্থানে প্রকাশ্যে হাজার হাজার ছাত্র জনতাকে হত্যা করা হয়েছে। অনেকে আহত হয়েছেন। আমরা চেষ্টা করছি যারা আহত পঙ্গু তাদের পাশে দাঁড়ানোর জন্য। কিন্তু এই সংখ্যাটা এত বেশি একটা দলের জন্য বড় কিছু করা বড়ই কঠিন। কিন্তু আমরা তাদের ছেড়ে দেইনি। যেখানেই যার পক্ষ থেকে অনুরোধ এসেছে সম্ভাব্য সর্বোচ্চ মুষ্টিবদ্ধ হাত নিয়ে তাদের কাছে চলে যাওয়ার চেষ্টা করেছি। যে কাজটি সরকারের করার কথা ছিল সেটি আমরা করেছি। শহীদ পরিবার নিয়ে ১২ খণ্ডের স্মরণিকা করেছি।

অন্তর্বর্তী সরকারের উদ্দেশ্যে তিনি বলেন, গত কয়েক বছরে যারা গুম খুন এবং ২০২৪ সালে জুলাই অভ্যুত্থানে প্রকাশ্যে ছাত্র জনতাকে হত্যা করেছে ও যাদেরকে আহত করেছে, এসব অপরাধের সব বিচার না করতে পারলেও দেশের মানুষ কয়েকটি বিচার একই সরকারের সময় দেখতে চায়। যাতে পরবর্তীতে সরকার এসে বাকি বিচারকার্য হাতে চালিয়ে যেতে পারে। জামায়াতে ইসলামীর যুক্তরাষ্ট্রের মুখপাত্র ড.নকিবুর রহমান পরিচালনায় ও আব্দুল আজিজ ভূঁইয়ার সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন ডা. হুমায়ুন চৌধুরী, মুফতি জামালউদ্দিন, মাওলানা আব্দুর রহমান খান, ড. শওকত আলী, ডা. বদরুল ইসলাম, ডা. খালেকুজ্জামান. ডা. জাকির হোসেন, হাফিজ জাবের আহমেদ, আবু আহমেদ নুরুজ্জামানসহ দলটির গুরুত্বপূর্ণ নেতৃবৃন্দ ও প্রবাসী কমিউনিটি নেতৃবৃন্দ। বিপুল সংখ্যক প্রবাসীরাও এ সময় উপস্থিত ছিলেন। এর আগে যুক্তরাষ্ট্রে প্রথমবারের মতো সফরে এসে বাফেলো ও মিশিগানে সংবর্ধিত হয়েছেন জামায়াত আমীর।

## নাগরিকত্ব পরীক্ষা আরো কঠিন হচ্ছে

৬৪ পৃষ্ঠার পর

প্রতিবেদনে বলা হয়েছে, পরীক্ষার পরিবর্তনের ফলে নাগরিকত্ব আবেদন বাতিলের হার প্রায় ২৪ শতাংশ বেড়েছে ট্রাম্প প্রশাসনের প্রথম ছয় মাসের তুলনায় বাইডেন প্রশাসনের শেষ ছয় মাসে।

অলাভজনক সংস্থাটি সতর্ক করে বলেছে, প্রক্রিয়াটি কঠিন করার ফলে আবেদন জমে থাকবে, এবং এতে নাগরিকত্ব প্রক্রিয়ার ব্যাকলগ আরো বাড়বে। বর্তমানে নাগরিকত্ব আবেদন প্রক্রিয়াকরণে গড়ে ৫.২ মাস থেকে বেড়ে ৭.৯ মাস লাগছে, এবং এই বিলম্ব আরো বাড়বে বলে আশঙ্কা করা হচ্ছে।

মেন্ডেজ বলেন, আমরা যখন দেখি নাগরিকত্ব বাতিলের হার ২৪ শতাংশ বেড়েছে, প্রক্রিয়ার সময় দ্বিগুণ হচ্ছে, সরকার বন্ধ থাকার কারণে নাগরিকত্ব অনুষ্ঠানের বাতিল হচ্ছে, আর সারা দেশে অভিবাসী অধিকারকর্মীরা সতর্ক সংকেত দিচ্ছেন তখন বার্তাটি স্পষ্ট। আমরা আমাদের বৈধ অভিবাসন ব্যবস্থার ধ্বংস প্রত্যক্ষ করছি, যা পরিবারগুলিকে ক্ষতিগ্রস্ত করছে, সমাজকে দুর্বল করছে, এবং সেই গণতন্ত্রকেই দুর্বল করছে, যেটি এই পরীক্ষা উদযাপন করার দাবি করে ট্রাম্প প্রশাসনের দ্বিতীয় মেয়াদে অবৈধ অভিবাসনের বিরুদ্ধে ব্যাপক দমননীতি গ্রহণের পাশাপাশি বৈধ অভিবাসনের পথও কঠোর করা হয়েছে নাগরিকত্ব আবেদন খতিয়ে দেখা, জন্মসূত্রে নাগরিকত্ব নিয়ে প্রশ্ন তোলা এবং ভিসা ও নাগরিকত্বের শর্ত কঠোর করা হয়েছে। নাগরিক শিক্ষা পরীক্ষায় মৌখিক অংশের এই পরিবর্তন শুধু শুরু হতে পারে। গত সেপ্টেম্বর মাসে, ইউএসসিআইএস পরিচালক জোসেফ এডলো অ্যাক্সিওস-কে বলেন, আগের পরীক্ষাটি 'অত্যন্ত সহজ' ছিল।তিনি আরো জানান, তিনি একটি রচনাভিত্তিক অংশ যোগ করার কথা ভাবছেন, যেখানে প্রশ্ন থাকবে যেমন 'আমেরিকান হওয়া মানে কী?' বা 'আপনার প্রিয় প্রতিষ্ঠাতা পিতা কে ছিলেন?'গত সপ্তাহে হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ ঘোষণা করেছে, যুক্তরাষ্ট্রে মানবিক কারণে প্রবেশ করা অভিবাসীদের এখন থেকে ১ হাজার ডলারের ফি দিতে হবে।

ডিপার্টমেন্ট জানিয়েছে, এই ফি 'দায়বদ্ধতা বাড়াতে' এবং 'অপব্যবহার রোধে' কার্যকর হবে।এই ফি প্রতিবছর মুদ্রাস্ফীতির সঙ্গে সমন্বয় করা হবে এবং প্যারোল অনুমোদনের আগে এটি পরিশোধ বাধ্যতামূলক, যদিও আইন অনুযায়ী নির্দিষ্ট কিছু ক্ষেত্রে ছাড় দেয়া হবে। ঘোষণার সময় হোমল্যান্ড সিকিউরিটির সহকারী সচিব ট্রিশিয়া ম্যাকলাফলিন বলেন, এই পদক্ষেপ প্রেসিডেন্ট ট্রাম্প ও সেক্রেটারি ক্রিস্টি নোমের বৃহত্তর প্রচেষ্টার অংশ যুক্তরাষ্ট্রের অভিবাসন ব্যবস্থায় 'আইন ও শৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠা' করার জন্য। ম্যাকলাফলিন বলেন, এই নতুন ফি কার্যকর করার মাধ্যমে প্রেসিডেন্ট ট্রাম্প ও সেক্রেটারি নোম নিশ্চিত করছেন যে, যারা এখানে থাকতে চান, তাদেরও কিছু দায়িত্ব নিতে হবে এবং তারা যেন ব্যবস্থার সুযোগ না নেন। এই প্যারোল ফি ঘোষণা আমাদের অভিবাসন ব্যবস্থাকে রক্ষা করার এবং দেশে আইন ও শৃঙ্খলা ফিরিয়ে আনার আরেকটি হাতিয়ার।

# Empire Care Agency

LHCSA Licensed Home Health Care

## PCA / HHA SERVICE



WHY CHOOSE US?

We Pay The Highest Rate

Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

OUR SERVICES

- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping

$23 Per Hour Giver to PCA & HHA Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH



NURUL AZIM
CEO
516-451-3748

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com






# DUO NEST
REAL ESTATE TUTORING CENTER

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

**কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?**

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

**আমাদের সুযোগ ও সুবিধা**

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# রেকর্ড গড়ে বিশ্বকাপ ফাইনালে ভারত

## ক্যাস মিসের মাশুলে বিদায় অস্ট্রেলিয়ার

আজকাল স্পোর্টস







ভারতের সংগ্রহ তখন ২০৬, আর জেমিমা রদ্রিগেজের ব্যক্তিগত সংগ্রহ ৮২। সে সময় অ্যালানা কিংয়ের ডেলিভারিতে আকাশে তুলে দেওয়া বল নাগালে পেয়েও ধরতে ব্যর্থ হন উইকেটরক্ষক অ্যালিসা হিলি। সুযোগ কাজে লাগিয়ে সেঞ্চুরি তুলে নেন স্বাগতিক দলের ব্যাটার। দলীয় ২৮৪ রানে আরও একবার জীবন পান জেমিমা। এবার ক্যাচ মিস করেন ম্যাকগ্রা। এই দুই ক্যাচ মিসের মাশুলে আসর থেকেই ছিটকে যেতে হলো গ্রুপপর্বে অপরাজিত থাকা অস্ট্রেলিয়াকে।

মুম্বাইয়ে বৃহস্পতিবার নারী বিশ্বকাপের সেমিফাইনালে জেমিমার অপরাজিত সেঞ্চুরির ইনিংসে অস্ট্রেলিয়াকে ৫ উইকেটের ব্যবধানে হারিয়ে ফাইনাল নিশ্চিত করলো ভারত। ৩৩৯ রানের লক্ষ্য তাড়া করতে নেমে ৪৮.৩ ওভারে ৫ উইকেট হারিয়ে জয় তুলে নেয় তারা। নারী ক্রিকেটে এটি সর্বোচ্চ রান তাড়া করে জয়ের রেকর্ড।

বড় লক্ষ্যে ব্যাট করতে নেমে শুরুতে অবশ্য চাপে ছিল ভারত। দলীয় ১৩ রানে শেফালি বার্মার পর ৫৯ রানে বিদায় নেন স্মৃতি মান্ধানা। শেফালি ১০ আর স্মৃতি ২৪ রানের ইনিংস খেলে বিদায় নেন। সেখান থেকে বড় জুটি গড়েন জেমিমা ও হারমানপ্রীত কৌর। দুজনেই গড়ে দেন জয়ের ভিত্তি। ৩৬তম ওভারে হারমানপ্রীত আউট হওয়ার আগে জেমিমার সঙ্গে তার জুটি ছিল ১৮৭ রানের। ৮৮ বলে ১০ চার ও ২ ছক্কায় ৮৯ রান করে সাদারল্যান্ডের শিকার হন ভারত অধিনায়ক।

অবশ্য তাদের জুটি যখন ১৬৭ রানে, তখনই জেমিমাকে সাজঘরে পাঠানোর সুযোগ ছিল অস্ট্রেলিয়ার। কিন্তু হাতের নাগালে পেয়েও সুযোগ মিস করেন অজি উইকেটরক্ষক অ্যালিসা হিলি। ৮২ রানে জীবন পাওয়া এ ব্যাটার সুযোগ কাজে লাগিয়ে সেঞ্চুরি তুলে নেন। এ ব্যাটার ব্যক্তিগত ১০৬ রানে আরও একবার জীবন পান। এবার স্ট্রেইটে তার ক্যাস মিস করেন ম্যাকগ্রা। এরপর ৩৮ পৃষ্ঠায়



## হাসপাতালে মাহমুদউল্লাহ

আজকাল স্পোর্টস

গত মার্চে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানিয়েছেন মাহমুদউল্লাহ রিয়াদ। তবে ঘরোয়া ক্রিকেট ছাড়েননি। সর্বশেষ এনসিএল টি-টোয়েন্টিতে ঢাকা মেট্রোর হয়ে দুটি ম্যাচ খেলে ৪৭ রান সংগ্রহ করেন তিনি। তবে ৩৯ বছর বয়সী এই ক্রিকেটার বর্তমানে হাসপাতালে ভর্তি! হঠাৎ এমন কী হয়েছে সাবেক জাতীয় তারকার?
সামাজিক যোগাযোগমাধ্যমে বৃহস্পতিবার বেলা ১১টার পর নিজের এরপর ৪০ পৃষ্ঠায়





## লা লিগায় সর্বোচ্চ আয় এমবাপ্পের

### নতুন চুক্তিতে মেসির বেতন কত

আজকাল স্পোর্টস

নতুন চুক্তির ক্লজ প্রকাশ না করলেও, ইন্টার মায়ামিতে মোটা অঙ্কের অর্থই পাচ্ছেন লিওনেল মেসি। আর্জেন্টাইন বিশ্ব চ্যাম্পিয়ন তারকাই মেজর লিগ সকারের সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া ফুটবলার। এদিকে, লা লিগায় আয়ের হিসেবে শীর্ষে রয়েছেন কিলিয়ান এমবাপ্পে। স্প্যানিশ লিগ তালিকার শীর্ষ ২০ ফুটবলারের ১১ জনই রিয়াল মাদ্রিদের। ক্লাব ফুটবলে টাকার খেলা। বছর, মাস; এমনকি সপ্তাহের হিসাব করলেও দেখা যাবে লাখ লাখ টাকা পকেটে পুরছেন ফুটবলাররা। ইউরোপ ছেড়ে যুক্তরাষ্ট্রে পাড়ি জমালেও ব্যাংক-ব্যালেন্সে কোনো ঘাটতি নেই লিওনেল মেসির। সম্প্রতি ইন্টার মায়ামির সঙ্গে ২০২৮ সাল পর্যন্ত চুক্তির মেয়াদ বাড়িয়েছেন। তবে, আর্জেন্টাইন সুপারস্টারের নতুন চুক্তির ক্লজ গোপন রেখেছে মেজর লিগ সকারের ক্লাবটি। এটুকু জানা গেছে যে, আড়াই বছরের চুক্তিতে দেড়শ মিলিয়ন পাউন্ড পাবেন মেসি। যেটার মধ্যে থাকবে অবসরের পর ক্লাবের ইকুইটি পাবার বিষয়টিও। বাৎসরিক মূল বেতন ১২ মিলিয়ন। এ বছর মোট আয় করবেন ২ কোটি ডলারের বেশি। নির্ধারিত সময় ১ অক্টোবরের পরে হওয়ায় নতুন চুক্তির বিষয়টি নিবন্ধিত হয়নি। এরপর ৪০ পৃষ্ঠায়



## এক ম্যাচ বাকি থাকতেই সিরিজ খোয়ালো বাংলাদেশ

আজকাল স্পোর্টস

আবারও সেই একই ঘটনার পুনরাবৃত্তি, ফের সেই ব্যাটিং ব্যর্থতা: ফের হার। ওয়েস্ট ইন্ডিজের কাছে টানা দুই হারে টি-টোয়েন্টি সিরিজ হাতছাড়া করলো বাংলাদেশ। তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের দ্বিতীয়টিতে আজ আগে ব্যাট করে ১৫০ রানের লক্ষ্য ছুঁড়ে দেয় ওয়েস্ট ইন্ডিজ। জবাব দিতে নেমে বাংলাদেশের ইনিংস থামে ১৩৫ রানে। আর তাতেই টানা দুই ম্যাচ জিতে এক ম্যাচ বাকি থাকতেই সিরিজ নিশ্চিত করে উইন্ডিজ।
ক'দিন আগেই আফগানিস্তানকে টি-টোয়েন্টিতে হোয়াইটওয়াশ করেছে বাংলাদেশ। তার আগে নেদারল্যান্ডস, পাকিস্তান ও শ্রীলঙ্কার বিপক্ষে সিরিজ জিতেছে তারা। টানা চার সিরিজ পর এবার ঘরের মাঠে হারের স্বাদ পেলো লাল-সবুজের দল।
চট্টগ্রামের বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান স্টেডিয়ামে বুধবার (২৯ অক্টোবর) টসে জিতে বাংলাদেশকে আগে ফিল্ডিংয়ে পাঠায় উইন্ডিজ। ইনিংসের দ্বিতীয় ওভারেই ওপেনার ব্র্যান্ডন কিংকে ফিরিয়ে দারুণ কিছুরই আভাস দিয়েছিল টাইগাররা। তবে ঘুরে দাঁড়াতেও সময় নেয়নি সফরকারীরা। আথানেজ-হোপ জুটি থেকেই আসে ১০৫ রান। তবে শেষ দিকে বাংলাদেশের নিয়ন্ত্রিত বোলিংয়ে ১৪৯ রানেই থামে তাদের উইন্ডিজের ইনিংস। এরপর ৩৮ পৃষ্ঠায়

## ভিনিসিয়ুসের নতুন প্রেম, নেইমারের পুরনো ভিডিও নিয়ে তোলপাড়

আজকাল স্পোর্টস





রিয়াল মাদ্রিদ কোচ জাবি আলোনসোর সঙ্গে সম্পর্কের টানাপোড়েন চলছে ব্রাজিল তারকা ভিনিসিয়ুস জুনিয়রের। সর্বশেষ এল ক্লাসিকোয় ২০ মিনিট বাকি থাকতে ভিনিকে তুলে নেন কোচ আলোনসো। এটা মেনে নিতে পারেননি এই ব্রাজিল তারকা। মাঠেই প্রতিক্রিয়া দেখান। আবার এ ঘটনা নিয়ে তিনদিন পর ক্ষমাও প্রার্থনা করেছেন তিনি।
এসব ঘটনার মধ্যেই নতুন খবর ভিনিসিয়ুসকে নিয়ে। নতুন প্রেমে মজেছেন রিয়াল মাদ্রিদের এই তারকা। ব্রাজিলিয়ান ইনফ্লুয়েন্সার ভার্জিনিয়া ফনসেকার সঙ্গে সম্পর্ক প্রকাশ্যে আনার ঘোষণা দিয়েছেন ভিনিসিয়ুস।
দু'জনই নিজেদের সোশ্যাল মিডিয়া প্রোফাইলে একসঙ্গে একটি ঘনিষ্ঠ ছবি শেয়ার করেছেন, যা মুহূর্তের মধ্যেই ভাইরাল হয়ে পড়ে। ছবিতে দেখা যায়, দু'জনের চোখেমুখে ভালোবাসা ও একে অপরের প্রতি আত্মবিশ্বাসের ছাপ। তবে, সামাজিক যোগাযোগমাধ্যমের জগতে পুরনো স্মৃতি সহজে হারিয়ে যায় না। ভিনিসিয়ুস-ভার্জিনিয়ার সম্পর্ক প্রকাশের পরই নতুন করে ভাইরাল হয়েছে একটি পুরনো ভিডিও, যেখানে দেখা যায় ভার্জিনিয়া অন্যদের সঙ্গে এক অনুষ্ঠানে নেইমারের সামনে নাচছেন। ভিডিওটি নতুন করে প্রকাশ পাওয়ার পর অনেকে নানা রকম ধারণা দিতে শুরু করেছেন।
এই জল্পনা আরও বাড়িয়েছে নেইমার ও ভিনিসিয়ুসের ঘনিষ্ঠ বন্ধুত্ব, যা ফুটবল বিশ্বে সুপরিচিত। অনেকেই প্রশ্ন তুলেছেন, ভিডিওটি কি শুধুই এক পুরনো মজার মুহূর্ত, নাকি এর পেছনে ছিল অন্য কোনো গল্প? কেউ কেউ আবার মজা করে বলছেন, এরপর ৪০ পৃষ্ঠায়

## '১০০ বছরে একটা সাকিব পাব কি না, আমরা জানি না'



আজকাল স্পোর্টস

বাংলাদেশের ক্রিকেটের ইতিহাসে সাকিব আল হাসান এক কিংবদন্তির নাম। আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেকের পর থেকে ধারাবাহিক পারফরম্যান্সে নিজেকে অনন্য উচ্চতায় নিয়ে গেছেন সাকিব।
আন্তর্জাতিক ক্রিকেটে একের পর এক রেকর্ড গড়ে লম্বা সময় ধরে টেস্ট, ওয়ানডে এবং টি-টোয়েন্টিতে বিশ্বসেরা অলরাউন্ডারের খেতাব ধরে রাখেন সাকিব। তার ক্রিকেট পারফরম্যান্স নিয়ে প্রশ্ন তোলার কোনো অবকাশ নেই।
ক্রিকেটে পারফরম্যান্সে সাকিব যতটা ভালো, ব্যক্তি সাকিব ততটাই খারাপ। একের পর এক আচরণ ভঙ্গের মতো ঘটনা ঘটিয়ে বিতর্কে জড়ান সাকিব। শুধু তাই নয়, ক্রিকেট থেকে অবসরের আগে আওয়ামী লীগের নৌকা এরপর ৪০ পৃষ্ঠায়

Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven
(has several functions including rottiserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City
CONTACT:
CELL: +1 (347) 294-9697

## গুঞ্জনে মেহজাবীন সঙ্গে নিশো

৪৬ পৃষ্ঠার পর

অভিনেতাদের। অস্বস্তির বিষয় এই যে, একই সিনেমায় এর আগে শোনা যাচ্ছিলো পূজা চেরীর নাম। ফলে চলমান গুঞ্জনের নতুন শাখা, তবে কি পূজা আউট মেহজাবীন ইন?

কোনও গুঞ্জন কিংবা প্রশ্নেরই জবাব মিলছে না সংশ্লিষ্টদের কাছ থেকে। তবে বিশ্বস্ত সূত্র নিশ্চিত করেছেন, মেহজাবীনই হতে যাচ্ছেন রেদওয়ান রনির 'দম'! ১০ বছর পর যে নির্মাতা সিনেমায় ফিরছেন, তার জন্য মেহজাবীন চৌধুরীর মতো অভিনেত্রী জরুরি বটে। বলছেন অনেকেই।

এমনও হতে পারে, মেহজাবীনের কারণে বাদ পড়ছেন পূর্ব নির্ধারিত পূজা চেরী! আর সেই তথ্য যদি মুখ ফসকে বের করেন পূজা, তবে গোলমাল বাঁধবে সিনেমার মঞ্চে। এটিও প্রায় নিশ্চিত।

আর এসবের সমাধান হতে পারে ২৯ অক্টোবর বিকাল নাগাদ, প্রকাশ্যে। রাজধানীর গুলশানে অনুষ্ঠিতব্য 'দম'-এর আনুষ্ঠানিক মহরত। সেখানে সিনেমাটি নিয়ে ওঠা সকল গুঞ্জনের জবাব দিবেন রনি ও তার দল। সঙ্গে মুক্তির পরিকল্পনাও। প্রযোজনা সংস্থা এসভিএফ, আলফা আই এন্টারটেইনমেন্ট ও চরকি যৌথভাবে সিনেমাটি নির্মাণ করছে। এর আগে এই তিন প্রতিষ্ঠান মিলে বানিয়েছে, 'সুড়ঙ্গ', 'দাগি' ও 'তুফান'। এবার যুক্ত হচ্ছে 'দম'।

রেদওয়ান রনি আগেই জানিয়েছেন, "'দম' একজন সাধারণ মানুষের জ্বলে ওঠার গল্প। আমি এমন একটি চরিত্র খুঁজছিলাম, যার ভেতরের শক্তি দর্শককেও নাড়া দেবে। এই সিনেমায় সেই অনুপ্রেরণার গল্প বলবো।"

গত সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে সিনেমাটির শুটিং প্রস্তুতি। বাংলাদেশ ছাড়াও, সৌদি আরব, জর্ডান এবং কাজাখস্তানের নানা লোকেশনে চলছে এর দৃশ্যধারণ।

রেদওয়ান রনির এটি তৃতীয় সিনেমা। প্রথম সিনেমা 'চোরাবালি' (২০১২)-তে তিনি জয় করেছিলেন জাতীয় চলচ্চিত্র পুরস্কার। এরপর নির্মাণ করেন 'আইসক্রিম' (২০১৬)। এবার আসছেন 'দম' (২০২৬) নিয়ে।









## ভক্তদের সঙ্গে আলাপে মজেছেন শাহরুখ

৪৬ পৃষ্ঠার পর

হয়।' আরেক প্রশ্ন, 'কোনও পুরনো চরিত্র আবার নতুনভাবে করতে চাইলে কোনটা করবেন?' শাহরুখ, 'অনেকে তো বলে আমি বছর বছর একই কাজ করি যা হয়। তাই জানি না পারব কিনা। তবে প্রতিটি চরিত্রে আমার একটা অংশ থাকে, তাই সবই প্রিয়।'

ভক্ত, 'এখন জীবনে আপনার অগ্রাধিকার কী?' শাহরুখ, 'বাচ্চাদের সঙ্গে সময় কাটানো সুস্থ ও ফিট থাকা যাতে সবাইকে বিনোদন দিতে পারি। আর আরও ধৈর্যশীল ও ভালোবাসাপূর্ণ হওয়া।' বলা দরকার, ২০১৮ সালে ধাক্কার পর ২০২৩ সালে শাহরুখ খান দাপট নিয়ে ফিরেছেন পর্দায় সুপারহিট 'পাঠান', ব্লকবাস্টার 'জাওয়ান' ও প্রশংসিত 'ডাংকি' নিয়ে। সূত্র: এনডিটিভি

## অনেক কাঠ-খড় পুড়িয়ে এই মঞ্চে এসেছি : পূজা

৪৬ পৃষ্ঠার পর

চৌধুরী। ২৯ অক্টোবর সন্ধ্যায় রাজধানীর গুলশান শুটিং ক্লাবে এই ছবির মহরত অনুষ্ঠান হয়। যাতে অন্যতম চমক হিসেবে পালকি করে হাজির হন পূজা চেরী! কারণ, গুঞ্জন ছিলো 'দম'-এ যুক্ত হচ্ছেন মেহজাবীন চৌধুরী। কিন্তু মহরত অনুষ্ঠানে যার ছায়াও পড়েনি। বলা দরকার, প্রায় ১০ বছর পর নতুন সিনেমা নিয়ে হাজির হতে চলেছেন নির্মাতা রেদওয়ান রনি। তিনি এর আগে নির্মাণ করেছেন 'চোরাবালি' (২০১২) ও 'আইসক্রিম' (২০১৬)।

## আবার একসঙ্গে সালমান খান ও গোবিন্দ

৪৬ পৃষ্ঠার পর

'পার্টনার' ছবিতে সালমান ও গোবিন্দর কেমিস্ট্রি এখনও বলিউড কমেডির অন্যতম সেরা উদাহরণ হিসেবে স্মরণ করা হয়। তাদের স্বাভাবিক টাইমিং, হাস্যকর সংলাপ ও প্রাণবন্ত শক্তি ছবিটিকে ব্লকবাস্টার করে তুলেছিল। ভক্তরা আশা করছেন, এই নতুন প্রকল্পে তারা আবারও সেই জাদু ফিরিয়ে আনবেন। যদিও এখনো কোনো অফিসিয়াল ঘোষণা নেই তবু উত্তেজনা বেড়েই চলেছে দুই তারকার এক হওয়া নিয়ে। সোশ্যাল মিডিয়ায় ভক্তরা পার্টনারের আইকনিক সিন শেয়ার করে তাদের কমেডি জাদুর পুনরাবৃত্তি কামনা করছেন। উভয় অভিনেতার ভবিষ্যৎ কাজের ব্যস্ত সময়সূচি থাকলেও এই পুনর্মিলন সফল হলে সাম্প্রতিক বছরের অন্যতম বড় বলিউড মুহূর্ত হিসেবে স্মরণীয় হয়ে থাকবে।






## ঝামেলার ভয়ে নীরব চঞ্চল চৌধুরী

৪৬ পৃষ্ঠার পর

বলি না।' গত বুধবার 'দম' সিনেমার মহরতে এসে এমন মন্তব্য করেন চঞ্চল। ঘটনাটি ঘটে রাজধানীর একটি ক্লাবে আয়োজিত অনুষ্ঠানে। মজার ছলে হলেও অভিনেতার কথায় ছিল বাস্তবতার আভাস।

মহরতের দিন বেশ নাটকীয়ভাবে হাজির হন ছবির নায়িকা পূজা চেরি। পালকিতে করে নিয়ে আসা হয় তাকে। পালকি থেকে নেমে তিনি হাসতে হাসতে বলেন, 'আমি যখন ভেতরে ছিলাম সবাই দেখলাম খুব কনফিউজড আমাকে নামানোর ব্যাপারে। কেউ তো ভালোবাসেনে না মনে হয়।' এ সময় পূজার কথার জবাবে চঞ্চল হেসে বলেন, 'দেশের যে পরিস্থিতি, আগ বাড়িয়ে কিছু বললে যদি ঝামেলায় পড়তে হয়। তাই চুপ করে আছি।' চঞ্চলের এই সংযমপূর্ণ মন্তব্য দ্রুত ছড়িয়ে পড়ে সামাজিক মাধ্যমে। কেউ বলেন, তিনি মজার ছলে বলেছেন কথাটি। আবার অনেকের মতে, এতে দেশের বর্তমান বাস্তবতার প্রতিফলনই ঘটেছে।

'দম' পরিচালনা করছেন রেদওয়ান রনি। দুই বছর আগে ছবিটির ঘোষণা এলেও এবার আনুষ্ঠানিকভাবে শুরু হলো কাজ। এতে চঞ্চল চৌধুরীর সঙ্গে অভিনয় করছেন আফরান নিশো ও পূজা চেরি।

জানা গেছে, শুধু বাংলাদেশ নয় সৌদি আরব, জর্ডান ও কাজাখস্তানের বিভিন্ন লোকেশনে দৃশ্যধারণ হবে। ছবিটি যৌথভাবে প্রযোজনা করছে এসভিএফ, আলফা আই এন্টারটেইনমেন্ট ও চরকি।

UCS Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR
## ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite#5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)
www.ultracreditsolutions.com

# MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন
* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666



# ডাঃ গোবিন্দ পাল
মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

## Gobinda Paul M.D., F.A.C.P.
Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- বয়সভিত্তিক বিভিন্ন রোগের টিকা দিয়ে ভবিষ্যতে নিরাপদ থাকুন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

GOBINDA PAUL PHYSICIAN P.C.
An Ideal Healthcare Unit for Curative and Preventive Medicine

Visiting Hours: Mon-Fri : 6PM-9PM
Sat or Sun : 9AM-2PM

87-38 168 Pl, Jamaica, NY 11432
P: 718-874-0076, F: 718-841-7499
E-mail : GobindaPaul.PC@outlook.com

# মহিলা দাঁতের ডাক্তার
## NAEEMA BHUIYA, D.D.S
## নাঈমা ভূঁইয়া, ডি.ডি.এস
Program Director, Department of Dentistry, Lincoln Hospital

* রেফারেন্সের প্রয়োজন নেই। সরাসরি চলে আসুন
* আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
* স্বল্প মূল্যে দাঁতের সবধরনের চিকিৎসা করা হয়



87-48, 168 Street, Jamaica, NY 11432
Tel: 718-206-0601, Fax: 718-206-0603

# রুমী ডেন্টাল ল্যাব



কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)
Tel: 718-414-4760

## USR BROKERAGE CORP.

USR BROKERAGE আমরা সব ধরনের ইন্সুরেন্স করে থাকি

★HOME ★BUSINESS ★AUTO ★WORKERS' COMPENSATION

MULTI-CARRIER ACCESS:
ALLOWS US TO COMPARE PRICES
FROM MULTIPLE CARRIERS.



